(২) বিধি ৭ এর উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, সার্টিফিকেট কার্যকর হইবার তারিখ হইতে প্রতি পঞ্জিকা বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে এই বার্ষিক ফি প্রদেয় হইবে।

(৩) এই বিধির অধীন প্রদেয় বার্ষিক ফি প্রদান করিতে কোন মার্চেন্ট ব্যাংকার ব্যর্থ হইলে, কমিশন, লিখিত আদেশ দ্বারা, তাহার সার্টিফিকেট স্থগিত করিতে পারিবে ;

তবে শর্ত থাকে যে, এইরূপ স্থগিতাদেশ প্রদানের পূর্বে কেন স্থগিতাদেশ প্রদান করা হইবে না সেই মর্মে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকারকে কারণ দর্শানোর নোটিশ দিতে হইবে।

মার্চেন্ট ব্যাংকার এর দায়িত্ব

১১। **হিসাব বহি ও রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ**।- (১) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার প্রতিটি হিসাব সময় কালের নিম্নলিখিত হিসাব বহি, রেকর্ড ও দলিলাদি রক্ষণাবেক্ষণ করিবেন, যথা ঃ

(ক) ব্যালান্স সীট;

(খ) লাভ ও লোকসান হিসাব;

(গ) নগদ আদান প্রদানের বিবরণী;

(ঘ) হিসাবের উপর নিরীক্ষকের প্রতিবেদন;

(ঙ) কমিশন কর্তৃক নির্ধারিত হিসাব বিবরণী সম্পর্কিত হিসাব বহি।

(২) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার তাহার হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র কোথায় রক্ষিত হয় সেই সম্পর্কে কমিশনকে অবহিত করিবেন।

(৩) এই বিধির অধীন সংরক্ষণ করা হয় এমন যাবতীয় হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র ১২ (বার) বৎসর সংরক্ষণ করিতে হইবে।

(৪) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার প্রতিটি হিসাব সময়ের শেষে কমিশনের কাছে ব্যালান্সসীট, লাভ ও লোকসান হিসাব, নগদ আদান-প্রদানের বিবরণী এবং কমিশন কর্তৃক নির্ধারিত অন্যান্য প্রতিবেদন কমিশনের চাহিদা অনুযায়ী দাখিল করিতে বাধ্য থাকিবেন।

(৫) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ও পদ্ধতিতে নিম্নোক্ত তথ্যসমূহ কমিশনের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবেন, যথা ঃ-

(১) কমিশন কর্তৃক নির্ধারিত ইস্যু ব্যবস্থাপনায় তাহার দায়িত্ব;

(২) পূর্বে পেশকৃত কোন তথ্যে পরিবর্তন বা পরিবর্ধন, যাহা ইস্যু অনুমোদনের উপর প্রভাব রাখিতে পারে;

(৩) যে কোন কোম্পানীর ইস্যু তিনি ব্যবস্থাপনা করিয়াছেন বা যে সকল কোম্পানীর ইস্যুর সহিত তিনি অন্য কোনভাবে সংশ্লিষ্ট ছিলেন, উহাদের নাম;

(৪) মূলধন পর্যাপ্ততার কোন হের-ফের; এবং

(৫) কোন ইস্যুতে ব্যবস্থাপক অবলেখক, পরামর্শক বা উপদেষ্টা হিসাবে তাহার ভূমিকা।

১২। অনিরীক্ষিত হিসাব বিবরণী ঃ- কমিশন কর্তৃক মার্চেন্ট ব্যাংকারের মূলধন পর্যাপ্ততা তদন্ত করার সুবিধার্থে প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার তাহার অনিরীক্ষিত হিসাব বিবরণী প্রতি ৩ (তিন) মাস অন্তর কমিশনের নিকট দাখিল করিবেন।

১৩। অডিটর রিপোর্টের প্রেক্ষিতে পদক্ষেপের প্রতিবেদন ঃ- প্রচলিত আইন অনুযায়ী মার্চেন্ট ব্যাংকারের হিসাব নিরীক্ষা করাইতে হইবে; এবং নিরীক্ষকের প্রতিবেদন প্রাপ্তির ষাট দিনের মধ্যে প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার প্রতিবেদনে উল্লেখিত ঘাটতি বা দুর্বলতা মোচনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৪। **ইস্যু ব্যবস্থাপনা বিষয়ক তথ্য সরবরাহ ঃ-** ইস্যু ব্যবস্থাপনার সহিত জড়িত মার্চেন্ট ব্যাংকার সংশ্লিষ্ট ইস্যু ব্যবস্থাপনা সম্পর্কিত কমিশন কর্তৃক নির্ধারিত যাবতীয় বিষয়বস্তু, ন্যায্য অধ্যবসায়ী সার্টিফিকেট (due diligence certificate) সহ, কমিশনের নিকট সরবরাহ করিবেন।

১৫। **শেয়ার অর্জনে বিধিনিষেধ ঃ-** কোন মার্চেন্ট ব্যাংকার বা উহার কোন পরিচালক, অংশীদার বা ব্যবস্থাপক বা প্রধান নির্বাহী, যে নামেই অভিহিত হউক না কেন, তাহার পেশাদারী দায়িত্ব পালনকালে মক্কেল বা অন্য কোন সূত্রে প্রাপ্ত কোন সংবিধিবদ্ধ সংস্থার অপ্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের (price sensitive information) ভিত্তিতে, নিজ হিসাবে বা সহযোগী বা আত্মীয়ের দ্বারা কোন শেয়ার অর্জন করিতে বা কোন লেনদেনের সংগে সম্পর্কিত হইতে পারিবে না।

ব্যাখ্যা।- এই বিধিতে "আত্মীয়" অর্থে বাবা, মা, শ্বশুর, শ্বাশুড়ী, স্বামী, স্ত্রী, ভাই, বোন, শ্যালক, শ্যালিকা, জামাতা বা পুত্রবধু অন্তর্ভূক্ত হইবে।

১৫ক। **কর্মকর্তা, ইত্যাদি নিয়োগের ক্ষেত্রে বাধা নিষেধ।-** কোন মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক নিযুক্ত কোন কর্মকর্তা বা কর্মচারী কোন মিউচ্যুয়াল ফান্ড, ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের কর্মকর্তা বা কর্মচারী হইতে পারিবেন না।

পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট, ইত্যাদি

১৬। **সার্টিফিকেট ব্যতিরেকে পোর্টফোলিও ম্যানেজার কাজকরণ নিষিদ্ধ ঃ** এই বিধিমালার অধীন কমিশনের নিকট হইতে পোর্টফোলিও নিবন্ধন সার্টিফিকেট ব্যতিরেকে কোন ব্যক্তি পোর্টফোলিও ম্যানেজার হিসাবে কাজ করিবেন না ;

তবে শর্ত তাকে যে, এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে কোন ব্যক্তি পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট এর জন্য কমিশনের নিকট আবেদন করিয়া থাকিলে, উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি পোর্টফোলিও ম্যানেজার পেশায় নিয়োজিত থাকিতে পারিবেন।

১৭। সার্টিফিকেটের জন্য আবেদন।- (১) পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেটের জন্য ফরম "গ" এ আবেদন করিতে হইবে।

(২) পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আবেদন ফি বাবত কমিশন বরাবরে অফেরতযোগ্য ১০০০ (এক হাজার) টাকা জমা না করিলে কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

(৩) আবেদন ফরম এর চাহিদা অনুযায়ী তথ্যাদি যথাযথভাবে এবং সম্পূর্ণভাবে উল্লেখ বা, ক্ষেত্রমত, সরবরাহ না করিলে বা এই বিধিমালার অন্যান্য শর্ত পুরণ করা না হইলে, আবেদন বাতিলযোগ্য হইবে ;

তবে শর্ত থাকে যে, কোন আবেদন বাতিল করার পূর্বে কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত সময়ের মধ্যে আপত্তিগুলি দূর করার জন্য সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৪) কোন আবেদন নিষ্পত্তির সুবিধার্থে কমিশন আবেদনকারীকে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যের অতিরিক্ত তথ্য বা সরবরাহকৃত কোন তথ্যের ব্যাখ্যা প্রদান করিতে বা আবেদনকারী বা তাহার পক্ষে ব্যক্তিগত বক্তব্য রাখার জন্য আহ্বান করিতে পারিবে।

১৮। **সার্টিফিকেট মঞ্জুরকরনের জন্য কতিপয় বিবেচ্য বিষয় ঃ** পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট মঞ্জুরকরনের জন্য কমিশন, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত বিষয়গুলি তদন্ত ও বিবেচনা করিবে, যথা ঃ

(ক) আবেদনকারীর ব্যবসায়ের স্থান, অফিস, ইত্যাদি;

(খ) পোর্টফোলিও কাজে নিয়োজিত কমিশন কর্তৃক নির্ধারিত লোকবল এবং উক্ত কাজে তাহাদের অভিজ্ঞতা;

(গ) মূলধনের পর্যাপ্ততা;

(ঘ) আবেদনকারী বা তাহার কোন অংশীদারের ঋণ গ্রস্থতা, সিকিউরিটিজ মার্কেটের সাথে সংশ্লিষ্ট কোন মামলায় আবেদনকারী বা তাহার কোন অংশীদারের সংশ্লিষ্টতা, নৈতিক স্খলনজনিত অপরাধে আবেদনকারী বা তাহার কোন অংশীদারের দোষী সাব্যস্ত হওয়া ইত্যাদি।

১৯। **মূলধন পর্যাপ্ততা ঃ-** (১) কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে, সময় সময়, নির্ধারিত মূলধন না থাকিলে, কমিশন কোন ব্যক্তিকে পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট মঞ্জুর করিবে না।

(২) কমিশন প্রজ্ঞাপন দ্বারা উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত মূলধনের পরিমাণ প্রকাশ করিবে।

২০। **পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট এর আবেদন মঞ্জুরকরণ ঃ-** (১) কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট আবেদন বিবেচনা করিয়া কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারীকে সার্টিফিকেট মঞ্জুর করা সমীচীন ও যথাযথ হইবে, তাহা হইলে কমিশন তাহাকে পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেট মঞ্জুরের সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উক্ত রূপ সিদ্ধান্ত আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কমিশনের সিদ্ধান্ত প্রাপ্তির এক মাসের মধ্যে আবেদনকারী পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সার্টিফিকেট ফি বাবত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা এবং সার্টিফিকেটের প্রথম বাৎসরিক ফি বাবত একই পদ্ধতিতে ১০,০০০ (দশ হাজার) টাকা কমিশন বরাবরে জমা করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন নির্ধারিত ফি প্রদান করা হইলে, কমিশন আবেদনকারীকে ফরম "খ" তে পোর্টফোলিও ম্যানেজার একটি সার্টিফিকেট প্রদান করিবে।

২১। **আবেদন না মঞ্জুর করার সিদ্ধান্ত ঃ-** কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত পোর্টফোলিও ম্যানেজার নিবন্ধন সার্টিফিকেটের আবেদন বিবেচনা করিয়া কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারীকে সার্টিফিকেট মঞ্জুর করা সমীচীন ও যথাযথ হইবে না, তাহা হইলে কমিশন তাহার আবেদন মঞ্জুর না করার কারণ লিপিবদ্ধ করিয়া আবেদনকারীকে লিখিতভাবে, উক্ত সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে, জানাইয়া দিবে এবং এই মর্মে তাহাকে অবহিত করিবে যে, যদি আবেদন মঞ্জুর না করার কারণের উপর তাহার কোন বক্তব্য থাকে, তাহা হইলে উক্ত বক্তব্য তিনি লিখিতভাবে, আবেদন না মঞ্জুর সংক্রান্ত সিদ্ধান্ত অবহিত হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে কমিশনকে জানাইবেন, অথবা তিনি ব্যক্তিগতভাবে কমিশন সম্মুখে উপস্থিত হইয়া তাহার বক্তব্য এবং লিখিত বক্তব্যের অতিরিক্ত বক্তব্য পেশ করার ইচ্ছাও কমিশনকে, উক্ত সময়ের মধ্যে, জানাইতে পারেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনকারী কর্তৃক পেশকৃত লিখিত বা মৌখিক বা উভয়বিধ বক্তব্য বিবেচনা করিয়া কমিশন সংশ্লিষ্ট আবেদনের উপর চূড়ান্ত সিদ্ধান্ত দিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন যদি আবেদনকারীর আবেদন মঞ্জুর করেন, সেইক্ষেত্রে বিধি ২০ এর বিধান প্রযোজ্য হইবে এবং যদি উহা না-মঞ্জুর করেন, তাহা হইলে তাহার আবেদন বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২২। **বাতিল আবেদন পুনর্বিবেচনা ঃ-**(১) কমিশন কর্তৃক বিধি ২০ এর অধীন কোন আবেদন বাতিল করা হইলে, বাতিলের সিদ্ধান্ত গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাতিলের কারণসহ আবেদনকারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন বাতিলজনিত পত্র পাইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারী উক্ত সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য কমিশনের নিকট লিখিত আবেদন করিতে পারিবে এবং এইরূপ যে কোন আবেদন কমিশন পুনর্বিবেচনা করিবে।

(৩) এই বিধির অধীন আবেদনকারী কর্তৃক দাখিলকৃত পুনর্বিবেচনার আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশন তদকর্তৃক নির্ধারিত পদ্ধতি ও প্রক্রিয়া অনুসরণ করিয়া উহার উপর চূড়ান্ত সিদ্ধান্ত দিবে এবং আবেদনকারীকে উক্ত সিদ্ধান্ত লিখিতভাবে জানাইবে।

(৪) এই বিধির অধীন পুনর্বিবেচনার পর যদি আবেদন মঞ্জুর করা হয় তাহা হইলে সেক্ষেত্রে বিধি ২০ এর বিধান প্রযোজ্য হইবে।

২৩। **পোর্টফোলিও ম্যানেজারের প্রকৃতি, ইত্যাদির পরিবর্তন** ঃ- এই অধ্যায়ে যাহা কিছুই থাকুক না কেন, কমিশনের লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে কোন পোর্টফোলিও ম্যানেজারের মর্যাদা ও প্রকৃতির কোন পরিবর্তন করা যাইবে না।

২৪। **সার্টিফিকেটের বার্ষিক ফি** ঃ- (১) এই বিধিমালার অধীন মঞ্জুরকৃত প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার এর নিবন্ধন সার্টিফিকেটের বার্ষিক ফি ১০,০০০ (দশ হাজার) টাকা হইবে যাহা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফ্ট এর মাধ্যমে কমিশন বরাবরে জমা করিতে হইবে।

(২) বিধি ৭ এর উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে, সার্টিফিকেট কার্যকর হইবার তারিখ হইতে প্রতি পঞ্জিকা বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে এই বার্ষিক ফি প্রদেয় হইবে।

(৩) এই বিধির অধীন প্রদেয় বার্ষিক ফি প্রদান করিতে কোন মার্চেন্ট ব্যাংকার ব্যর্থ হইলে, কমিশন, লিখিত আদেশ দ্বারা, তাহার সার্টিফিকেট স্থগিত করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ স্থগিতাদেশ প্রদানের পূর্বে কেন স্থগিতাদেশ প্রদান করা হইবে না সেই মর্মে পোর্টফোলিও ম্যানেজারকে কারণ দর্শানোর নোটিশ দিতে হইবে।

(৪) প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার প্রতিটি হিসাব সময়ের শেষে কমিশনের কাছে ব্যালেন্স সীট, লাভ ও লোকসান হিসাব, নগদ আদান-প্রদানের বিবরণী এবং কমিশন কর্তৃক নির্ধারিত অন্যান্য প্রতিবেদন, কমিশনের চাহিদা অনুযায়ী, দাখিল করিবেন।

(৫) প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ও পদ্ধতিতে, নিম্নোক্ত তথ্যসমূহ কমিশনের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবেন, যথা ঃ

(ক) পোর্টফোলিও ব্যবস্থাপনার বিশদ বিবরণ;

(খ) পূর্বে পেশকৃত কোন তথ্যে পরিবর্তন বা পরিবর্ধন, যাহা মঞ্জুরীকৃত সার্টিফিকেটের উপর প্রভাব রাখিতে পারে;

(গ) যে সব মক্কেলের পোর্টফোলিও পরিচালনা করিয়াছেন তাহাদের নাম ও ঠিকানা;

(ঘ) মূলধন পর্যাপ্ততার কোন হের-ফের।

২৫। **অনিরীক্ষিত হিসাব বিবরণী** ঃ- কমিশন কর্তৃক পোর্টফোলিও ম্যানেজারের মূলধন পর্যাপ্ততা তদন্ত করার সুবিধার্থে প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার তাহার অনিরীক্ষিত হিসাব বিবরণী প্রতি ৩ (তিন) মাস অন্তর কমিশনের নিকট দাখিল করিবেন।

২৬। **হিসাব এবং নিরীক্ষাঃ**-(১) পোর্টফোলিও ম্যানেজার তাহার প্রত্যেক মক্কেলের হিসাব, পৃথকভাবে রক্ষণ করিবেন এবং মক্কেলের আয় ও আয়কর কর্তনসহ সকল খরচাদির হিসাব উক্ত হিসাবে যথাযথভাবে প্রদর্শন করিবেন।

(২) পোর্টফোলিও ম্যানেজার তাহার কমিশন কর্তৃক নির্ধারিত যাবতীয় হিসাব বহি চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট দ্বারা নিরীক্ষা করাইবেন, যাহাতে নির্ণীত হয় যে, পোর্টফোলিও ম্যানেজার যথাযথ হিসাব পদ্ধতি অনুসরণ করেন এবং বিধি মোতাবেক তাহার দায়িত্ব পালন করিয়াছেন। উক্তরুপ নিরীক্ষা প্রতিবেদন পোর্টফোলিও ম্যানেজারে হিসাব সমাপ্তির ছয় মাসের মধ্যে কমিশনের নিকট দাখিল করিতে হইবে ।

২৭। **নিরীক্ষকের প্রতিবেদনের প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপের প্রতিবেদন** ঃ- নিরীক্ষকের প্রতিবেদন প্রাপ্তির ষাট দিনের মধ্যে প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার প্রতিবেদনে উল্লেখিত ঘাটতি বা দূর্বলতা মোচনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

পোর্টফোলিও ম্যানেজারের দায়িত্ব

২৮। **হিসাব বহি ও রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ ঃ-** প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার প্রতিটি হিসাব সময় কালের জন্য নিম্নলিখিত হিসাব বহি, রেকর্ড ও দলিলাদি রক্ষণাবেক্ষণ করিবেন, যথা ঃ

(ক) ব্যালান্স সীট;

(খ) লাভ ও লোকসান হিসাব;

(গ) নগদ আদান-প্রদানের বিবরণী;

(ঘ) হিসাবের উপর নিরীক্ষকের প্রতিবেদন;

(ঙ) কমিশন কর্তৃক নির্ধারিত হিসাব বিবরণী সম্পর্কিত হিসাব বহি।

(২) প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার তাহার হিসাব বহি, রেকর্ড ও দলির পত্র কোথায় রক্ষিত হয় সেই সম্পর্কে কমিশনকে অবহিত করিবেন ।

(৩) এই বিধির অধীন সংরক্ষণ করা হয় এমন যাবতীয় হিসাব বহি, রেকর্ডও দলিল পত্র ১২ (বার) বৎসর সংরক্ষণ করিতে হইবে।

২৯। **মক্কেলের সাথে চুক্তি ঃ-** পোর্টফোলিও ব্যবস্থাপনার দায়িত্ব নেওয়ার পূর্বে প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের সহিত একটি চুক্তি সম্পাদন করিবেন এবং উহাতে, অন্যান্য বিষয়ের মধ্যে, নিম্নোক্ত বিষয়সমূহসহ, তাহাদের পারস্পরিক অধিকার, দায়িত্ব ও ভূমিকার উল্লেখ থাকিবে, যথা ঃ

(ক) বিনিয়োগের উদ্দেশ্যে ও প্রদানযোগ্য সেবা;

(খ) বিনিয়োগ ক্ষেত্র;

(গ) কোন বিশেষ কোম্পানী বা ইন্ডাস্ট্রিতে বিনিয়োগে মক্কেলের আপত্তি , যদি থাকে;

(ঘ) পোর্টফোলিও ব্যবস্থাপনায় ঝুঁকি;

(ঙ) চুক্তির মেয়াদ এবং মেয়াদপুর্তির পূর্বে চুক্তি বাতিল করার বিষয়;

(চ) বিনিয়োগযোগ্য অর্থ;

(ছ) মক্কেলের হিসাব নিস্পত্তি করার নিয়ম;

(জ) পোর্টফোলিও ম্যানেজারকে প্রদেয় ফি;

(ঝ) সিকিউরিটিজের হেফাজত।

(২) পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের তহবিল কোন তফসিলি ব্যাংকে পৃথক হিসাবে রাখিয়া নিজে উহা পরিচালনা করিবেন।

(৩) পোর্টফোলিও ব্যবস্থাপনার জন্য পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের নিকট হইতে শর্তহীনভাবে ফি পাওয়ার অধিকারী হইবেন এবং তিনি বিনিয়োগের লভ্যাংশের উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কিছু দাবী করিতে পারিবেন না ।

৩০। **মক্কেলের অর্থ বিনিয়োগ ঃ-** (১) পোর্টফোলিও ম্যানেজার কোন মক্কেলের নিকট হইতে এক বৎসরের কম সময়ের জন্য অর্থ বা সিকিউরিটিজ গ্রহণ করিবেন না ।

(২) উপ-বিধি (১) এর অধীন বিনিয়োগের সময় উত্তীর্ণ হওয়ার পরও কোন অবস্থায় পোর্টফোলিও ম্যানেজার এক বৎসর কম সময়ের জন্য মক্কেলের অর্থ বা সিকিউরিটিজ বিনিয়োগের জন্য গ্রহণ করিবেন না।

(৩) এতদুদ্দেশ্যে সম্পাদিত চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন মক্কেল সংশ্লিষ্ট মেয়াদ পূর্ণ হইবার পূর্বে নিজ দায়িত্বে নিম্নোক্ত অবস্থায় পোর্টফোলিও তহবিল প্রত্যাহার করিতে বা ফেরৎ নিতে পারেন, যথা ঃ

(ক) সংশ্লিষ্ট পোর্টফোলিও ম্যানেজার পোর্টফোলিও ম্যানেজারের কাজ হইতে অব্যাহতি নিলে ;

(খ) কমিশন কর্তৃক পোর্টফোলিও ম্যানেজারের সার্টিফিকেট স্থগিত বা বাতিল করা হইলে ;

(গ) পোর্টফোলিও ম্যানেজার দেউলিয়া, এবং কোম্পানীর ক্ষেত্রে, উহার অবসায়ন হইলে;

(ঘ) পোর্টফোলিও ম্যানেজারের স্থায়ী অপারগতার কোন কিছু ঘটিলে ।

(৪) পোর্টফোলিও ম্যানেজার তাহার মক্কেলের অর্থ অর্থ-বাজারে অথবা চুক্তির শর্ত অনুযায়ী বিনিয়োগ করিতে বাধ্য থাকিবেন।

ব্যাখ্যা- এই উপ-বিধির জন্য অর্থ-বাজার বলিতে বাণিজ্যিক পত্র, ট্রেড বিল, ট্রেজারী বিল, ডিপোজিট সার্টিফিকেট এবং কমিশন কর্তৃক সময় সময় নির্ধারিত অন্যান্য অর্থ দলিল সম্পর্কিত বাজারকে বুঝাইবে।

(৫) পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের অর্থ বিনিয়োগের সময় ফটকাবাজারী (speculative) লেনদেন করিবেন না।

(৬) পোর্টফোলিও ম্যানেজার সাধারণভাবে প্রত্যেক মক্কেলের জন্য পৃথকভাবে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় করিবেন এবং যেক্ষেত্রে সমষ্টিগতভাবে সিকিউরিটিজ ক্রয় বা বিক্রয় করা হয়, সেক্ষেত্রে গড়পড়তা মূল্যে আনুপাতিকভাবে উহার বন্টন করা হইবে।

(৭) পোর্টফোলিও ম্যানেজারের নিজস্ব হিসাব ও মক্কেলের হিসাব অথবা দুইজন মক্কেলের হিসাবসহ ক্রয় বা বিক্রয়ের যে কোন হিসাবের লেনদেন চলতি বাজারমূল্যে হইবে।

(৮) পোর্টফোলিও ম্যানেজার প্রত্যেক মক্কেলের তহবিল এবং সিকিউরিটিজ পৃথক পৃথক রাখিবেন এবং উহা তাহার নিজের তহবিল ও সিকিউরিটিজ হইতে পৃথক রাখিবেন এবং তিনি মক্কেলের অর্থ ও সিকিউরিটিজ-এর রক্ষক হিসাবে কাজ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি এই মর্মে চুক্তি পত্রে উল্লেখ থাকে যে, পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের সিকিউরিটিজ তাহার নিজের হিসাবে রাখিতে পারেন, তাহা হইলে পোর্টফোলিও ম্যানেজার মক্কেলকে তদনুযায়ী অবহিত করিয়া অনুরূপ ব্যবস্থা নিতে পারেন।

৩১। মক্কেলের নিকট প্রদেয় প্রতিবেদন।- (১) পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের নিকট সাময়িক, কিন্তু অনধিক ছয় মাস অন্তর, প্রতিবেদন সরবরাহ করিবেন, যাহাতে নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত তথ্যাবলী থাকিবে, যথাঃ-

(ক) পোর্টফোলিওর গঠন ও মূল্য, পোর্টফোলিওতে বিদ্যমান সিকিউরিটিজের বর্ণনা, সংখ্যা, প্রতি সিকিউরিটিজের মূল্য এবং প্রতিবেদন দাখিলের তারিখে পোর্টফোলিওর নগদ উদ্বৃত্ত ও সমষ্টির মূল্য;

(খ) লেনদেনের তারিখ, বিক্রয় ও ক্রয়ের বর্ণনাসহ প্রতিবেদনাধীন সময়কালের লেনদেন;

(গ) সুদ, লভ্যাংশ, বোনাস, শেয়ার এবং ডিবেঞ্চারসহ ঐ সময়ের মধ্যে প্রাপ্ত আর্থিক সুবিধা;

(ঘ) মক্কেলের পোর্টফোলিও পরিচালনার খরচাদি;

(ঙ) পোর্টফোলিও ম্যানেজার এর মতে সম্ভাব্য ঝুঁকির বিবরণ এবং সিকিউরিটিজ বিনিয়োগে বা বিনিয়োগ প্রত্যাহারে তাহার সুপারিশকৃত ঝুঁকির বর্ণনা।

(২) পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের কাছে কেবলমাত্র পোর্টফোলিও পরিচালনার সাথে সংশ্লিষ্ট দলিলপত্র ও তথ্য সরবরাহ করিবেন।

(৩) চুক্তি বাতিলের পর পোর্টফোলিও ম্যানেজার মক্কেলের নিকট হিসাবের একটি বিস্তারিত প্রতিবেদন পাঠাইবেন এবং চুক্তির শর্ত মোতাবেক মক্কেলের হিসাব মিটাইবেন।

(৪) পোর্টফোলিও ম্যানেজার ও মক্কেলের মধ্যে কোন বিরোধ সৃষ্টি হইলে, মক্কেল পোর্টফোলিও ম্যানেজারের নিকট হইতে মক্কেলের হিসাবের বিস্তারিত বিবরণ জানার অধিকার সংরক্ষণ করিবেন।

পরিদর্শন, ইত্যাদি

৩২। **পরিদর্শন, ইত্যাদি ঃ-** (১) মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজারের হিসাব বহি, রেকর্ড ও দলিল পত্র পরিদর্শনের জন্য কমিশন যে কোন ব্যক্তিকে পরিদর্শক হিসাবে নিয়োগ করিতে পারিবে।

(২) কোন মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার আইন ও এই বিধিমালার অধীন তাহার দায়িত্ব ও কার্যাবলী সঠিকভাবে পালন করিতেছেন কিনা এবং এতদুদ্দেশ্যে তাহার হিসাব বহি, রেকর্ড ও দলিল পত্র যথাযথভাবে সংরক্ষণ করিতেছেন কিনা তাহা পরিদর্শন করা হইবে। এই বিধির অধীন নিযুক্ত পরিদর্শকের দায়িত্ব এবং ইহার অতিরিক্ত তিনি নিম্নবর্ণিত বিষয়ে তদন্ত করিবেন, যথা ঃ

(ক) মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের বিরুদ্ধে বিনিয়োগকারীর অভিযোগ;

(খ) কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার এর বিরুদ্ধে অন্য কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার বা স্বার্থ রহিয়াছে এমন অন্য কোন ব্যক্তির অভিযোগ;

(গ) সিকিউরিটিজ ব্যবসা ও বিনিয়োগকারীদের স্বার্থে মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজারের দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কিত যাবতীয় বিষয়।

(৩) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে পরিদর্শনের উদ্দেশ্যে পরিদর্শক অন্যূন ৩ (তিন) দিন অথবা কমিশন কর্তৃক অনুমোদিত হইলে তদপেক্ষা কম সময়ের নোটিশ প্রদানপূর্বক পরিদর্শনের বিষয়বস্তু সম্পর্কে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারকে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন নোটিশ প্রাপ্ত হইলে সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার পরিদর্শকের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট হিসাব বহি, রেকর্ড, দলিলপত্র এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি তাহাকে সরবরাহ করিতে এবং পরিদর্শন কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে তাহাকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

(৫) পরিদর্শনের ভিত্তিতে পরিদর্শক কমিশনের নিকট রিপোর্ট দাখিল করিবেন এবং পরিদর্শন শুরু হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত রিপোর্ট দাখিল করিতে হইবে।

(৬) কমিশন পরিদর্শন রিপোর্ট প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তাহা বিবেচনা করিবে এবং কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার দোষী সাব্যস্ত হইলে তাহার সার্টিফিকেট বাতিল বা স্থগিত করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারকে কারণ দর্শাইবার যুক্তিসংগত সুযোগ না দিয়া তাহার সার্টিফিকেট বাতিল বা স্থগিত করা যাইবে না।

(৭) উপ-বিধি (৬) এ যাহা কিছুই থাকুন না কেন, পরিদর্শকের রিপোর্ট বিবেচনায় অভিযুক্ত যে কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারকে কমিশন আইন ও এই বিধিমালার বিধান পালনকল্পে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিতে পারিবে।

সার্টিফিকেট বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি

৩৩। সার্টিফিকেট বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি।- (১) নিম্নবর্ণিত কারণে কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার এর সার্টিফিকেট কমিশন বাতিল করিতে বা স্থগিত ঘোষণা করিতে পারিবে, যথাঃ-

(ক) আইন বা এই বিধিমালার কোন বিধান বা সার্টিফিকেটের কোন শর্ত ভংগকরণ;

(খ) কমিশনের প্রয়োজন বা চাহিদা মোতাবেক বা কমিশন কর্তৃক নির্ধারিত কোন তথ্য বা প্রতিবেদন সরবরাহ না করা বা সরবরাহে অকারণে বিলম্ব করা;

(গ) কমিশনের নিকট ভ্রান্ত বা মিথ্যা তথ্য সরবরাহ করা;

(ঘ) এই বিধিমালার অধীন নিযুক্ত পরিদর্শকের তদন্তে প্রয়োজনীয় সহযোগিতা না করা;

(ঙ) এই বিধিমালা দ্বারা নির্ধারিত ফি কমিশন কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধ না করা;

(চ) এই বিধিমালার অধীন আচরণ বিধি মান্য না করা;

(ছ) মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক স্বীয় দায়িত্ব পালন না করা;

(জ) কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার বিনিয়োগকারীদের স্বার্থের পরিপন্থী কাজ করেন;

(ঝ) নৈতিক স্খলনজনিত দোষে বা অন্য কোন অপরাধে কোন আদালত কর্তৃক শাস্তি প্রাপ্ত হন;

(ঞ) এই বিধিমালায় উল্লেখিত অন্যান্য কারণে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুন না কেন, সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের বিরুদ্ধে গৃহীতব্য ব্যবস্থার উপর লিখিতভাবে বক্তব্য পেশ করার সুযোগ না দিয়া এবং তাহার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের উপর বিশেষ তদন্ত না করাইয়া, সার্টিফিকেট বাতিল বা স্থগিত করা যাইবে না এবং এতদুদ্দেশ্যে অন্ততঃ ১৫ (পনের) দিনের সময় দিয়া তাহাকে বক্তব্য পেশ করার সুযোগ দিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক যথাসময় তাহার বক্তব্য উপস্থাপন করা হইলে, কমিশন উহা এবং উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত তদন্ত রিপোর্ট বিবেচনা করিবে এবং অভিযুক্ত মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া প্রস্তাবিত বাতিল বা স্থগিত আদেশ সর্ম্পকে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে জানাইয়া দিবে।

৩৪। পুনর্বিবেচনা ঃ- (১) বিধি ৩৩ এর অধীন বাতিল বা স্থগিত আদেশের দ্বারা কোন মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার সংক্ষুব্ধ হইলে, তিনি আদেশের অনুলিপি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে কমিশনের নিকট পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন কমিশন বিবেচনা করিবে এবং উহার উপর কমিশনের সিদ্ধান্ত চুড়ান্ত হইবে।

আচরণ বিধি

৩৫। আচরণ বিধি।- (১) প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার-

(ক) তাহার দায়িত্ব পালনকালে সততা ও নিষ্ঠার পরিচয় প্রদান করিবেন;

(খ) শ্রম, যত্ন ও স্বাধীন পেশাগত বিচার বিশ্লেষণ দ্বারা সংশ্লিষ্ট সকলকে সেবা ও পরামর্শ প্রদান করিবেন;

(গ) অন্য কোন মার্চেন্ট ব্যাংকারের স্বার্থের পরিপন্থী বা তাহার দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি করিতে পারে এমন কোন বক্তব্য প্রদান বা প্রতিযোগিতায় লিপ্ত হইবেন না;

(ঘ) তাহার মক্কেলের কাছে নিজের যোগ্যতা, দক্ষতা ও সাফল্য সম্পর্কে অতিরঞ্জিত তথ্য পরিবেশন করিবেন না;

(ঙ) তাহার মক্কেলের কোন তথ্য কাহারো নিকট প্রকাশ করিবেন না;

(চ) মক্কেলের সিকিউরিটি সম্পর্কিত যাবতীয় বিষয় গোপন রাখিবেন;

(ছ) বিনিয়োগকারীকে কমিশন কর্তৃক নির্ধারিত প্রকৃত ও পর্যাপ্ত তথ্য সরবরাহ করিবেন এবং বিনিয়োগের সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে অবহিত করিবেন;

(জ) বিনিয়োগকারীর নিকট সংশ্লিষ্ট প্রসপেকটাস, মেমোরেন্ডাম এবং আনুষংগিক ও প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ নিশ্চিত করিবেন;

(ঝ) বিনিয়োগকারীর যথাযথ বরাদ্দ প্রাপ্তির এবং অতিরিক্ত আবেদনকৃত টাকা ফেরৎ প্রদান নিশ্চিত করিবেন;

(ঞ) বিনিয়োগকারীদের যে কোন অভিযোগ সঠিকভাবে তদন্ত করিবেন।

(২) প্রত্যেক পোর্টফোলিও ম্যানেজার-

(ক) বিশ্বস্ততার সাথে মক্কেলের অর্থ পরিচালনা করিবেন;

(খ) মক্কেলের দেওয়া সীমাবদ্ধতার মধ্যে সিকিউরিটিজ লেনদেন করিবেন;

(গ) মক্কেলের অর্থ বা সিকিউরিটিজ হইতে কোন সুবিধা গ্রহণ করিবেন না;

(ঘ) বিনিয়োগের উদ্দেশ্যে মক্কেলের নিকট হইতে প্রাপ্ত অর্থ যতশীঘ্র সম্ভব বিনিয়োগ ব্যবস্থা করিবেন এবং মক্কেলের পাওনা অর্থ যথাসময়ে পরিশোধ করিবেন;

(ঙ) শ্রম, যত্ন ও স্বাধীন পেশাগত বিচার দ্বারা সকলকে নিরপেক্ষভাবে সেবা ও পরামর্শ প্রদান করিবেন;

(চ) অন্য কোন পোর্টফোলিও ম্যানেজারের স্বার্থের পরিপন্থী বা তাহার দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি করিতে পারে এমন কোন বক্তব্য প্রদান বা প্রতিযোগিতায় লিপ্ত হইবে না।

(ছ) তাহার মক্কেলের কাছে নিজের যোগ্যতা, দক্ষতা ও সাফল্য সম্পর্কে অতিরিক্ত তথ্য পরিবেশন করিবেন না;

(জ) তাহার মক্কেলের কোন তথ্য কাহারো নিকট প্রকাশ করিবেন না;

(ঝ) কোন চুক্তিতে উপনীত হওয়ার সময় মক্কেলের নিকট হইতে লিখিত বিবরণ নিবেন, যাহাতে বিভিন্ন যৌথ মূলধনী কোম্পানীর সহিত তাহার সংশ্লিষ্টতার উল্লেখ থাকিবে।

(ঞ) মক্কেলের সিকিউরিটিজ সম্পর্কিত যাবতীয় বিষয় গোপন রাখিবেন এবং কোথাও প্রকাশ করিবেন না;

(ট) মক্কেলকে কমিশন কর্তৃক নির্ধারিত প্রকৃত ও পর্যাপ্ত তথ্য সরবরাহ করিবেন এবং বিনিয়োগের সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে অবহিত করিবেন;

(ঠ) মক্কেলের স্বার্থে সিকিউরিটিজ হস্তান্তর নিবন্ধীকরণের উদ্যোগ গ্রহণ করিবেন, লভ্যাংশ ও সুদ দাবী ও গ্রহণ এবং অন্যান্য অধিকার প্রয়োগ করিবেন;

(ড) মক্কেলের ইচ্ছানুযায়ী সিকিউরিটিজ পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করিবেন;

(ঢ) সিকিউরিটিজের মিথ্যা বাজার সৃষ্টি করনে সহযোগিতা করিবেন না;

(ণ) দর কারচুপি বা সিকিউরিটিজের ক্ষেত্রে অপ-কৌশল প্রয়োগ করিবেন না;

(ত) স্টক ব্রোকার, স্টক ডিলার বা পুঁজিবাজারের অন্য কোন মধ্য ব্যক্তিকে মূল্য সংক্রান্ত সংবেদনশীল তথ্য সরবরাহ করিবেন না;

(থ) মক্কেলের যথাযথ বরাদ্দ প্রাপ্তি এবং অতিরিক্ত আবেদনকৃত টাকা ফেরৎ প্রদান নিশ্চিত করিবেন;

(দ) মক্কেলের যে কোন অভিযোগ সঠিকভাবে তদন্ত করিবেন;

(ধ) মক্কেলের নিকট হইতে কোন অভিযোগ হইলে উহা প্রাপ্তির এক মাসের মধ্যে প্রতিকারের ব্যবস্থা করিবেন।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত আচরণ পালন ও মান্যকরণ ছাড়াও প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার ও ক্ষেত্রমত, পোর্টফোলিও ম্যানেজার কমিশন কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্যান্য আচরণ বিধি মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

ফরম 'ক'

মার্চেন্ট ব্যাংকার সার্টিফিকেট এর আবেদন

(বিধি ৪ দ্রষ্টব্য)

১। আবেদনকারীর নাম.....

২। যোগাযোগের জন্য সংশ্লিষ্ট ব্যক্তির নাম.....
টেলিফোন নং ..... ফ্যাক্স নং .....

৩। আবেদনকারীর বিবরণ

(ক) ব্যবসায়ের প্রধান স্থান/কোম্পানীর নিবন্ধীকৃত অফিস.....
.....
পোষ্টাল কোড..... টেলিফোন নং .....
টেলেক্স নং ..... ফ্যাক্স নং.....

(খ) যোগাযোগের ঠিকানাঃ
পোষ্টাল কোড..... টেলিফোন নং .....
টেলেক্স নং ..... ফ্যাক্স নং.....

(গ) শাখা অফিসের ঠিকানা ঃ .....
.....

৪। সাংগঠনিক কাঠামো (ক) মার্চেন্ট ব্যাংকারের কাজ ও দায়িত্ব
(চার্ট সংযুক্ত করিতে হইবে)

(খ) উদ্দেশ্য

মেমোরেন্ডাম ও আর্টিকেল অব এ্যাসোসিয়েশন এর কপি সংযুক্ত করিতে হইবে

(গ) প্রতিষ্ঠান নিবন্ধীকরণের স্থান ও তারিখ ঃ

দিন	মাস	বৎসর	স্থান

(ঘ) আবেদনকারীর আইনগতঃ অবস্থান (Status)

লিমিটেড কোম্পানী ..... প্রাইভেট/পাবলিক, আনলিমিটেড কোম্পানী, অংশীদারী কারবার, ব্যক্তিমালিকানাধীন কারবার এবং অন্যান্য। যদি তালিকাভুক্ত হয় তাহা হইলে যে স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সে স্টক এক্সচেঞ্জের নাম এবং সর্বশেষ শেয়ার দর উল্লেখ করিতে হইবে।

(ঙ) পরিচালক/অংশীদার/মালিকদের বিবরণঃ

নাম	যোগ্যতা	মার্চেন্ট ব্যাংকিং ও আর্থিক সেবা বিষয়ে কাজের অভিজ্ঞতা	আবেদনকৃত ফার্ম/কোম্পানীতে তাহার শেয়ার	অন্যান্য কোম্পানীতে পরিচালক

(চ) প্রধান ব্যবস্থাপকের বিবরণঃ

নাম	যোগ্যতা	মার্চেন্ট ব্যাংকিংয়ে অভিজ্ঞতা	নিয়োগের তারিখ	পরিধি

(ছ) সহযোগী সংস্থার নাম ও কার্যাবলী ঃ

কোম্পানী/ফার্মের নাম	ঠিকানা	কাজের ধরন	উদ্যোক্তা ও পরিচালকদের স্বার্থের ধরন	আবেদনকারী কোম্পানীর স্বার্থের ধরন

৫। ব্যবসা বিষয়ক তথ্য ঃ

(ক) ইতিহাস, প্রধান ঘটনা এবং বর্তমান কর্মকান্ডঃ

(খ) মার্চেন্ট ব্যাংকিং কর্মকান্ড অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ ঃ

(গ) অন্যান্য আর্থিক সেবা অভিজ্ঞতার বিবরণঃ

(ঘ) গত তিন বৎসরে পরিচালিত কর্মকান্ডঃ

৬। ইস্যু ব্যবস্থাপনা অভিজ্ঞতা ঃ

মক্কেলের নাম	ইস্যুর ধরন	ইস্যুর আকার	ইস্যুর বৎসর	কতগুণ সাবসক্রাইবড হইয়াছে	প্রধান মার্চেন্ট ব্যাঙ্কারের নাম	ব্যবহারিক দায়-দায়িত্ব

৭। বিনিয়োগ উপদেষ্টা হিসাবে অভিজ্ঞতা ঃ

মক্কেলের নাম	সময়কাল	প্রদত্ত সেবার ধরন

৮। অবলিখন (আন্ডাররাইটিং) এর অভিজ্ঞতা ঃ

মক্কেলের নাম	ইস্যুর বৎসর	ইস্যুর ধরন ও আকার	অবলিখিত টাকার পরিমান	অবলিখনের শতকরা হার	অবলিখনের অর্জিত অভিজ্ঞতা

৯। পোর্টফোলিও ব্যবস্থাপনা অভিজ্ঞতা ঃ

স্কীমের নাম	স্কীমের বৈশিষ্ট্য	মক্কেলের সংখ্যা	মোট ব্যবস্থাপনাকৃত ফান্ডের পরিমান	গড়পড়তা মুনাফা

১০। করপোরেট/উপদেষ্টা হিসাবে অভিজ্ঞতা ঃ

মক্কেলের নাম	ইস্যুর বৎসর	ইস্যুর ধরন ও আকার	প্রদত্ত সেবার ধরন	প্রধান মার্চেন্ট ব্যাংকারের নাম

১১। অন্যান্য সিকিউরিটিজ ব্যবসা সম্পর্কিত অভিজ্ঞতা ঃ

ব্যবসার ধরন	প্রদত্ত সেবার সময়কাল	প্রদত্ত সেবার ধরন

১২। মক্কেল বিষয়ক তথ্য ঃ

প্রধান মক্কেলের নাম ও ঠিকানা

নাম	প্রদত্ত সেবার ধরণ

১৩। যদি আবেদনকারী প্রথমবারের মত মার্চেন্ট ব্যাংকিং ব্যবসায়ে জড়িত হইতে চায়, তাহা হইলে মূল ব্যবস্থাপনা কর্মকর্তাদের অভিজ্ঞতা উল্লেখ করিতে হইবে ঃ

মূল ব্যবস্থাপনা কর্মকর্তাদের নাম	শিক্ষাগত যোগ্যতা	প্রাক্তন পদ	মার্চেন্ট ব্যাংকিং ব্যবসায়ে পূর্ব অভিজ্ঞতা

১৪। যদি আবেদনকারী প্রথমবারের মত মার্চেন্ট ব্যাংকিং ব্যবসায়ে জড়িত হইতে চায়, তাহা হইলে কোম্পানীর ব্যবসার পরিকল্পনা, পরিকল্পিত ব্যবসার বিবরণ এবং আয়ের উল্লেখ করিতে হইবেঃ

১৫। ভৌত সুবিধাদি যেমন কম্পিউটার, ইকুইটি গবেষণা ও ডাটাবেস যাহা আবেদনকারীর কাছে আছে তাহার উল্লেখ করিতে হইবেঃ

১৬। আবেদনকারীর প্রদত্ত সেবার সাথে সম্পর্কিত অন্যান্য আনুষংগিক তথ্য।

১৭। আর্থিক তথ্য

১৮। মূলধন কাঠামো

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসর
(ক)	পরিশোধিত মূলধন		
(খ)	ফ্রি রিজার্ভ (রিভ্যালুয়েশন রিজার্ভ ছাড়া)		
(গ)	মোট (ক) + (খ)		

নোট ঃ ১. ব্যক্তি অথবা অংশীদারী ব্যবসার ক্ষেত্রে অনুগ্রহ পূর্বক উত্তোলন বাদ দিয়া মূলধন উল্লেখ করুন।

২. ব্যক্তি অথবা অংশীদারী ব্যবসার ক্ষেত্রে অনুগ্রহ পূর্বক আর্থিক অবস্থা, নীট পুঁজি এবং উহার উৎস উল্লেখ করুন।

১৯। সম্পদ সংস্থান ঃ

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসর
(ক)	স্থির সম্পদ		
(খ)	প্লান্ট, মেশিনারী এবং অন্যান্য যন্ত্রপাতি		
(গ)	উল্লেখিত (Quoted) বিনিয়োগ		
(ঘ)	অনুল্লেখিত (Unquoted) বিনিয়োগ		
(ঙ)	তরল সম্পদের বিবরণ		
(চ)	অন্যান্য		

(কোন সহযোগী প্রতিষ্ঠানের নিকট হইতে বিনিয়োগ, ঋণ ও অগ্রিম নেওয়া হইলে এবং সেখানে কোম্পানীর উদ্যোক্তাদের/পরিচালকদের কোন স্বার্থ থাকিলে তাহার উল্লেখ করিতে হইবে)।

২০। আয়ের প্রধান উৎসসমূহ ঃ

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসর	ইহার শতকরা হিসাবে ফি
(ক)	ইস্যু ব্যবস্থাপনা			
(খ)	অবলিখন (আন্ডাররাইটিং)			
(গ)	পোর্টফোলিও ব্যবস্থাপনা			
(ঘ)	বিনিয়োগ উপদেষ্টা			
(ঙ)	অন্যান্য			

এক ইস্যু হইতে অন্য ইস্যুতে মার্চেন্ট ব্যাংকারের ফি এর পার্থক্য হইতে পারে, তবে সেক্ষেত্রে ফি-এর রেঞ্জ উল্লেখ করিতে হইবে।

নোটঃ অনুগ্রহপূর্বক তিন বছরের ধারাবাহিক নিরীক্ষাকৃত বার্ষিক হিসাব বিবরণী সংযুক্ত করুন। নিরীক্ষা করা হয় নাই এমন বিবরণী পেশ করিলে, কারণ প্রদর্শন করুন। যদি নিরীক্ষাকৃত বার্ষিক হিসাবে ন্যূনতম নীট পুঁজি না থাকে তাহা হইলে পরবর্তী নিরীক্ষাকৃত বার্ষিক হিসাব বিবরণী দাখিল করিতে হইবে।

২১। প্রধান শেয়ারহোল্ডারের তালিকা (যাহারা ৫% এবং বেশী শেয়ারের মালিক তাহারা এবং তাহাদের সহযোগী) শুধুমাত্র লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য।

শেয়ার হোল্ডিং এর তারিখ .....

শেয়ারহোল্ডারের নাম	শেয়ার সংখ্যা	কোম্পানীর মূলধন

২২। আবেদনকারীর প্রধান ব্যাংকারের নাম ও ঠিকানাঃ

২৩। নিরীক্ষকের নাম ও ঠিকানাঃ

২৪। অন্যান্য তথ্য

২৫। মীমাংসিত ও অমীমাংসিত সকল বিরোধের বিবরণ ঃ

বিরোধের ধরণ	পক্ষের নাম	অমীমাংসিত/মীমাংসিত

২৬। আবেদনকারী, কোন পরিচালক অথবা কোন প্রধান ব্যবস্থাপক গত তিন বৎসরের মধ্যে অর্থ-সংক্রান্ত কোন অভিযোগে অভিযুক্ত বা জড়িত হইয়া থাকিলে তাহার বিবরণঃ

ঘোষণাপত্র

এই ঘোষণা অবশ্যই দুইজন পরিচালক, দুইজন অংশীদার বা ব্যক্তিমালিক যাহার বা যাহাদের ক্ষেত্রে প্রযোজ্য তাহার বা তাহাদের কর্তৃক স্বাক্ষরিত হইবে।

আমি/আমরা এই মর্মে নিবন্ধীকরণের জন্য দরখাস্ত করিতেছি। আমি/আমরা নিশ্চয়তা দিতেছি যে, আমি/আমরা সত্যিকার পূর্ণাংগভাবে উপরোক্ত প্রশ্নমালার উত্তর দান করিয়াছি এবং আমার/আমাদের নিবন্ধীকরণের উদ্দেশ্যে সকল প্রাসঙ্গিক তথ্য প্রদান করিয়াছি।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, এই আবেদন পত্রে বর্ণিত তথ্যাবলী পূর্ণাঙ্গ এবং সত্য। আবেদনকারী নিজে অথবা তাহার পক্ষে .....

(আবেদনকারীর নাম)

.....	.....
পরিচালক/ অংশীদার	পরিচালক/অংশীদার
অথবা ব্যক্তিমালিক	অথবা ব্যক্তিমালিক
নাম (বড় হাতের অক্ষর)	নাম (বড় হাতের অক্ষর)
তারিখ.....	তারিখ.....

ফরম পূরনের জন্য নির্দেশাবলীঃ

১। আবেদন পূর্ণাঙ্গ হইতে হইবে।

২। সংশ্লিষ্ট বিধিমালার বিধান অনুসরণে আবেদন পূরণ করিতে হইবে।

৩। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হইবে না।

৪। আবেদনের জবাব টাইপকৃত হইতে হইবে।

৫। আবেদনের সহিত দাখিলতব্য তথ্য আলাদাভাবে সংযুক্ত করিতে হইবে।

৬। আবেদনে সব স্বাক্ষর মূল স্বাক্ষর হইতে হইবে।

ফরম 'খ'

মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সার্টিফিকেট

[বিধি ৭ দ্রষ্টব্য]

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন..... কে ইস্যু ম্যানেজার/অবলেখক/পোর্টফোলিও ম্যানেজার-এর কর্মকান্ড পরিচালনা করার জন্য অত্র মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিল।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধান অনুযায়ী বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই সার্টিফিকেট বলবৎ থাকিবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

স্থান ঃ

তারিখ ঃ

ফরম 'গ'

(বিধি ১৭ দ্রষ্টব্য)

পোর্টফোলিও ম্যানেজার-এর সার্টিফিকেট এর আবেদন পত্র

১। আবেদনকারীর নাম ঃ

২। যোগাযোগের জন্য সংশ্লিষ্ট ব্যক্তির নামঃ
টেলিফোন নং.....
ফ্যাক্স নং .....

৩। আবেদনকারীর বিবরণ ঃ

(ক) ব্যবসার প্রধান স্থান/রেজিষ্টার্ড অফিস.....
পোষ্টাল কোড.....টেলিফোন নং.....
টেলেক্স নং..... ফ্যাক্স নং .....

(খ) যোগাযোগের ঠিকানা .....
পোষ্টাল কোড.....টেলিফোন নং.....
টেলেক্স নং..... ফ্যাক্স নং .....
শাখা অফিসের ঠিকানা .....

৪। সাংগঠনিক কাঠামো ঃ

(ক) পোর্টফোলিও ম্যানেজারের কাজ ও দায়িত্ব (চার্ট সংযুক্ত করিতে হইবে)।

(খ) সংক্ষিপ্তভাবে উদ্দেশ্য (মেমোরেন্ডাম এবং আর্টিকেল অব এ্যাসোসিয়েশন সংযুক্ত করিতে হইবে) ।

(গ) প্রতিষ্ঠান নিবন্ধীকরণের সন ও তারিখ

দিন	মাস	বৎসর	স্থান

(ঘ) আবেদনকারীর আইনগত অবস্থান (status)
(লিমিটেড কোম্পানী প্রাইভেট/পাবলিক, আনলিমিটেড কোম্পানী, অংশীদারী প্রতিষ্ঠান, ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠান এবং অন্যান্য। যদি তালিকাভূক্ত হয়, তাহা হইলে যে স্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত সে স্টক এক্সচেঞ্জের নাম ও সর্বশেষ শেয়ার দর উল্লেখ করিতে হইবে)।

(ঙ) পরিচালক/অংশীদার/মালিক এবং মূখ্য ব্যবস্থাপনা কর্মকর্তাদের বিবরণঃ
সহযোগী সংস্থার নাম ও কার্যাবলীঃ

কোম্পানী/ ফার্মের নাম	ঠিকানা/ ফোন নং	কাজের ধরন	মালিকানা বৃত্তান্ত	আর্থিক ব্যবস্থাপনার ধরণ ও পরিমাণ	উদ্যোক্তা/ পরিচালকদের স্বার্থের ধরণ	আবেদনকারী কোম্পানীর স্বার্থের ধরন

৫। ব্যবসা বিষয়ক তথ্য ঃ

(ক) ইতিহাস, প্রধান ঘটনা, বর্তমান কাজের তালিকা

(খ) প্রস্তাবিত ব্যবসা পরিকল্পনা এবং তাহা অর্জনের উপায়

(গ) অনুমিত লাভ (পরবর্তী তিন বছর) ভৌত লক্ষ্য, লক্ষ্য অর্জনের কর্ম পরিকল্পনা, প্রত্যাশিত আয়)

৬। **আর্থিক তথ্য ঃ**

৭। **মূলধন কাঠামো ঃ**

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসর
(ক) পরিশোধিত মূলধন (Paid up capital)			
(খ) ফি রিজার্ভ (রিভ্যালুয়েশন রিজার্ভ ছাড়া)			
(গ) মোট (ক)+(খ)			

নোট ঃ ১. অংশীদার বা ব্যক্তি মালিকানা ব্যবসার জন্য অনুগ্রহ পূর্বক উত্তোলন বাদ দিয়া মূলধন উল্লেখ করুন।
২. অংশীদার বা ব্যক্তি মালিকানা ব্যবসার জন্য অনুগ্রহ পূর্বক আর্থিক অবস্থা নীট পুঁজি ও উহার উৎস উল্লেখ করুন।

৮। **সম্পদ সংস্থান ঃ**

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসর
(ক) স্থির সম্পদ			
(খ) প্লান্ট, মেশিনারী ও অফিস যন্ত্রপাতি			
(গ) বিনিয়োগ (বিস্তারিত পৃথকভাবে দিতে হইবে)			
(ঘ) অন্যান্য			

৯। **প্রধান আয়ের উৎসসমূহ ঃ**

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসর

১০। নীট লাভ ঃ

(লাখ টাকায়)

	চলতি বৎসরের এক বৎসর পূর্বের বৎসর	পূর্বের বৎসর	চলতি বৎসরগ

১১। প্রধান ব্যাংকারগণের নাম ও ঠিকানা

১২। নিরীক্ষকের নাম ও ঠিকানা

১৩। অন্যান্য তথ্য

১৪। সকল মীমাংসিত ও অমীমাংসিত বিরোধের বিবরণ

বিরোধের ধরণ	পক্ষের নাম	অমীমাংসিত/মীমাংসিত

১৫। অর্থ ও সিকিউরিটিজ সংক্রান্ত প্রতারণা, বিশ্বাসভংগ, জালিয়াতি, মিথ্যা প্রতিবেদন, ঘুষ, অপব্যবহার ও কারচুপিমূলক অপরাধে দন্ডিত বা যুক্ত থাকিলে উহার বর্ণনা।

১৬। কোন স্টক এক্সচেঞ্জ বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক খেলাপী বা স্থগিত ঘোষিত হইয়াছে এমন কোন মাধ্যমের সাথে ব্যবসা থাকিলে উহার বর্ণনা।

১৭। কোম্পানী কর্তৃক সম্পাদিত অন্য কোন কাজের প্রাসঙ্গিক বিবরণ।

১৮। **ব্যবসা তথ্য :**

(ক) প্রস্তাবিত বা চলমান কাজের বিবরণ।

(খ) পোর্টফোলিও বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণের সুবিধাদির বর্ণনা।

(গ) গত বছরের পোর্টফোলিও ব্যবস্থাপনার বিবরণ এবং আগামী বছরের প্রস্তাবিত পোর্টফোলিও ব্যবস্থাপনার বিবরণ (মক্কেলের সাথে পোর্টফোলিও ব্যবস্থাপনা চুক্তির একটি নমুনা কপি সংযুক্ত করুন)।

(ঘ) অনুমোদিত স্টক-ব্রোকারদের তালিকা যাহারা পোর্টফোলিও ব্যবস্থাপনা কর্মকান্ডে অংশ নিয়াছিলেন তাহাদের কেউ কোন স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষ কর্তৃক খেলাপী বা স্থগিত ঘোষিত হইয়া থাকিলে তাহার বিবরণ।

(ঙ) মক্কেল ও স্কীমভিত্তিক পোর্টফোলিও ব্যবস্থাপনা সেবার হিসাব পদ্ধতি।

(চ) বিভিন্ন গবেষণা ও ডাটাবেইস সুবিধাদির বিবরণ।

১৯। **অভিজ্ঞতা ঃ**

(ক) পোর্টফোলিও ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞতা, সময়ের উল্লেখসহ।

(খ) অন্যান্য আর্থিক সেবা কারবার সংক্রান্ত কাজের অভিজ্ঞতা (সময়, পরিধি (Scope), কাজ শুরুর তারিখসহ)।

(গ) গত বৎসরে সম্পাদিত ব্যবসা ঃ

ঘোষণাপত্র

এই ঘোষণা অবশ্যই দুইজন পরিচালক, দুইজন অংশীদার বা ব্যক্তিমালিক যাহার বা যাহাদের ক্ষেত্রে প্রযোজ্য তাহার বা তাহাদের কর্তৃক স্বাক্ষরিত হইবে।

আমি/আমরা এই মর্মে নিবন্ধীকরণের জন্য দরখাস্ত করিতেছি। আমি/আমরা নিশ্চয়তা দিতেছি যে, আমি/আমরা সত্যিকার ও পূর্ণাঙ্গভাবে উপরোক্ত প্রশ্নমালার উত্তর দান করিয়াছি এবং আমার/আমাদের নিবন্ধীকরণের উদ্দেশ্যে সকল প্রাসঙ্গিক তথ্য প্রদান করিয়াছি।

আবেদনকারী নিজে অথবা তাহার পক্ষে .....

(আবেদনকারীর নাম)

.....	.....
ব্যবস্থাপক/অংশীদার অথবা ব্যক্তিমালিক	ব্যবস্থাপক/অংশীদার অথবা ব্যক্তিমালিক
নাম (বড় হাতের অক্ষর)	নাম (বড় হাতের অক্ষর)
তারিখ.....	তারিখ.....

ফরম পূরণের জন্য নির্দেশাবলী ঃ

১। আবেদন পূর্ণাঙ্গ হইতে হইবে।

২। সংশ্লিষ্ট বিধিমালার বিধান অনুসরণে আবেদন পূরণ করিতে হইবে।

৩। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হইবে না।

৪। আবেদনের জবাব টাইপকৃত হইতে হইবে।

৫। আবেদনের সহিত দাখিলতব্য তথ্য আলাদাভাবে সংযুক্ত করিতে হইবে।

৬। আবেদনে সব স্বাক্ষর মূল স্বাক্ষর হইতে হইবে।

সুলতান-উজ-জামান খান
চেয়ারম্যান
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন।

NOTIFICATION ON ELIGIBILITY OF MERCHANT BANKER AND PORTFOLIO MANAGER, DATED 24.4.1996

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে এপ্রিল ১৯৯৬ ইং

নং এসইসি/শাখা-৭/আইন/৯৪-৪/১১৫- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ (এস আর, ও নং ৫৯ আইন/৯৬ তারিখ ২৪শে এপ্রিল ১৯৯৬) -এর বিধি ৫ (খ) ও ১৮ (খ) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কোন মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার - এর নিম্নরূপ নুন্যতম লোকবল ও সংশ্লিষ্ট কাজে তাহাদের অভিজ্ঞতা নির্ধারণ করিল, যথাঃ-

১। সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে আবেদনকারী বা প্রধান কর্মকর্তার নুন্যতম স্নাতক শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।

২। আবেদনকারীর অধীনে ন্যুনপক্ষে দুইজন লোক চাকুরীতে নিয়োজিত থাকিতে হইবে যাহারা মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজার এর কাজ করিবার মত অভিজ্ঞতাসম্পন্ন।

সুলতান-উজ-জামান খান
চেয়ারম্যান
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন।

NOTIFICATION ON CAPITAL SUFFICIENCY OF MERCHANT BANKER AND PORTFOLIO MANAGER, DATED 24.4.1996

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে এপ্রিল ১৯৯৬ ইং

নং এসইসি/শাখা-৭/আইন/৯৪-৪/১১৪– সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ (এস আর, ও নং ৫৯ আইন/৯৬ তারিখ ২৪শে এপ্রিল ১৯৯৬) -এর বিধি ৬ ও ১৯-এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কোন মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার-এর নিম্নরূপ মূলধন পর্যাপ্ততা নির্ধারণ করিল, যথাঃ-

১। একজন আবেদনকারী, অবলেখন (আন্ডাররাইটিং) ব্যতিত কোন ইস্যু ব্যবস্থাপনায় যিনি নিয়োজিত হইতে আগ্রহী, তাহার ন্যূনতম পঁচিশ (২৫) লক্ষ টাকার মূলধন থাকিতে হইবে।

২। একজন আবেদনকারী যিনি ইস্যু অবলেখন (আন্ডারাইটিং) করিতে আগ্রহী তাহার ন্যূনতম এককোটি টাকা মূলধন থাকিতে হইবে।

তবে শর্ত তাকে যে, একজন মার্চেন্ট ব্যাংকার কোন সময়েই সর্বসাকুল্য তাহার মূলধনের পাঁচ গুণের বেশী অবলেখন (আন্ডাররাইটিং) করিতে পারিবেন না।

৩। একজন আবেদনকারী যিনি পোর্টফোলিও ম্যানেজার হিসাবে কাজ করিতে আগ্রহী তাহার ন্যূনতম এক কোটি টাকার মূলধন থাকিতে হইবে।

তবে শর্ত থাকে যে, পোর্টফোলিও ম্যানেজার কোন সময়েই তাহার মূলধনের সমষ্টিগতভাবে পাঁচ গুণের বেশী পোর্টফোলিও তহবিল ব্যবস্থাপনা করিবেন না।

৪। পোর্টফোলিও ব্যবস্থাপনা, ইস্যু ব্যবস্থাপনা এবং অবলেখন (আন্ডাররাইটিং) করিতে আগ্রহী কোন আবেদনকারীর ন্যূনতম সর্বমোট দুইকোটি টাকা মূলধন থাকিতে হইবে।

তবে শর্ত থাকে যে, একজন মার্চেন্ট ব্যাংকার ইস্যু অবলেখন (আন্ডাররাইটিং) ও পোর্টফোলিও তহবিল ব্যবস্থাপনা সমষ্টিগতভাবে কোন সময়েই মূলধনের পাঁচগুণের বেশী করিবেন না।

সুলতান-উজ-জামান খান
চেয়ারম্যান
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন।

SECURITIES AND EXCHANGE COMMISSION (STOCK–DEALER, STOCK-BROKER AND AUTHORISED REPRESENTATIVE) RULES, 2000

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

বুধবার, নভেম্বর ২৯, ২০০০

৮ম খণ্ড – বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ই কার্তিক, ১৪০৭/৩০শে অক্টোবর, ২০০০।

নং- এসইসি/রেজিঃ/প্রঃ/ষ্টক ডিঃ ও ব্রোঃ/২০০০/৭৫৪ – সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫নং আইন) এর ধারা ২৪(১) -এর প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল :-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালা-

(ক) "অনুমোদিত প্রতিনিধি" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের নিয়োগপ্রাপ্ত প্রতিনিধি হিসাবে এই বিধিমালা অনুসারে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন করিয়া থাকেন;

(খ) "অধ্যাদেশ" অর্থ Securities and Exchange Commission Ordinance , 1969 (XVII of 1969);

(গ) "আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) "আর্থিক হিসাব বিবরণী" বলিতে ব্যালান্স শীট, লাভ-লোকসান হিসাব বা আয়-ব্যয় বিবরণী, ক্যাশ প্রবাহ বিবরণী, ইক্যুইটি পরিবর্তন বিবরণী এবং হিসাব সংক্রান্ত নোটও বুঝাইবে;

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(চ) "নিবন্ধন সনদ" অর্থ আইনের ধারা ১০-এ উল্লেখিত কোন নিবন্ধিকরণ সনদ, যাহা এই বিধিমালা অনুসারে প্রদান করা হয়;

(ছ) "ফরম" অর্থ প্রথম তফসিল-এ বিধৃত কোন ফরম;

(জ) "ব্যক্তি" বলিতে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাও বুঝাইবে;

(ঝ) "ষ্টক ডিলার" অর্থ এমন কোন ব্যক্তি যিনি নিজের জন্য সিকিউরিটিজ ক্রয় ও বিক্রয় করিয়া থাকেন;

(ঞ) "ষ্টক ব্রোকার" অর্থ এমন কোন ব্যক্তি যিনি অন্য কাহারো পক্ষে সিকিউরিটি ক্রয় ও বিক্রয় করিয়া থাকেন।

৩। **নিবন্ধন সনদ ব্যতীত সিকিউরিটি ক্রয়-বিক্রয় ইত্যাদি নিষিদ্ধ**।– বিধি ২১ ও ২২ এর বিধানসাপেক্ষে, কোন ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এই বিধিমালার অধীন প্রদত্ত ও বলবৎ নিবন্ধন সনদ ব্যতীত কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন না।

৪। **নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা**।– (১) কোন ব্যক্তি ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে না, যদি–

(ক) উহা কোন ষ্টক এক্সচেঞ্জের সদস্য না হয়;

(খ) উহা কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্ট ফোলিও ম্যানেজার, মিউচুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী কিংবা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হয়;

(গ) উহা কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা না হয় এবং উহার মূলধন অন্যূন পঁচিশ লক্ষ টাকা না হয়;

(ঘ) উহা বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হয়;

(ঙ) উহা বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হয়;

(চ) উহা বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য বিগত তিন বৎসরের মধ্যে নিবন্ধন সনদ বাতিলকৃত কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার এর পরিচালকমণ্ডলীর সদস্য হয়ে থাকেন;

(ছ) উহা কমিশন কর্তৃক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন একজন তদারকী কর্মকর্তা (compliance officer)-কে কমিশন কর্তৃক অনুমোদিত শর্তাধীনে নিয়োগদান না করে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে নিবন্ধিত কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার উক্ত প্রবর্তনের দুই বছরের মধ্যে উক্ত কর্মকর্তাকে নিয়োগদান করিতে পারিবে।

(২) কোন ব্যক্তি অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবেন না, যদি তিনি–

(ক) একুশ বৎসরের কম বয়স্ক হন;

(খ) উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী না হন;

(গ) সিকিউরিটি বিষয়ে কমিশন কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী বা তৎকর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত না হন, অথবা কমিশন কর্তৃক জারীকৃত আদেশ দ্বারা নির্ধারিত মেয়াদের অভিজ্ঞতাসম্পন্ন না হয়;

(ঘ) কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের অনুমোদিত প্রতিনিধি হিসাবে সিকিউরিটি ক্রয়-বিক্রয় ও এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদন করার জন্য উক্ত ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের নিকট হইতে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত না হন এবং অনুমোদিত প্রতিনিধি হিসাবে তাহার কার্যপরিধি নির্ধারণের উদ্দেশ্যে উক্ত ডিলার বা ষ্টক ব্রোকারের সহিত সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ও কমিশন কর্তৃক অনুমোদিত একটি চুক্তিপত্র স্বাক্ষর না করেন;

(ঙ) জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হন; অথবা

(চ) কমিশন বা কোন ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত কোন প্রকার শাস্তি পাইয়া থাকেন।

(৩) এই বিধিমালায় যাহাকিছু থাকুক না কেন, কোন ব্যক্তি একই সঙ্গে ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে না:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে ষ্টক ডিলার হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত প্রবর্তনের পর সনদ নবায়নক্রমে পাঁচ বছর পর্যন্ত ষ্টক ব্রোকার হিসাবেও কাজ করিতে পারিবে।

(৪) কোন ব্যক্তি কেবলমাত্র একজন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার এর সহিত অনুমোদিত প্রতিনিধি হিসাবে চুক্তিবদ্ধ হইতে পারিবেন।

৫। **নিবন্ধন সনদের জন্য দরখাস্ত দাখিল, বিবেচনা ইত্যাদি**।- (১) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ফরমে ও ফিস প্রদানে দরখাস্ত দাখিল করিতে হইবে, যথা:-

(ক) ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের ক্ষেত্রে, ফরম ক-তে এবং বিশ হাজার টাকা ফিস প্রদানে;

(খ) অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে, ফরম খ-তে এবং এক হাজার টাকা ফিস প্রদানে।

(২) উপ-বিধি (১)-এ নির্দিষ্ট ফিস কমিশন বরাবরে একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হইবে।

(৩) ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি দরখাস্ত, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ও সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জের সুপারিশসহ কমিশন অফিসে দাখিল করিতে হইবে।

(৪) দরখাস্তকারীর ফরমে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র এবং কমিশন কর্তৃক নির্দেশিত হইলে অতিরিক্ত তথ্যাদি এবং কাগজপত্র উক্ত নির্দেশ মোতাবেক দাখিল করিতে পারিবে।

(৫) দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে দরখাস্ত সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় তথ্য প্রাপ্তির অনধিক পঁয়তাল্লিশ দিনের মধ্যে কমিশন উক্ত দরখাস্ত মঞ্জুর করিয়া ফরম গ-তে নিবন্ধন সনদ প্রদান করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখ পূর্বক উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

৬। **সদস্য পদ হস্তান্তরের ক্ষেত্রে সনদ বাতিল**।- (১) কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার ষ্টক এক্সচেঞ্জের সনদপত্র হস্তান্তর করিতে ইচ্ছুক হইলে উহা, উহার নামে কমিশন কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন সনদ সদস্যপদ হস্তান্তরের আবেদনের সহিত ষ্টক এক্সচেঞ্জের নিকট দাখিল করিবে।

(২) ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক উক্ত হস্তান্তর কার্যকর হইবার দিন হইতে সংশ্লিষ্ট নিবন্ধন সনদটি বাতিল বলিয়া গণ্য হইবে এবং ষ্টক এক্সচেঞ্জ বাতিলকৃত নিবন্ধন সনদটি উক্ত হস্তান্তর কার্যকর হইবার দিন হইতে পরবর্তী কার্য দিবসের মধ্যে কমিশনের নিকট প্রেরণ করিবে:

তবে শর্ত থাকে যে, হস্তান্তর চুক্তিটিতে এই মর্মে একটি দফা সংযুক্ত থাকিবে যে, হস্তান্তরের তারিখে হস্তান্তরকারীর সিকিউরিটি লেনদেন সংশ্লিষ্ট অনিষ্পন্ন যাবতীয় দায় ও দায়িত্ব হস্তান্তর গ্রহীতার নিকট হস্তান্তরিত হইয়াছে এবং হস্তান্তর গ্রহীতাও উক্ত দলিলে এই মর্মে একটি অঙ্গীকারনামা লিপিবদ্ধ করিবে যে, উহা উক্তরূপ যাবতীয় দায় ও দায়িত্ব স্বেচ্ছায় গ্রহণ করিয়াছে এবং তাহা পালন এবং নিষ্পত্তি করিতে উহা বাধ্য থাকিবে:

আরও শর্ত থাকে যে, ষ্টক এক্সচেঞ্জ উক্তরূপ দফা এবং অঙ্গীকারনামা ব্যতীত কোন হস্তান্তর মঞ্জুর করিবে না।

৭। **নিবন্ধন সনদের মেয়াদ**।- বিধি ৫-এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে এক বৎসর।

৮। **নিবন্ধন সনদ নবায়ন**।- (১) কোন নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে উহার মেয়ার পূর্তির অন্যূন ত্রিশ দিন পূর্বে সনদের মূল কপিসহ ফরম ঘ-তে দরখাস্ত করিতে হইবে এবং দরখাস্তের সহিত-

(ক) ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের ক্ষেত্রে, দশ হাজার টাকার ফিস কমিশন বরাবরে জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে;

(খ) অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে, পাঁচশত টাকার ফিস কমিশন বরাবরে জমাকরণের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১)-এ নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত দাখিল করিতে ব্যর্থ হইলে প্রতিদিনের বিলম্বের জন্য ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের ক্ষেত্রে পাঁচশত টাকা এবং অনুমোদিত প্রতিনিধির ক্ষেত্রে একশত টাকা হিসাবে অতিরিক্ত ফিস দরখাস্তের সাথে কমিশন বরাবরে জমা করিতে হইবে।

(৩) নিবন্ধন সনদ নবায়নের উদ্দেশ্যে দরখাস্ত ফরম এর নির্দিষ্ট অংশ সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক পূরণ করাইয়া ফরমটি কমিশন অফিসে দাখিল করিতে হইবে।

(৪) নবায়নের দরখাস্ত এই বিধিমালা অনুযায়ী যথাযথভাবে পেশ করা হইলে কমিশন নিবন্ধন সনদের সংশ্লিষ্ট ছকে উহার সর্বশেষ মেয়াদ পরবর্তী এক বৎসরের জন্য নবায়ন করিবে।

৯। ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যুকরণ।– (১) কোন নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া গেলে বা নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হইয়া গেলে, কমিশন, নিম্নলিখিত শর্ত এবং পদ্ধতি পালন সাপেক্ষে, উহার ডুপ্লিকেট কপি সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে সরবরাহ করিতে পারিবে, যথা:-

(ক) নিবন্ধন সনদ হারাইয়া গেলে বা খোয়া গেলে, সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতনিধি বিষয়টি থানায় সাধারণ ডাইরীতে লিপিবদ্ধ করাইবেন এবং তৎপর একটি দৈনিক পত্রিকায় হারানো বা খোয়া যাওয়ার বিষয়টি উল্লেখ পূর্বক নিবন্ধন সনদটি ফেরত দানের অনুরোধ সম্বলিত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন;

(ক) দফা (ক) অনুসারে বিজ্ঞপ্তি প্রকাশের এক সপ্তাহ পরে ডুপ্লিকেট সনদ ইস্যুর আবেদন জানাইয়া সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি কশিনের নিকট একটি দরখাস্ত করিবেন এবং উক্ত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিবেন যথা:-

(অ) কমিশন বরাবরে এক হাজার টাকার ফিস জমাকরণের একটি ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(আ) নিবন্ধন সনদ হারাইয়া বা খোয়া যাওয়ার ক্ষেত্রে দফা (ক)-তে উল্লেখিত সাধারণ ডাইরীর সত্যায়িত নকল এবং বিজ্ঞপ্তির অনুলিপি; এবং

(ই) নিবন্ধন সনদ নষ্ট বা ব্যবহারের অনুপযুক্ত হওয়ার ক্ষেত্রে, সনদের অবশিষ্ট অংশ (যদি থাকে)।

(২) উপ-বিধি (১) অনুসারে দাখিলকৃত দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে কমিশন উহা প্রাপ্তির পনের দিনের মধ্যে সংশ্লিষ্ট রেজিষ্টার এবং অন্যান্য তথ্যাদির ভিত্তিতে ডুপ্লিকেট নিবন্ধন সনদ ইস্যু করিবে, অন্যথায় উক্ত সময়ের মধ্যে লিখিত কারণ উল্লেখ পূর্বক উহা নামঞ্জুরের সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

১০। রেজিষ্টার।– কমিশন ও সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জ বিধি ৫-এর অধীন প্রদত্ত সনদ, বিধি ৮-এর অধীন নবায়নকৃত সনদ এবং বিধি ৯-এর অধীন প্রদত্ত ডুপ্লিকেট সনদ সংক্রান্ত মৌলিক তথ্যাদি একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করিবে।

১১। সনদপ্রাপ্ত ব্যক্তির কর্তব্য।– প্রত্যেক ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কার্যক্রম পরিচালনা করিবেন এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালা এবং দ্বিতীয় তফসিলে বিধৃত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের সকল শর্তাবলী যথাযথভাবে পালন করিবেন।

১২। নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি।– (১) উপ-বিধি (৬) এর বিধানাবলী ক্ষুণ্ন না করিয়া, কোন ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি বিধি ৪ অনুসারে তাহার যোগ্যতা হারাইলে, বা আইন, অধ্যাদেশ বা এই বিধিমালার কোন বিধান বা নিবন্ধন সনদের কোন শর্ত ভঙ্গ করিলে বা দ্বিতীয় তফসিলে বিধৃত কোন আচরণবিধি অমান্য করিলে, কমিশন তাহার সনদ বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যোগ্যতা হারাইবার ক্ষেত্র ব্যতীত অন্য কোন ক্ষেত্রে কমিশন উপযুক্ত বিবেচনা করিলে, সনদ বাতিল না করিয়া অনধিক এক বছরের জন্য উহার কার্যকারিতা স্থগিত করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন কোন সনদ বাতিল বা স্থগিতের পূর্বে কমিশন বাতিল বা স্থগিতের কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধিকে অন্ততঃ সাত দিনের একটি নোটিশ প্রদানপূর্বক তাহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১)-এর অধীন নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি তাহার বক্তব্য নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে কমিশন উক্ত বক্তব্য এবং উপ-বিধি (৩)-এর অধীন দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিবেচনাক্রমে, এবং প্রয়োজনবোধে তাহাকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া, প্রস্তাবিত বাতিল কিংবা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) এই বিধির অধীন সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে কমিশন প্রয়োজন মনে করিলে এক বা একাধিক তদন্তকারী নিয়োগ করিতে পারিবে এবং এইরূপ তদন্তকারী কমিশনের নির্দেশ অনুসারে তদন্ত কার্য সম্পন্ন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবে।

(৪) তদন্তকারী সংশ্লিষ্ট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি এবং অন্যান্য ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করিতে এবং প্রয়োজনবোধে উহার নকল লইতে পারিবে, এবং এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলে তদন্তকারীকে সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

(৫) এই বিধির অধীন কোন নিবন্ধন সনদ বাতিল কিংবা স্থগিত করা হইলে উক্ত সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জে প্রেরণ করিতে হইবে এবং বিষয়টি বিধি ১০-এ উল্লিখিত রেজিষ্টারে লিপিবদ্ধ করিতে পারিবে।

(৬) কমিশন কোন বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, উপ-বিধি (১)-এর অধীন কোন সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে, উপ-বিধি (১)-এর শর্তাংশ অনুসারে নোটিশ জারীর পূর্বে বা পরে যে কোন সময় তাৎক্ষণিক শুনানী দিয়া অনধিক ত্রিশ দিনের জন্য উক্ত সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে লিখিতভাবে অবহিত করিবে।

(৭) উপ-বিধি (১) বা (৬)-এর অধীন কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি উক্ত সনদের ভিত্তিতে কোন কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

১৩। ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার এর হিসাব বহি, নথিপত্র ইত্যাদি।– (১) প্রত্যেক ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার অধ্যাদেশ বা উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত হিসাব বহি, রেজিষ্টার ও অন্যান্য কাগজপত্র বা দলিলাদির অতিরিক্ত নিম্নবর্ণিত হিসাব বহি, নথিপত্র, রেজিষ্টার ও দলিলাদি সংরক্ষণ করিবে, যথা:–

(ক) মক্কেলগণের নাম, ঠিকানা এবং সংশ্লিষ্ট কোড নম্বর সম্বলিত রেজিষ্টার;

(খ) সিকিউরিটি ক্রয়-বিক্রয় সংক্রান্ত নিম্নোক্ত রেজিষ্টারসমূহ–

(অ) হাওলা বা চুক্তিভিত্তিক রেজিষ্টার,

(আ) সিকিউরিটিভিত্তিক রেজিষ্টার,

(ই) মক্কেলভিত্তিক রেজিষ্টার;

(২) কম্পিউটারের মাধ্যমে হিসাব বহি, রেজিষ্টার ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিলে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরযুক্ত উহাদের একটি করিয়া মুদ্রিত কপি (hard copy) সর্বদা সংরক্ষণ করিতে হইবে।

(৩) ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের অধীন কোন অনুমোদিত প্রতিনিধি থাকিলে উহা উপ-বিধি (১)-এ উল্লিখিত হিসাব বহি, রেজিষ্টার এবং দলিলপত্র ছাড়াও নিম্নবর্ণিত দলিলাদি সংরক্ষণ করিবেন:-

(ক) অনুমোদিত প্রতিনিধির নাম ও ঠিকানাসম্বলিত তালিকা;

(খ) অনুমোদিত প্রতিনিধির দায়িত্ব এবং কাজের পরিধিসম্বলিত চুক্তিপত্র।

(c) the acquisition or loss of a significant contract.
(d) a significant new product or discovery.
(e) a change in control or a significant change in management.
(f) a call of securities for redemption.
(g) the borrowing of a significant amount of funds.
(h) the public or private sale of significant amount of additional securities.
(i) significant litigation.
(j) the purchase or sale of a significant asset.
(k) a significant change in capital investment plans.
(l) a significant labour dispute with sub-contractors or suppliers.
(m) a tender offer for another company's securities.
(n) an event of default on interest and/or principal payments in respect of loans.

(v) **Ques.** When may a company properly withhold information?

Ans: Occasionally, circumstances arise in which provided that complete confidentiality is maintained a company may temporarily refrain from publicly disclosing material information. The following circumstances where disclosures can be withheld are limited and constitute an infrequent exception to the normal requirement of immediate public disclosure. Thus, in cases of doubt, the presumption must always be in favour of disclosure.

(a) When immediate disclosure would prejudice the ability of the company to pursue its corporate objectives.

Although public disclosure is generally necessary to protect the interest of investors, circumstances may occasionally arise where disclosure would prejudice a company's ability to achieve a valid corporate objective. Public disclosure of a plan to acquire certain real estate for example, could result in an increase in the company's cost of the desired acquisition or could prevent the company from carrying out the plan at all. In such circumstances, if the unfavourable result to the company outweighs the undesirable consequences of non-disclosure, disclosure may properly be deferred to a more appropriate time.

(b) When the facts are in a state of flux and a more appropriate moment for disclosure is imminent.

Occasionally corporate developments give rise to information which, although material, is subject to rapid change. If the situation is about to stabilise or resolve itself in the near future, it may be proper to withhold public announcements concerning the same subject but based on changing facts may confuse or mislead the public rather than enlighten it.

In the course of a successful negotiation for the acquisition of another company, for example, the only information known to each party at the outset may be the willingness of the other to hold discussions. Shortly thereafter it may become apparent to the parties that it is likely an agreement can be reached. Finally, agreement in principle may be reached on specific terms. In such circumstances a company need not issue a public announcement at each stage of constantly changing facts but may await agreement in principle on specific terms. If, on the other hand, progress in the negotiations should stabilise at some other point, disclosure should then be made if the information is material.

Whenever the material information is being temporarily withheld, the strictest confidentiality must be maintained, and the company should be prepared to make an immediate public announcement, if necessary. During this period, the market action of the company's securities should be closely watched, since unusual market activity frequently

signifies that a "leak" may have occurred. Company or securities laws may restrict the extent of permissible disclosures before or during a public offering of securities or a solicitation of proxies.

(vi) **Ques.** What action is required if rumours occur while material information is being temporarily withheld.

Ans. If rumours concerning such information should develop, immediate public disclosure becomes necessary.

(vii) **Ques.** What action is required if insider trading occurs while material information is being temporarily withheld?

Ans. Immediate public disclosure of the information in question must be effected if the Company should learn that insider trading, has taken or is taking place.

In unusual cases, where the trading is insignificant and does not have any influence on the market measures sufficient to halt the insider trading and prevent its recurrence are taken exceptions might be made which should be discussed with the Exchange. The Exchange listing department can provide current information regarding market activity in the Company's securities with which to help assess the significance of such trading.

(viii) **Ques.** How can confidentiality best be maintained?

Ans. In Information, that is to be kept confidential should be confined, to the extent possible to the highest possible echelons of management and should be disclosed to officers, employees and others on a need to know basis only. Distribution of paper work and other date should be held to a minimum. Where the information must be disclosed more broadly to company personnel or others, their attention should be drawn to its confidential nature and to the restrictions that apply to its use, including the prohibitions of insider trading.

It may be appropriate to require each person who gains access to the information to report any transactions which affects in the company's securities to the Company. If company's accountants or financial or public relations advisers or other outsiders are consulted, steps should be taken to ensure that they maintain similar precautions within their respective organisation to maintain confidentiality.

(2) Policy of thorough Public dissemination

(i) **Ques.** What special disclosure techniques should a company employ ?

Ans. The steps required are as follows :-

(a) Disclosure of material information can often be made after the market closes. Otherwise, when it is necessary to make disclosure of material information before or during trading hours, the Exchange expects a company to notify the Exchange in advance of such disclosure if the material information is of a non-routine nature or is expected to have a substantial impact on the market for the securities of the company. The Exchange with the benefit of all the facts provided by the company will be able to consider a temporary halt in trading pending an announcement would be desirable on the company or its securities, but provides an opportunity for disseminating and evaluating the information release.

Such a step frequently helps avoid rumours and market instability as well as the unfairness to investors that may arise when material information has reached part but not yet all of the investing community. Thus in appropriate circumstances, the Exchange can often provide a valuable service to investors and listed companies by arranging for such a halt.

(b) At time of Public Disclosure.

As a minimum, any public disclosure of material information should be made by an announcement released simultaneously to the business and financial news media and the Chittagong Stock Exchange.

Companies may also wish to broaden their distribution to other news or broadcast media such as those in the location of the companies plants or offices and to trade publications. The information in question should always be given to the media in such way as to promote publication by them as promptly as possible i.e. telephone or in writing by hand delivery in both cases on an immediate release basis, companies are cautioned that some of these media may refuse to publish information given by telephone until it has been confirmed in writing or may require written confirmation after its publication.

Forty copies or such other numbers as the Exchange may determine of all public announcements should be sent to the Exchange.

(ii) **Ques:** How does the policy on thorough public dissemination apply to meeting with securities analysts, journalists, stockholders and others ?

Ans. The Exchange recommends that companies observe an open door policy in dealings with analysts, journalists, stockholders and others. However, under no circumstances, should disclosure of materiel corporate developments be made on an individual or selective basis to analysts, stockholders or other persons unless such information has previously been fully disclosed and disseminated to the public. In the event that material information is inadvertently disclosed on the occasion of any meetings with analysts or others, it must be publicly disseminated as promptly as possible by the means described above.

The Exchange also believes that even any appearance of preference or partiality in the release of explanation or information should be avoided. Thus meetings with analysts or other special groups where the procedure of the group sponsoring the meetings permits representatives of the news and other media should be permitted to attend any such meeting.

(3) Policy of Clarification or Confirmation of Rumours and Reports.

(i) **Ques.** What rumours and reports must be clarified or confirmed ?

Ans. A public circulation by any means whether by an article published in a newspaper, by a brokers market letter or by word of mouth information either correct or false which has not been substantiated by the company and which is likely to have or has had an effect on the price of the company securities or would be likely to have a bearing on investment decision must be clarified or confirmed.

(ii) **Ques.** What response should be made to rumours or reports?

Ans. In the case of material rumour or report containing erroneous information which has been circulated the company should prepare an announcement denying the rumour or report and setting forth facts sufficient to clarify any misleading aspect of the rumour. In the case of a material rumour or report containing information that is correct an announcement setting forth the fact should be prepared for public release. In addition in the case of false rumour or report a reasonable effort should be made to bring the announcement to the attention of the particular group that initially distributed it. In the case of an erroneous newspaper article for example by sending a copy of the announcement to the newspapers' financial editor or in the case of an erroneous market letter by sending a copy to the broker responsible for the letter.

In the case of rumour or report predicting future sales, earnings or other data no response from the company is ordinarily required. However if such a report is manifestly based on erroneous information or is wrongly to the supposedly factual source the company should respond promptly to the supposedly factual elements of the rumour of a supposedly factual nature. Moreover if a rumour or report contains a prediction that is clearly erroneous that company should ensure an announcement to the effect that company itself has made no such predictions and currently knows of no facts that would justify making such prediction.

(4) Policy or Response to Unusual Market Action.

(i) **Ques:** What is the significance of unusual market activity from the standpoint of disclosure?

Ans: When unusual market action, in price movement, trading activity or both occurs without any apparent publicly available information which would account for the action, it may signify trading by persons who are acting either on unannounced information or on a rumour or report whether true or false, about the company. Most often, of course, unusual market activity may not be traceable either to insider trading or to rumour or report. Nevertheless the market action itself may be misleading to investors who are likely to assume that a sudden and appreciable change in the price of a company's stock must reflect a parallel change in its business or prospects similarly unusual trading volume even when not accompanied by a significant change in price tenders to encourage rumours and give rise to excessively speculative trading which may be unrelated to actual developments in the affairs.

(ii) **Ques.** What response is required of a company when unusual market action in its securities takes place?

(A) First the company should attempt to determine the reason for the market action by considering in particular (a) whether any information about its affairs which would account for the action has recently been publicly disclosed (b) whether there is any information of this type that has not been publicly disclosed in which case the unusual market action may signify that a leak has occurred and (c) whether the company is the subject of rumour or report.

If the company determines that the market action results from material information that has already been publicly disseminated generally no further announcement is required. Although if the market action indicates that such information may have misinterpreted it may be helpful after discussion with the Exchange to issue a clarifying announcement.

If the market action results from the leak of previously undisclosed information, the information in question must promptly be disseminated. If the market results from a false rumour or report, the Exchange policy on correction of such rumours and report should be complied with. Finally if the company is unable to determine the cause of the market action, the Exchange may suggest that the company make a public announcement to the effect that there have been no undisclosed recent developments affecting the company or its affairs which would account for the unusual market activity.

(5) Policy on Unwarranted Promotional Disclosure;

Ques: What is unwarranted promotional disclosure activity ?

Ans. Disclosure activity beyond that necessary to inform investor and explicably essential as an attempt to influence securities prices is considered to be unwarranted and promotional. Although the distinction between legitimate public relations activities and such promotional activity is one that must necessarily be drawn from the facts of a particular case; the following are frequent instances of promotional activity;

(a) A series of public announcements unrelated in volume or frequency to the materiality of actual developments in a company's business and affairs.

(b) Premature announcements of products still in the developments stage with unproven commercial prospects.

(c) Promotions and expense-paid trips or the seeking out of meetings or interviews with analysts and financial writers which could have the effect of unduly influencing the market activity in the company's securities and are not justified infrequency or scope by, the need to disseminate information about actual developments in the company's business and affairs.

(d) Press release or other public announcement of a one-sided or unbalanced nature.

(e) Company's or product advertisement which in effect promote the company's securities.

(6) Policy on Insider Trading:

(i) **Ques.** Who are insiders ?

Ans. All persons who came in to possession of material inside information, before its public release are considered insiders for the purpose of the Exchange's disclosure policies. Such persons include controlling shareholders, directors, officers and employees and frequently also include outside attorneys, accountants, investment bankers, public relation advisers, advertising agencies, consultants and other independent contractors. The husbands, wives, immediate families and those under the control of insiders may also be regarded as insiders. Where acquisition or other negotiations are concerned, the above relationship apply to the other parties to the negotiations as well. Finally, for purpose of the Exchange disclosure policy, insiders include tepees who come into possession of material inside information.

(ii) **Ques.** What is insider information?

Ans: Insider information is that which has not been publicly released and which is intended for use solely for a corporate purpose and not for any personal use and which the company withholds.

(iii) **Ques**: What is insider trading?

Ans: Insider Trading refers not only to the purchase or sale of a company securities but also to the purchase or sale of options with respect to such securities. Such trading is deemed to be done by an insider whenever he has any beneficial interest, direct or indirect in such securities or options regardless of whether they are actually held in his name.

Included in the concept of insider trading is tipping, or revealing inside information to outside individuals to enable such individuals to trade in the company securities on the basis of undisclosed information.

(iv) **Ques.** How soon after the release of material information any insiders begin to trade?

Ans: This depends both on how thoroughly and how quickly after its release the information is published by the news media services and the press. In addition, following dissemination of the information, insider should refrain from trading until the public has had an opportunity to evaluate it thoroughly. Where the effect of the information on investment decisions is readily understandable, as in the case on earnings, the required waiting period will be shorter than where the information must be interpreted before its bearing on investment decisions can be evaluated. While the waiting period is dependent on the circumstances, the Exchange recommends that, as a basic policy, when dissemination is made in accordance with Exchange policy insiders should wait for at least twenty-four hours after the general publication of the release in news media.

(v) **Ques.** What steps can companies take to prevent insider trading?

Ans. companies can establish, publish, and enforce effective procedures applicable to purchase and sale of its securities by officers, directors, employees and other insiders designed not only to prevent improper trading but also to avoid any question of the propriety of insider purchases or sales. One, such procedure might require corporate insiders to restrict their purchases and sales of the company's securities with following the release of the annual statements, or other releases setting forth the financial condition and status of the company. Another could involve the purchase of a company's securities on a regular periodic basis by an agent over which neither the company nor the individual has any control.

(7) **Contents & Preparation of Public Announcement**

(1) Exchange Requirements

The content of a press or other public announcement is as important as its timing. Each announcement should –

(a) Be factual, clear and concise

(b) Contain sufficient quantitative information to allow investors to evaluate its relative importance to the activities of the company.

(c) Be balanced and fair. Thus the announcement should avoid :

(i) Omission of important unfavourable facts or the lighting of facts.

(ii) Presentation of favourable possibilities as certain, or as more probable than is actually the case.

(iii) Presentation of projections without sufficient qualification or without sufficient factual basis.

(iv) Negative statements phrased so as to create a positive implication e.g. The company cannot now predict whether the developments will have a materially favourable effect on its earnings (creating the implications that the effect will be favourable even if not materially favourable) or the company expects that the developments will not have materially favourable effect on earnings in the immediate future (creating the implication that developments will eventually have a materially favourable effect).

(v) Use of promotional jargon calculated to excite rather than to inform.

(d) Avoid over technical language and should be expressed to the extent possible in language comprehensible to the layman.

(e) Explain if the consequence or effects of the information on the company future prospects cannot be assessed why this is so.

(f) Clarify and point any reasonable alternatives where the public announcement undertakes to interpret information disclosed.

(2) Preparation of Announcements.

The following guidelines for the preparation of press release and other public announcements should help companies to ensure that the content of such announcements will meet the requirements discussed above.

(a) Every announcement should either be prepared or reviewed by (i) a company official having familiarity with the matters about which disclosure is to be made, and (ii) a company official familiar with the requirements of the Exchange as well as any applicable requirements of the securities laws.

(b) Since skill and experience are important to preparation and editing of accurate fair and balanced public announcements, the Exchange recommends that a limited group of individuals within the Company be given this assignment on a continuing basis (since a press announcement usually must be prepared and released as quickly as possible; however, the group charge with this assignment should be large enough to handle problems that arise suddenly and unexpectedly).

(c) Issue of press release and other public announcements must be made under the authority of the management.

IMTIYAZ HUSSAIN
Chairman
Dhaka Stock Exchange Ltd.

SECURITIES AND EXCHANGE COMMISSION (MUTUAL FUND) RULES, 2001 DATED 6.6.2001

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১০, ২০০১

৮ম খণ্ড – বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

সিকিউরিটিজ ও একচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ৬ই জুন, ২০০১

নং এসইসি/ রেজি:/ মি: ফা:/২০০১-৫১৬/প্রশাসন-১২– সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল :

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। সংক্ষিত শিরোনাম।– এই বিধিমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।– (১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,–

(ক) "অর্থ বাজার ইন্সট্রুমেন্ট"-এর অন্তর্ভুক্ত হইবে সিকিউরিটিজ বাজারের যাবতীয় ইন্সট্রুমেন্টসহ স্বল্পমেয়াদী বাণিজ্যিক কাগজ, বাণিজ্য বিল, ট্রেজারী বিল, আমানত সনদ ও ইউস্যান্স বিল ;

(খ) "অধিভুক্ত"-এর অন্তর্ভুক্ত এইরূপ কোম্পানীও হইবে–

(অ) যাহা নিজে কিংবা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে ;

(আ) যাহার উপর ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপক নিজে বা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে ;

(ই) যাহার উপর নিম্নবর্ণিতদের দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রযোজ্য হয়, যথা ঃ-

(১) ব্যক্তিগণ, বা

(২) উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণের আত্মীয়-স্বজন,

যাহারা নিজেরা কিংবা অন্যদের সহিত একযোগে সম্পদ ব্যবস্থাপক বা ট্রাষ্টির উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে ;

ব্যাখ্যা ঃ এই উপ-দফার উদ্দেশ্যে, "আত্মীয়স্বজন" বলিতে সংশ্লিষ্ট ব্যক্তির স্ত্রী, স্বামী, ভাই, বোন, পুত্র, কন্যা, পিতা, মাতা, শ্বশুর, শাশুড়ি এবং পরিবারের সেই সকল সদস্যকে বুঝাইবে যাহারা উক্ত ব্যক্তির উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল ;

(গ) "আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) ;

(ঘ) "ইউনিট" অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ড স্কীমে বিনিয়োগকারীদের স্বার্থ যাহা উক্ত স্কীমের সম্পদের একটি অবিভক্ত অংশের প্রতিনিধিত্বকারী প্রতিটি ইউনিট লইয়া গঠিত ;

(ঙ) "ইউনিট মালিক" অর্থ মিউচ্যুয়াল ফাণ্ড স্কীমের কোন ইউনিটের মালিক ;

(চ) "উদ্যোক্তা" অর্থ কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা বা কোম্পানী যে এককভাবে বা অন্য কোন সংবিধিবদ্ধ সংস্থা, বা কোম্পানীর সহিত লিখিতভাবে কোন মিউচ্যুয়াল ফান্ড গঠন করে;

(ছ) "উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ" বলিতে বুঝাইবে -

(অ) কোন একটি কোম্পানীর ক্ষেত্রে, যদি কোন ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত কোম্পানীতে কমপক্ষে দশ শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে ;

(আ) দুইটি কোম্পানীর মধ্যে, যদি একই ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রত্যেকটি কোম্পানীর কমপক্ষে দশ শতাংশ ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে;

(জ) "ট্রাষ্টি" অর্থ এমন কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান সংবিধিবদ্ধ সংস্থা বা কোম্পান যাহা মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি ট্রাস্টি ব্যবস্থাধীনে রাখার উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)-এর অধীন গঠিত এবং এই বিধির ২০-এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত ;

(ঝ) "তদন্তকারী কর্মকর্তা" অর্থ বিধি ৮৬(১)-এর অধীন কমিশন কর্তৃক তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(ঞ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল ;

(ট) "পরিদর্শন কর্মকর্তা" অর্থ বিধি ৭৫(১)-এর অধীন কমিশন কর্তৃক পরিদর্শন কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোন কর্মকর্তা;

(ঠ) "ফরম" অর্থ প্রথম তফসিল এ প্রদত্ত কোন ফরম ;

(ড) "ব্যক্তি" বলিতে কোন ব্যক্তিসমষ্টি বা কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা বা অন্য কোন সংস্থাও অন্তর্ভুক্ত হইবে;

(ঢ) "বিজ্ঞাপন"-এর অন্তর্ভুক্ত হইবে সকল ধরনের বিজ্ঞাপন, যাহা কোন পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে হইতে পারে বা কোন প্রদর্শনী, বিজ্ঞপ্তি, প্রতীক, লেবেল, সার্কুলার বা সুবিন্যস্ত তালিকা হইতে পারে বা অন্য কোন দলিল, চিত্র প্রদর্শনী বা ফাটোগ্রাফিক চলচ্চিত্র হিসাবে হইতে পারে বা বেতার ও টেলিভিশনে প্রচারণার মাধ্যমে হইতে পারে কিংবা অন্য কোন পন্থায় হইতে পারে ;

(ণ) "বেমেয়াদী স্কিম" (open end) অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ডের এমন কোন স্কীম যাহা পরিশোধের জন্য কোন মেয়াদ ও স্কীমের পরিমাণ নির্ধারণ না করিয়া ইউনিট বিক্রয়ের প্রস্তাব করে এবং বুক ক্লোজারের সময় ব্যতিরেকে বছরের সারা সময় ধরিয়া ক্রয় ও পুনঃ ক্রয়ের সুবিধা প্রদানের প্রস্তাব করে;

(ত) "মিউচ্যুয়াল ফান্ড" অর্থ ট্রাষ্ট আকারে গঠিত এমন কোন ফান্ড যাহার উদ্দেশ্য এই বিধিমালা অনুসারে অর্থ বাজার ইন্সট্রুমেন্টে বিনিয়োগের জন্য এক বা একাধিক স্কীমের অধীন জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত অর্থ;

(থ) "মূলধনী লাভ" অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এ "capital gain" যে অর্থে ব্যবহৃত হইয়াছে তাহা ;

(দ) "মেয়াদী স্কীম" (close-end) অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ডের এমন কোন স্কীম যাহার পরিপক্কতার মেয়াদ ও স্কীমের পরিমাণ নির্ধারিত থাকে;

(ধ) "সম্পদ ব্যবস্থাপক" অর্থ মিউচ্যুয়াল ফাণ্ড, ব্যবস্থাপনা ও উহার পরিচালনার উদ্দেশ্যে গঠিত এমন কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা বা কোন কোম্পানী যাহা কোম্পানী আইন ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত এবং এই বিধির ২৮-এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত;

(ন) "হেফাজতকারী" অর্থ এমন কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা, ডিপোজিটরী বা কোন কোম্পানী যাহা সিকিউরিটিজ হেফাজতে রাখার কর্মে নিয়োজিত থাকার (গ্রাহকের পক্ষে সিকিউরিটিজ সরবরাহের কিংবা ক্লিয়ারিং পদ্ধতিতে অংশ গ্রহণ করার) উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)-এর অধীন গঠিত এবং এই বিধির ৩৭-এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), ব্যাংকিং কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪নং আইন) ও উহাদের অধীনে জারীকৃত কোন বিধিমালা বা প্রবিধানমালায় ব্যবহৃত হইয়াছে এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)-এ ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

দ্বিতীয় অধ্যায়
মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধন

৩। **মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধন**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফাণ্ড এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপ নিবন্ধন ব্যতীত কোন মিউচ্যুয়াল ফান্ড পরিচালনা করা যাইবে না।

৪। **নিবন্ধনের দরখাস্ত**।- কোন মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধনের জন্য উদ্যোক্তা কর্তৃক ফরম 'ক'তে কমিশনের নিকট দরখাস্ত করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা প্রবর্তনের পূর্বে কোন উদ্যোক্তা মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধনের জন্য কমিশনের নিকট দরখাস্ত করিয়া থাকিলে তাহা এই বিধির অধীন দরখাস্ত বলিয়া গণ্য হইবে এবং তদানুযায়ী উহা নিষ্পত্তি করা হইবে।

৫। **দরখাস্ত ফি**।– বিধি ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্তের সহিত দরখাস্ত ফি বাবদ দশ হাজার টাকা (অফেরতযোগ্য) কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে, অন্যথায় কোন দরখাস্ত বিবেচিত হইবে না।

৬। **দরখাস্ত পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে**।- প্রবিধান ৪ এর অধীন পেশকৃত প্রত্যেকটি দরখাস্ত তজ্জন্য নির্ধারিত ফরমে বর্ণিত নির্দেশাবলী অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত হইতে হইবে, অন্যথায় দরখাস্ত বাতিলযোগ্য হইবে ;

তবে শর্ত থাকে যে কোন দরখাস্ত বাতিল করার পূর্বে কমিশন কর্তৃক উত্থাপিত আপত্তি একুশ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য দরখাস্তকারীকে দরখাস্ত প্রাপ্তির তারিখ হইতে পনের দিনের মধ্যে লিখিতভাবে জানাইতে হইবে।

৭। **অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব**।- (১) কমিশন কোন মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধনের জন্য প্রয়োজন মনে করিলে উদ্যোক্তা কর্তৃক তাহার দরখাস্তে প্রদত্ত তথ্যের অতিরিক্ত কোন তথ্য বা প্রদত্ত তথ্যের ব্যাখ্যা তলব করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন তথ্য বা উহার ব্যাখ্যা তলব করা হইলে প্রয়োজনে উদ্যোক্তা অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধি ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়াও উক্ত তথ্যের ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

৮। **দরখাস্ত বিবেচনা**।- বিধি ৪ এর অধীন প্রাপ্ত সকল দরখাস্ত কমিশন যথাযথভাবে বিবেচনা করিবে এবং দরখাস্ত প্রাপ্তির অনধিক ত্রিশ দিনের মধ্যে কমিশন তৎসম্পর্কে উহার সিদ্ধান্ত প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, বিধি ৭ এর অধীন কোন অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব করা হইলে উহা প্রদানের তারিখ হইতে উক্ত ত্রিশ দিন গণনা করা হইবে।

৯। **নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা**।- কোন মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি–

(ক) উহা ট্রাস্ট আকারে গঠিত না হয় এবং কমিশন কর্তৃক উহার ট্রাস্ট দলিল অনুমোদিত না হয়;

(খ) উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারী এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত না হয়;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কোন স্কীমের জন্য বিধি ৪৬ এর অধীন সংগৃহীতব্য ন্যূনতম অর্থের অন্ততঃ শতকরা দশ ভাগ উদ্যোক্তা প্রদান না করে ;

তবে শর্ত থাকে যে, উক্ত শতকরা দশ ভাগের অন্ততঃ এক দশম অংশ উদ্যোক্তা কর্তৃক সংশ্লিষ্ট স্কীমের পূর্ণ মেয়াদন পর্যন্ত সার্বক্ষণিক সংরক্ষণ করিতে হইবে।

১০। **নিবন্ধন মঞ্জুরী**।- (১) বিধি ৯ এ উল্লেখিত কোন অযোগ্যতা না থাকিলে কমিশন মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং মিউচ্যুয়াল ফাণ্ডটি নিবন্ধন করিবে :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ ফান্ডের দশমিক বিশ শতাংশ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।

(২) কোন মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'-তে একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

১১। **বার্ষিক ফি**।- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডকে প্রত্যেক অর্থ বৎসর (যাহা সনদ প্রদানের তারিখ হইতে গণনা করা হইবে) শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ ফান্ড মূল্যের দশমিক দশ শতাংশ টাকা, কিংবা পঞ্চাশ হাজার টাকার মধ্যে যাহা বেশী হইবে উহা, কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন মিউচ্যুয়াল ফান্ড বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত মিউচ্যুয়াল ফান্ডকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোন স্কীম গ্রহণ বিবেচনা করিবে না।

(৩) এই বিধিমালার কোন বিধান ক্ষুণ্ন না করিয়া, কশিন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোন মিউচ্যুয়াল ফান্ডকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পূর্ববর্তী যাট দিনের মধ্যে যে কোন সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে।

১২। **নিবন্ধিত মিউচ্যুয়াল ফাণ্ড কর্তৃক পালনীয় বিষয়সমূহ**।- বিধি ১০ এর অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারী-

(ক) সংশ্লিষ্ট সকল আইন ও এই বিধিমালার বিধানাবলী মানিয়া চলিবে ;

(খ) সার্বক্ষণিক অভ্যন্তরীণ নিরীক্ষা নিশ্চিত করিবে ;

(গ) কমিশনের নিকট পূর্বে পেশকৃত তথ্য বস্তুগতভাবে ভ্রান্তিপূর্ণ বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে ;

(ঘ) কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধনের সহিত সংশ্লিষ্ট ইতিপূর্বে পেশকৃত কোন তথ্য বা বিবরণীতে কোন বস্তুগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে ;

(ঙ) কমিশন কর্তৃক কোন তদন্তকালে উহার সকল পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে ;

(চ) কোন তদন্তের প্রয়োজনে কমিশন কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি কমিশনের নিকট পেশ করিবে।

১৩। **কর্মকর্তা, ইত্যাদি নিয়োগের বাধানিষেধ**।- মিউচ্যুয়াল ফান্ড পরিচালনার জন্য নিযুক্ত কোন কর্মকর্তা বা কর্মচারী একই সঙ্গে কোন মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও ম্যানেজার, স্টক ডিলার বা স্টক ব্রোকারের কর্মকর্তা বা কর্মচারী হইতে পারিবে না।

১৪। **নিবন্ধন মঞ্জুর না হওয়ার ক্ষেত্রে করণীয়**।- (১) বিধি-৯ এ উল্লিখিত বিষয়সমূহের আলোকে কমিশনের নিকট কোন মিউচ্যুয়াল ফাণ্ড নিবন্ধনের অনুপযুক্ত বিবেচিত হইলে কমিশন তৎসংক্রান্ত দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন দরখাস্ত বাতিল করা হইলে কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট দরখাস্ত করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন দরখাস্ত প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে দরখাস্তকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন দরখাস্ত প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত শুনানী গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত দরখাস্তকারীকে জানাইয়া দিবে।

তৃতীয় অধ্যায়
মিউচ্যুয়াল ফাণ্ড গঠন ও ব্যবস্থাপনা

১৫। **মিউচ্যুয়াল ফাণ্ড গঠন পদ্ধতি**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফাণ্ড Trust Act 1882 (II of 1882) এর অধীন ট্রাস্ট আকারে গঠন করিতে হইবে এবং Registration Act, 1908 (XVI of 1908) এর অধীন ট্রাস্ট দলিল নিবন্ধিত হইতে হইবে।

(২) উক্ত ট্রাস্ট দলিল ট্রাস্টির বরাবরে উদ্যোক্তা কর্তৃক সম্পাদিত হইতে হইবে।

(৩) উক্ত ট্রাস্ট দলিল নিবন্ধনের পূর্বে কমিশনের নিকট উহা অনুমোদনের জন্য পেশ করিতে হইবে এবং উক্তরূপ অনুমোদন প্রাপ্তির পরই উক্ত দলিলটি নিবন্ধন করা যাইবে।

(৪) উক্ত ট্রাস্ট দলিলে এই বিধিমালার দ্বিতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে।

(৫) উক্ত ট্রাস্ট দলিলে এমন কোন বিষয়ের উল্লেখ থাকিবে না যাহা–

(ক) মিউচ্যুয়াল ফান্ড বা উহার ইউনিট মালিকদের সম্পর্কে ট্রাস্টের দায়দায়িত্ব ও বাধ্যবাধকতা সীমাবদ্ধ করিবে বা উহার অবসান ঘটাইবে; অথবা

(খ) ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপকের কার্যে অবহেলা তৎকর্তৃক কোন কার্য করা বা না করার কারণে ইউনিট মালিকদের লোকসান ও ক্ষতি সাধিত হইবার পরও উহার দায়দায়িত্ব হইতে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপককে অব্যাহতি দান করিবে।

(৬) মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধিত দপ্তরে উক্ত ট্রাস্ট দলিল সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখিতে হইবে।

১৬। **মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি অছি ব্যবস্থাধীনে রাখার জন্য এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক ট্রাস্টি হিসাবে নিবন্ধিত কোন কোম্পানী, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা সংবিধিবদ্ধ সংস্থাকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করিতে হইবে এবং বিধি ১৫ এর অধীন সম্পাদিতব্য ট্রাস্ট দলিল উক্ত ট্রাস্টির বরাবরে সম্পাদিত করিতে হইবে।

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা ও উহার স্কীমসমূহের পরিচালনার জন্য এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধিত কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগ করিতে হইবে।

(৩) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিসমূহের হেফাজত রাখার উদ্দেশ্যে এই বিধিমালার অধীন কমিশন কর্তৃক হেফাজতকারী হিসাবে নিবন্ধিত কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে হেফাজতকারী হিসাবে নিয়োগ করিতে হইবে।

চতুর্থ অধ্যায়
ট্রাস্টি

১৭। **ট্রাস্টি হিসাবে নিবন্ধন**।-(১) কোন মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে নিয়োগের জন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে না।

১৮। **নিবন্ধনের দরখাস্ত**।-(১) ট্রাস্টি হিসাবে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'খ' ও পাঁচ হাজার টাকার একটি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট কমিশনের বরাবরে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত ট্রাস্টির সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) বিধি ৬, ৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৯। **নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা**।-(১) কোন কোম্পানী, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা সংবিধিবদ্ধ সংস্থা ট্রাস্টি হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি–

(ক) উহার অন্যূন এ কোটি টাকার পরিশোধিত মূলধন এবং আশি লক্ষ টাকার নীট সম্পদ (net-worth) না থাকে।

(খ) উহা বা উহার কোন পরিচালক ঋণখেলাপী থাকে;

(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;

(ঘ) উহা বা উহার কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা সম্পদ ব্যবস্থাপক, ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্ত কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের পরিচালক হন বা উহার সহিত কোনভাবে সম্পর্কিত হন;

(ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন পাঁচ বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে;

(চ) উহার ব্যবসার স্থান, অফিস ও সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম না থাকে।

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনটি যে কোন ট্রাস্টির ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

২০। **নিবন্ধন মঞ্জুরী**।- (১) বিধি ১৯ এ উল্লেখিত কোন অযোগ্যতা বিদ্যমান থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে ট্রাস্টি নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং ট্রাস্টিকে নিবন্ধন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ পনের হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।

(২) কোন ট্রাস্টিকে নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ'কে একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

২১। **নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়**।- (১) বিধি ১৯ এ উল্লেখিত কোন অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন ট্রাস্টির নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন দরখাস্ত নামঞ্জুর করা হইলে উহার কারণসহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদন প্রাপ্তির

বা ক্ষেত্রমত ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানী গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

২২। **বার্ষিক ফি**।- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক ট্রাস্টিকে প্রত্যেক অর্থ বৎসর (যাহা সনদ প্রদানের তারিখ হইতে গণনা করা হইবে) শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ পাঁচ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন ট্রাস্টি বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত ট্রাস্টিকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোন ট্রাস্টিশীপ গ্রহণ বিবেচনা করিবে না।

(৩) এই বিধিমালার কোন বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোন ট্রাস্টিকে উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোন সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে।

২৩। **ট্রাস্টি নিয়োগ**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা উহার সম্পত্তি অছি ব্যবস্থাধীন রাখার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোন ট্রাস্টিকে নিয়োগ করিবে:

তবে শর্ত থাকে যে, যদি কোন কোম্পানীর পরিচালনা পর্ষদের সদস্যদের পঞ্চাশ ভাগের বেশী উহার অধিভুক্ত কোন কোম্পানীর বা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য হন অথবা উহার উদ্যোক্তা বা উদ্যোক্তা কোম্পানীর সহিত সংশ্লিষ্ট হন তাহা হইলে উক্ত কোম্পানীকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, কোন সম্পদ ব্যবস্থাপককে ট্রাস্টি হিসাবে নিয়োগ করা যাইবে না; তবে বিধি ৩৬ এ উল্লেখিত বিধানাবলী সাপেক্ষে কোন ট্রাস্টিকে হেফাজতকারী হিসাবেও নিয়োগ করা যাইবে।

(২) কোন ট্রাস্টি উদ্যোক্তার বা সম্পদ ব্যবস্থাপকের অধিভুক্ত বা সহযোগী হইতে পারিবে না, তবে জনস্বার্থে কমিশন কোন ট্রাস্টির ক্ষেত্রে এই দফার শর্ত শিথিল করিতে পারিবে;

(৩) ট্রাস্টি নিয়োগের ক্ষেত্রে যে কোন পরিবর্তনের জন্য কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(৪) দুই-তৃতীয়াংশ ইউনিট মালিকগণের লিখিত আবেদন, কিংবা কমিশন জনস্বার্থে উপযুক্ত বিবেচনা করিলে, কমিশন কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করিয়া সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর সাথে পরামর্শক্রমে উহার স্থলে নতুন ট্রাস্টি নিয়োগ করিতে পারিবে:-

তবে শর্ত থাকে যে, ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান না করিয়া কমিশন কোন ট্রাস্টির নিয়োগ বাতিলের সিদ্ধান্ত নিবে না।

(৫) কোন ট্রাস্টি তাহার স্থলে অন্য কোন ট্রাস্টি নিযুক্ত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ করিতে পারিবে না।

২৪। **ট্রাস্টিগণের দায়-দায়িত্ব**।- (১) ট্রাস্ট পরিচালনার সহিত সম্পর্কিত যে কোন তথ্য সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে প্রাপ্তির অধিকার ট্রাস্টির থাকিবে এবং ট্রাস্টি সম্পদ ব্যবস্থাপকের নিকট সময় সময় সাময়িক প্রতিবেদন চাহিতে পারিবে।

(২) কোন ট্রাস্টি যদি কখনও মনে করে যে মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সংশ্লিষ্ট আইন বা এই বিধিমালা অনুযায়ী পরিচালিত হইতেছে না তাহা হইলে, তৎক্ষণাৎ উক্ত ট্রাস্টি পরিস্থিতি সংশোধনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং কমিশনকে তৎসম্পর্কে অবহিত করিবে।

(৩) ট্রাস্টি ট্রাস্টের পক্ষে কোন অর্জন ও হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সকল দলিল সম্পাদনের ব্যবস্থা নিশ্চিত করিবে এবং সম্পদ ব্যবস্থাপক কর্তৃক লেনদেন যেন যথাযথভাবে এবং এই বিধিমালা অনুসারে সম্পাদিত হয় তাহা নিশ্চিত করিবে।

(৪) সম্পদ ব্যবস্থাপক কর্তৃক এই বিধিমালা মানিয়া চলার জন্য ট্রাস্টিও দায়ী থাকিবে।

(৫) ট্রাস্টি, ট্রাস্ট দলিল বলে ক্ষমতাবান হইলে, সম্পদ ব্যবস্থাপকের সহিত তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে।

(৬) ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের স্কীমের সম্পদের তত্ত্বাবধান করিবে এবং এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী ইউনিট মালিকগণের পক্ষে উহা অছি ব্যবস্থাধীনে রাখিবে।

(৭) মিউচ্যুয়াল ফান্ডের সকল লেনদেন যাহাতে ট্রাস্ট দলিল ও এই বিধিমালার তৃতীয় তফসিল অনুযায়ী পরিচালিত হয় তাহা ট্রাস্টি নিশ্চিত করিবে।

(৮) এই বিধিমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী মিউচ্যুয়াল ফান্ডে প্রদেয় কোন অর্থ এবং কোন স্কীমের ইউনিট মালিকদের পক্ষে মিউচ্যুয়াল ফান্ডে গৃহীত কোন অর্থের হিসাবের জন্য ট্রাস্টি দায়ী থাকিবে।

(৯) মিউচ্যুয়াল ফান্ডের কর্মকান্ড সম্পর্কে ট্রাস্টিগণ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিকট হইতে ত্রৈমাসিক প্রতিবেদন গ্রহণপূর্বক উহা পরীক্ষা করিবে এবং সম্পদ ব্যবস্থাপক উহার দায়িত্ব যথাযথভাবে পরিপালন করিতেছে এইমর্মে একটি প্রত্যয়নসহ উক্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী এক মাসের মধ্যে কমিশনের নিকট পেশ করিবে।

(১০) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ট্রাস্টি ইউনিট মালিকদের সভা আহ্বান করিবে, যথাঃ-

(ক) ইউনিট মালিকদের স্বার্থে কমিশন সভা আহ্বানের নির্দেশ প্রদান করিলে ;

(খ) কোন একটি স্কীম বা সকল স্কীমের ইউনিট মালিকদের তিন-চতুর্থাংশ সভা তলব করিলে ; অথবা

(গ) ট্রাস্টি কোন স্কীম গুটাইয়া ফেলিতে বা যথাসময়ের পূর্বেই ইউনিটসমূহের মূল্য পরিশোধ করিতে কিংবা কোন স্কীম সংশোধন করিতে চাহিলে।

পঞ্চম অধ্যায়
সম্পদ ব্যবস্থাপক

২৫। **সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন**।- কোন মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগের জন্য কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিয়োগ করা যাইবে না।

২৬। নিবন্ধনের দরখাস্ত।- (১) সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'গ' ও দশ হাজার টাকার একটি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট কমিশনের বরাবরে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের সহিত সম্পদ ব্যবস্থাপকের সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) বিধি ৬, ৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১)-এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২৭। **নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা**।- (১) কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি–

(ক) উহার অন্যূন দেড় কোটি টাকা পরিশোধিত মূলধন এবং এক কোটি পঁচিশ লক্ষ টাকার নীট সম্পদ (net-worth) না থাকে;

(খ) উহা বা উহার কোন পরিচালক ঋণ লেখাপী থাকে;

(গ) উহার লেনদেনে সত্যতা সুখ্যাতি না থাকে;

(ঘ) উহা বা উহার কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা কোন ট্রাস্টি বা হেফাজতকারীর পরিচালক হন বা ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্ত কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের কোন পরিচালক হন বা উহাদের সহিত কোনভাবে সম্পর্কিত হন;

(ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন পাঁচ বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে;

(চ) উহার ব্যবসার স্থান, অফিস ও সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় সাজসরঞ্জাম না থাকে।

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনটি যে কোন সম্পদ ব্যবস্থাপকের ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

২৮। **নিবন্ধন মঞ্জুরী**।- (১) বিধি ২৭ এ উল্লিখিত কোন অযোগ্যতা না থাকিলে কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সম্পদ ব্যবস্থাপক নিবন্ধের দরখাস্ত মঞ্জুর করিবে এবং সম্পদ ব্যবস্থাপককে নিবন্ধন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ ত্রিশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।

(২) কোন সম্পদ ব্যবস্থাপক নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'ঙ' তে একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

২৯। **নিবন্ধন নামঞ্জুরী হওয়ার ক্ষেত্রে করণীয়**।- (১) বিধি ২৭ এ উল্লেখিত কোন অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন সম্পদ ব্যবস্থাপক নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন দরখাস্ত নামঞ্জুর করা হইলে, কমিশন উহার কারণসহ সিদ্ধান্তটি দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানী গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

৩০। **বার্ষিক ফি**।- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেক সম্পদ ব্যবস্থপককে প্রত্যেক অর্থ বৎসর (যাহা সনদ প্রদানের তারিখ হইতে গণনা করা হইবে) শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ বিশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা করিতে হইবে।

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন সম্পদ ব্যবস্থাপক বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে কমিশন উক্ত ব্যবস্থাপককে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোন সম্পদ ব্যবস্থাপক হিসাবে কোন দায়িত্ব গ্রহণ বিবেচনা করিবে না।

(৩) এই বিধিমালার কোন বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোন সম্পদ ব্যবস্থাপককে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোন সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে।

৩১। সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা নিজে কিংবা, ট্রাস্ট দলিল বলে ক্ষমতাবান হইলে, ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোন সম্পদ ব্যবস্থাপক নিয়োগ করিবে ও তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহ এবং মিউচ্যুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে।

(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে অথবা স্কীমের দুই-তৃতীয়াংশ ইউনিট ইউনিট মালিক দাবী করিলে, কোন সম্পদ ব্যবস্থাপকের নিয়োগ বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) কমিশন, সম্পদ ব্যবস্থাপককে ব্যক্তিগত শুনানীর সুযোগ প্রদান সাপেক্ষে, জনস্বার্থে, কোন সম্পদ ব্যবস্থাপকের কিংবা উহার প্রধান নির্বাহী কর্মকর্তার নিয়োগ বাতিল করিতে পারিবে।

(৪) সম্পদ ব্যবস্থাপক নিয়োগের ক্ষেত্রে যে কোন পরিকর্তন কমিশনের পূর্বানুমোদনক্রমে হইতে হইবে।

৩২। **সম্পদ ব্যবস্থাপকের তৎপরতার উপর বিধিনিষেধ**।- কোন সম্পদ ব্যবস্থাপক–

(ক) কোন মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে কাজ করিতে পারিবে না ;

(খ) বিধি ৩৩ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে স্কীমের আকার, উদ্দেশ্য, ধরন, প্রচারপত্র প্রস্তুত ও তজ্জন্য কমিশনের সম্মতিগ্রহণ, স্কীমের ইউনিট সনদ ইস্যু, বিনিয়োগ পোর্ট ফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/পরিচালনা, নীট সম্পদ মূল্য (NAV) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তুত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলী ব্যতিরেকে সম্পদ ব্যবস্থাপক অন্য কাজ ট্রাস্টি ও কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ বা পরিচালনা করিতে পারিবে না।

৩৩। **সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়দায়িত্ব**।- (১) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার জন্য যুক্তিসংগত ও প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোন স্কীমের সহিত সংশ্লিষ্ট তহবিলের বিনিয়োগ যেন এই বিধিমালা ও ট্রাস্ট দলিলের পরিপন্থী না হয় উহা নিশ্চিত করিবে।

(২) সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ড তথা উহার অধীনে স্কীম পরিচালনার জন্যে যেই সকল ব্যাংকে হিসাব খুলিবে ও বন্ধ করিবে তাহার পূর্ণ বিবরণসহ ঐ সকল হিসাবে লেনদেনকৃত তথ্যাদি এবং সংশ্লিষ্ট সিকিউরিটিজ লেনদেনের বিস্তারিত পাক্ষিক ভিত্তিতে ট্রাস্টি ও হেফাজতকারীকে সরবরাহ করিবে।

(৩) সম্পদ ব্যবস্থাপক উহার প্রতিটি হিসাব বৎসরের নিরীক্ষিত হিসাব, হিসাব বৎসর শেষ হইবার তিন মাসের মধ্যে, কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিবে।

(৪) সম্পদ ব্যবস্থাপক উহার কার্যক্রম সম্পর্কে প্রতি বৎসর ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর তারিখের পরবর্তী পনের দিনের মধ্যে কমিশন ও ট্রাস্টির নিকট ত্রৈমাসিক প্রতিবেদন পেশ করিবে।

(৫) সম্পদ ব্যবস্থাপক, অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত সকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে, যথা:-

(ক) নিয়ন্ত্রণমূলক প্রতিপালন ও প্রতিবেদন সংক্রান্ত কার্যসমূহ ;

(খ) মিউচ্যুয়াল ফান্ডের প্রসপেক্টাস, বার্ষিক ও সাময়িক প্রতিবেদন এবং বিনিয়োগকারীর জন্য অন্যান্য পত্রাদি প্রণয়ন ও বিতরণ;

(গ) বিজ্ঞাপন ও অন্যান্য বিক্রয় সামগ্রী;

(ঘ) হিসাবরক্ষণ কার্যক্রম ও কর রিটার্ন প্রণয়ন; এবং

(ঙ) বীমা ও অন্যান্য সেবাসমূহ।

(৬) সম্পদ ব্যবস্থাপকের নিকট হইতে যুক্তিসংগত নোটিশ পাওয়ার পর ট্রাস্টি যে কোন সময় উক্ত কোম্পানীকে কমিশনের পূর্বানুমতিক্রমে, মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে; তবে শর্ত থাকে যে, নব নিযুক্ত সম্পদ ব্যবস্থাপক দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত উক্তরূপ অব্যাহতি কার্যকর হইবে না।

(৭) কোন চুক্তিতে যাহাই থাকুক না কেন, কোন সম্পদ ব্যবস্থাপক বা উহার পরিচালক বা কর্মকর্তা স্ব স্ব পদে নিয়োজিত থাকাকালীন সময়ে নিজ নিজ কর্ম বা বিচ্যুতির জন্য মিউচ্যুয়াল ফান্ডের প্রতি স্ব স্ব দায়দায়িত্ব হইতে অব্যাহতি পাইবে না।

(৮) কমিশনের ও ট্রাস্টির নিকট সম্পদ ব্যবস্থাপক কর্তৃক পেশকৃত তথ্য ও বিবরণীতে কোন প্রকার বস্তুগত পরিবর্তন ঘটিলে সম্পদ ব্যবস্থাপক তৎক্ষণাৎ সেই সম্পর্কে কমিশন ও ট্রাস্টিকে অবহিত করিবে।

(৯) কমিশনের পূর্ব অনুমোদন ব্যতীত সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনায় কোন প্রকার পরিবর্তন করা যাইবে না।

ষষ্ঠ অধ্যায়
হেফাজতকারী

৩৪। **হেফাজতকারী হিসাবে নিবন্ধন**।- কোন মিউচ্যুয়াল ফান্ডের হেফাজতকারী হিসাবে নিয়োগের জন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, হেফাজতকারী হিসাবে গঠিত কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে এই বিধিমালা মোতাবেক কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং উক্তরূপে নিবন্ধিত না হইলে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে হেফাজতকারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৩৫। **নিবন্ধনের দরখাস্ত**।- (১) হেফাজতকারী হিসাবে কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থাকে নিবন্ধন লাভের জন্য ফরম 'ঘ' ও পাঁচ হাজার টাকার একটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কমিশনের বরাবরে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি ১ এর অধীন দরখাস্তের সহিত হেফাজতকারীর সংঘ স্মারক ও সংঘ বিধি বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আইন বা আদেশ এর কপি কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) বিধি ৬, ৭ ও ৮ এর বিধানাবলী উপ-বিধি (১) এর অধীন দরখাস্তের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৩৬। **নিবন্ধন মঞ্জুরীর অযোগ্যতা**।- (১) কোন কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা হেফাজতকারী হিসাবে নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি–

(ক) উহার অন্যূন এক কোটি টাকা পরিশোধিত মূলধন এবং ষাট লক্ষ টাকার নীট সম্পদ (net-worth) না থাকে;

(খ) উহা বা উহার কোন পরিচালক ঋণ খেলাপী থাকে;

(গ) উহার লেনদেনে সততার সুখ্যাতি না থাকে;

(ঘ) উহা বা উহার কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা বা সম্পদ ব্যবস্থাপক, স্টক ডিলার, স্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্ট ফোলিও ম্যানেজার হন বা উহার বা উহাদের অধীনস্থ কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের পরিচালক হন বা উহাদের সহিত কোনভাবে সম্পর্কিত হন।

(ঙ) উহার প্রধান নির্বাহী কর্মকর্তার আর্থিক বাজারে সেবার ক্ষেত্রে নির্বাহী হিসাবে অন্যূন পাঁচ বৎসরের এবং অন্যান্য কর্মকর্তার আর্থিক বাজার সংশ্লিষ্ট প্রয়োজনীয় অভিজ্ঞতা না থাকে;

(চ) উহার ব্যবসার স্থান, অফিস ও সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জাম না থাকে।

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনটি যে কোন হেফাজতকারীর ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

৩৭। **নিবন্ধন মঞ্জুরী**।- (১) বিধি ৩৬ এ উল্লেখিত কোন অযোগ্যতা না থাকিলে, কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে হেফাজতকারীর নিবন্ধের দরখাস্ত মঞ্জুর করিবে এবং হেফাজতকারীকে নিবন্ধন করিবে:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ বিশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।

(২) কোন হেফাজতকারীকে নিবন্ধন প্রদান করা হইলে কমিশন ফরম '৬'-তে একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

৩৮। **নিবন্ধন নামঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়**।- (১) বিধি ৩৬ এ উল্লেখিত কোন অযোগ্যতা বিদ্যমান থাকিলে কমিশন হেফাজতকারীর নিবন্ধনের দরখাস্ত নামঞ্জুর করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন দরখাস্ত নামঞ্জুর করা হইলে কারণসহ সিদ্ধান্তটি কমিশন দরখাস্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে দরখাস্তকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রেমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

৩৯। **বার্ষিক ফি**।- (১) এই বিধিমালার অধীন নিবন্ধিত প্রত্যেকটি হেফাজতকারীকে প্রত্যেক অর্থ বৎসর (যাহা সনদ প্রদানের তারিখ হইতে গণনা করা হইবে) শুরু হইবার পূর্বে বার্ষিক ফি বাবদ দশ হাজার টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত সময়ের মধ্যে বার্ষিক ফি জমা করিতে ব্যর্থ হইলে প্রতি মাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য বার্ষিক ফি এর অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে কমিশনে জমা করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী কোন হেফাজতকারী বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত হেফাজতকারীকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নতুন কোন হেফাজতকারী হিসাবে কাজ গ্রহণ বিবেচনা করিবে না।

(৩) এই বিধিমালার কোন বিধান ক্ষুণ্ন না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে তাহা হইলে, কোন হেফাজতকারীকে, উহার দরখাস্তের পরিপ্রেক্ষিতে, অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোন সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে।

৪০। **হেফাজতকারীর নিয়োগ**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিসমূহ হেফাজতে রাখার উদ্দেশ্যে কমিশন কর্তৃক নিবন্ধিত কোন হেফাজতকারীকে নিয়োগ করিবে।

(২) ট্রাস্টি, কমিশনের পূর্বানুমতিক্রমে এবং মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থে, কোন হেফাজতকারীর নিয়োগ, প্রযোজ্য ক্ষেত্রে, বাতিল করিতে পারিবে এবং বাতিলের বিষয় কমিশনকে বাতিলের তিন কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) হেফাজতকারী নিয়োগের ক্ষেত্রে যে কোন পরিবর্তন কমিশনের পূর্বানুমতিক্রমে হইতে হইবে।

৪১। **হেফাজতকারীর দায়দায়িত্ব**।- (১) হেফাজতকারী মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটিসমূহ নিরাপদ হেফাজতে রাখিবে এবং মিউচ্যুয়াল ফান্ডের সম্পদের সর্বোচ্চ নিরাপত্তার ব্যবস্থা করিবে।

(২) হেফাজতকারী, অন্যান্যের মধ্যে, মক্কেলের খাতওয়ারী নিম্নোক্ত দলিল ও তথ্যাদি সংরক্ষণ করিবে–

(ক) সিকিউরিটিজ গ্রহণ ও বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;

(খ) অর্থ গ্রহণ এবং বিতরণের পূর্ণাঙ্গ বিবরণ;

(গ) মক্কেলের পক্ষে ধারণকৃত সিকিউরিটিজের উপর মক্কেলের অধিকার সম্পর্কিত পূর্ণ বিবরণ;

(ঘ) সিকিউরিটিজ নিবন্ধনের পূর্ণাঙ্গ বিবরণ;

(ঙ) প্রত্যেক মক্কেলের জন্য হিসাব বিবরণী (ledger of accounts);

(চ) মক্কেলের নিকট হইতে প্রাপ্ত এবং মক্কেলের নিকট প্রদত্ত আদেশের পূর্ণাঙ্গ বিবরণ; এবং

সপ্তম অধ্যায়
মিউচ্যুয়াল ফাণ্ডের স্কীম

৪২। স্কীম ঘোষণার পদ্ধতি।- (১) উদ্যোক্তা অথবা ট্রাস্টি থাকিলে ট্রাস্টির অনুমতি এবং কমিশনের পূর্বানুমোদনক্রমে, সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের কোন স্কীম ঘোষণা করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন স্কীম অনুমোদনের জন্য সম্পদ ব্যবস্থাপক কমিশনের নিকট উক্ত স্কীমের বিবরণ, প্রসপেক্টাস, লেটার অব অফার, ট্রাস্টির অনুমতিপত্র এবং স্কীম সম্পর্কিত অন্যান্য আনুষংগিক কাগজপত্র দাখিল করিবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কাগজপত্র বিবেচনার পর কমিশন উক্ত কাগজপত্র প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রস্তাবিত স্কীম অনুমোদন বা নামঞ্জুর করিবে অথবা প্রয়োজনীয় সংশোধনের জন্য সম্পদ ব্যবস্থাপককে নির্দেশ প্রদান করিতে পারিবে।

৪৩। স্কীম সম্পর্কে প্রচারণা।- (১) কমিশনের অনুমোদন ব্যতীত, কোন স্কীম সম্পর্কে কোন প্রসপেক্টাস, লেটার অব অফার বা বিজ্ঞাপন প্রচার করা যাইবে না।

(২) প্রত্যেকটি স্কীমের জন্য প্রসপেক্টাস, লেটার অব অফার ও অন্যান্য বিজ্ঞাপনী উপকরণ চতুর্থ তফসিল এ বর্ণিত নিয়মাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

(৩) কমিশন অনুমোদিত স্কীম সম্পর্কে কোন প্রসপেক্টাস একটি বহুল প্রচলিত জাতীয় বাংলা পত্রিকায় ও বিজ্ঞপ্তি আকারে একটি জাতীয় বাংলা ও একটি জাতীয় ইংরেজি পত্রিকায় প্রকাশ করিবে।

৪৪। **বিভ্রান্তমূলক বিবরণ**।- বিধি ৪৩ এর অধীন কোন প্রসপেক্টাস, লেটার অব অফার অথবা বিজ্ঞাপনে কোনরূপ বিভ্রান্তিমূলক বিবরণ অথবা ভুল বা অসত্য বক্তব্য বা মতামত থাকিবে না।

৪৫। **স্কীমের তালিকাভুক্তিকরণ**।- (১) কোন স্কীম কমিশন কর্তৃক অনুমোদিত হইবার অব্যবহিত পর উহা, প্রযোজ্য ক্ষেত্রে, কোন স্টক এক্সচেঞ্জে চাঁদার মেয়াদ উত্তীর্ণের ছয় সপ্তাহের মধ্যে তালিকাভুক্ত করিতে হইবে; অন্যথায় বিধি ৪৮, উপ-বিধি (৩) ও (৪) অনুযায়ী চাঁদার অর্থ ফেরৎ দিতে হইবে।

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীতে উল্লেখিত সময়সীমা সর্বোচ্চ এক মাস বর্ধিত করিতে পারিবে।

৪৬। **স্কীমের জন্য সংগৃহিতব্য ন্যূনতম অর্থ**।- (১) প্রত্যেকটি মেয়াদী বা বেমেয়াদী স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে যথাক্রমে তিন কোটি টাকা ও ছয় কোটি টাকা।

(২) স্কীমের কোন অংশ উদ্যোক্তা যথাযথ বিবেচনা করিলে পাবলিক অফারের পূর্বে প্রাক-আইপিও প্লেসমেন্ট এর মাধ্যমেও সংগ্রহ করা যাইবে। এইরূপ ক্ষেত্রে কমিশনের সম্মতি গ্রহণের পূর্বে প্লেসমেন্টের অর্থ স্কীমের ব্যাংক একাউন্টে জমা হইয়াছে এইরূপ প্রমাণ পত্র কমিশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে প্রাক-আইপিও প্লেসমেন্টের ক্ষেত্রে কোনরূপ বাট্টা (discount) বা ফি (fee) গ্রহণ বা প্রদান করা যাইবে না।

৪৭। **চাঁদার জন্য স্কীম খোলা রাখার মেয়াদ**।- চাঁদার জন্য কোন স্কীম–

(ক) মেয়াদী স্কীমের ক্ষেত্রে, পনের দিন, অথবা

(খ) বেমেয়াদী স্কীমের ক্ষেত্রে, পঁয়তাল্লিশ দিন;

এর অধিক খোলা রাখা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, কমিশন কোন বিশেষ ক্ষেত্রে উক্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবেঃ

তবে আরও শর্ত থাকে যে, চাঁদা গ্রহণের তারিখ শেষ হওয়ার পূর্বেই যদি স্কীমের মোট অর্থের সমপরিমাণ চাঁদার অর্থ ব্যাংকে জমা হয়, তবে সম্পদ ব্যবস্থাপক অবিলম্বে ইস্যু ব্যাংকারদেরকে আর কোন চাঁদা গ্রহণ থেকে বিরত থাকার জন্য নির্দেশ দিবেন।

৪৮। ইউনিট বরাদ্দ ও **অর্থ-ফেরৎ প্রদান**।- (১) সম্পদ ব্যবস্থাপক যদি বিধি ৪৬ এর অধীন ন্যূনতম অর্থ বা লক্ষ্যমাত্রার অন্যূন ষাট শতাংশ অর্থ, যাহা অধিকতর হইবে, সংগ্রহ করিতে ব্যর্থ হয় তাহা হইলে, উহা চাঁদা প্রদানকারীগণের নিকট হইতে সংগৃহীত সমুদয় অর্থ কোন প্রকার কর্তন ছাড়াই ফেরৎ প্রদান করিবে।

(২) যে ক্ষেত্রে লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্থ সংগৃহীত হয় সেক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক স্কীমের সমপরিমাণ অর্থ রাখিয়া অবশিষ্ট অর্থ চাঁদা প্রদানকারীগণকে ফেরৎ দিবে।

(৩) উপ-বিধি (১) বা (২) এর অধীন ফেরৎযোগ্য অর্থ চাঁদার মেয়াদ শেষ হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে রেজিস্ট্রি ডাকযোগে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা কমিশনের পূর্বানুমোদনক্রমে কোন ব্যাংকে খোলা এসক্রো (escrow) একাউন্টের একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রাপকগণকে ফেরত প্রদান করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন এসক্রো একাউন্টে প্রাক-আইপিও প্লেসমেন্ট ও পাবলিক সাবসক্রিপসনের টাকা কোন তফসিলি ব্যাংকে জমা করিতে হইবে। উক্ত একাউন্টের টাকা কমিশনের পূর্বানুমতি ছাড়া উত্তোলন করা যাইবে না। লটারী শেষে সফল আবেদনকারীদের টাকা এসক্রো একাউন্ট হইতে কোম্পানীর একাউন্টে জমা হইবে; এবং বিফল আবেদনকারী ও বাতিলকৃত আবেদনের টাকা সরাসরি ফেরত দিতে হইবে। ইস্যুয়ার কোম্পানী টাকা ফেরতদানের সকল ব্যবস্থা গ্রহণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, এসক্রো একাউন্টে প্রাপ্ত সকল সুদের টাকা ইস্যু সংক্রান্ত প্রাথমিক খরচের সাথে সমন্বয় করিতে হইবে।

(৫) উপ-বিধি (৩) এ বর্ণিত সময়সীমার মধ্যে অর্থ ফেরৎ প্রদানে ব্যর্থ হইলে উক্ত সময়সীমার পর, সম্পদ ব্যবস্থাপকের খাত হইতে বার্ষিক শতকরা আঠার টাকা হারে চাঁদা প্রদানকারীগণকে সুদসহ সমুদয় অর্থ পরবর্তী এক মাসের মধ্যে পরিশোধ করিতে হইবে।

(৬) উপ-বিধি (৩) ও (৪) এ উল্লিখিত সময় সীমার পরবর্তী সাত দিনের মধ্যে ফেরৎ প্রদান সংক্রান্ত একটি প্রতিবেদন কমিশনের নিকট দাখিল করিতে হইবে, এবং কমিশন উহার প্রতিপালন হইতেছে কিনা তাহা যাচাই করিয়া দেখিবে।

৪৯। **ইউনিট সার্টিফিকেট**।- ইউনিট ক্রয়ের জন্য কোন দরখাস্তকারীর দরখাস্ত প্রত্যাখ্যান করা না হইলে বরাদ্দ সংক্রান্ত অবহিতি পত্র ত্রিশ দিনের মধ্যে এবং ইউনিট সংখ্যা উল্লেখ করিয়া নব্বই দিনের মধ্যে ইউনিট সার্টিফিকেট ইস্যু করিবে।

৫০। **ইউনিট সার্টিফিকেট হস্তান্তর**।- (১) স্কীমে কোন বাধা বা নিষেধাজ্ঞা না থাকিলে কোন ইউনিট সার্টিফিকেট আইনানুগ অবাধে হস্তান্তর করা যাইবে।

(২) সম্পদ ব্যবস্থাপক হস্তান্তর দলিল এবং সংশ্লিষ্ট ইউনিট সার্টিফিকেট গ্রহণ করিয়া হস্তান্তর তালিকাভুক্ত করিবে এবং পনের দিনের মধ্যে হস্তান্তর গ্রহণকারীর নিকট হস্তান্তরিত ইউনিট সার্টিফিকেট প্রদান করিবে।

৫১। **স্কীমের অবলুপ্তি**।- (১) কোন বেমেয়াদী স্কীমের অনাদায়ী ইউনিটের মোট সংখ্যা যদি যে কোন সময় পুনঃক্রয়ের পর প্রকৃত ইস্যুকৃত ইউনিট সংখ্যার শতকরা পঁচিশ ভাগের কম হয় তাহা হইলে উক্ত স্কীমের অবলুপ্তি হইবে।

(২) কোন মেয়াদী স্কীমের অবলুপ্তি হইতে পারে, যদি-

(ক) উক্ত স্কীমের নির্ধারিত মেয়াদ সমাপ্ত হয়;

(খ) কোন বিশেষ ঘটনার কারণে কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টি যদি উক্ত স্কীমের অবলুপ্তির প্রয়োজন বোধ করে;

(গ) উক্ত স্কীমের অন্যূন শতকরা পঁচাত্তর ভাগ ইউনিট মালিক স্কীমটির অবলুপ্তির পক্ষে প্রস্তাব গ্রহণ করে;

(ঘ) কমিশন ইউনিট মালিকদের স্বার্থে উক্ত স্কীমের অবলুপ্তির নির্দেশ প্রদান করে।

(৩) উপ-বিধি (১) বা (২) অনুযায়ী কোন স্কীমের অবলুপ্তি হইলে বা ঘটাইতে হইলে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপক একই সাথে পৃথকভাবে উক্ত স্কীমের অবলুপ্তির বিবরণসহ একটি নোটিশ অবিলম্বে–

(ক) কমিশন সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জ এর নিকট প্রেরণ করিবে; এবং

(খ) বাংলাদেশের বহুল প্রচারিত অন্ততঃ একটি বাংলা পত্রিকাসহ দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিবে।

৫২। অবলুপ্তির নোটিশের ফলাফল।- বিধি ৫১; উপ-বিধি (৩) এর অধীনে কোন স্কীমের অবলুপ্তি নোটিশ প্রদানের তারিখ হইতে ট্রাস্টি অথবা সম্পদ ব্যবস্থাপক–

(১) উক্ত স্কীম সম্পর্কিত যে কোন ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনা হইতে বিরত থাকিবে ;

(২) স্কীমের ইউনিট সৃষ্টি ও বাতিল করা হইতে বিরত থাকিবে ;

(৩) স্কীমের ইউনিট ইস্যু ও পরিশোধ করা হইতে বিরত থাকিবে।

৫৩। অবলুপ্তির নিয়ম ও পদ্ধতি।- (১) কোন স্কীমের অবলুপ্তি বিবেচনার উদ্দেশ্যে ট্রাস্টি বিধি ৫১; উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত নোটিশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের একটি সভা আহ্বান করিবে যাহাতে উপস্থিত ও ভোটদানকারী ইউনিট মালিকগণের তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠ ভোটে স্কীমটি অবলুপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টিকে ক্ষমতা প্রদান করিতে হইবে। অবলুপ্তির পক্ষে তিন-চতুর্থাংশের বেশি ভোট না হইলে প্রতিকূল বা বিরূপ পরিস্থিতির প্রেক্ষাপটে কমিশনের অনুমোদক্রমে ট্রাস্টির আলোচ্য স্কীম অবলোপনের পর্যাপ্ত কারণ আছে বলিয়া মনে হইলে তবেই কেবল স্কীমটি বিলুপ্ত করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, মেয়াদ উত্তীর্ণ হওয়ার কারণে কোন স্কীম অবলুপ্তির ক্ষেত্রে উক্তরূপ কোন সভার প্রয়োজন হইবে না।

(২) উপ-বিধি (১) এর অধীন ক্ষমতা প্রাপ্ত ট্রাস্টি সংশ্লিষ্ট স্কীমের সম্পদ উক্ত স্কীমের ইউনিট মালিকগণের সর্বোত্তম স্বার্থে হস্তান্তর করিবে এবং উহার বিনিময়ে প্রাপ্ত অর্থ সর্বপ্রথম স্কীমের অধীন প্রকৃত দায় পরিশোধে ব্যবহার করিবে, অতঃপর অবলুপ্তির সহিত সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর অবশিষ্ট অর্থ ইউনিট মালিকগণের মধ্যে অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণের তারিখে স্কীমের সম্পদ তাহাদের স্বার্থের অনুপাত অনুযায়ী বিতরণ করিবে।

(৩) অবলুপ্তি সম্পন্ন হইবার পর উপ-বিধি (২) এ উল্লিখিত ট্রাস্টি কমিশন এবং ইউনিট মালিকগণকে অবলুপ্তির ত্রিশ দিনের মধ্যে অবলুপ্তি সম্পর্কিত একটি রিপোর্ট প্রদান করিবে, যাহাতে অবলুপ্তির কারণ, অবলুপ্তির পূর্বে স্কীমের সম্পদ বিক্রয়ের পদক্ষেপসমূহ, অবলুপ্তির জন্য অর্থ ব্যয় এবং ইউনিট মালিকগণের মধ্যে বণ্টনের জন্য প্রাপ্ত নীট অর্থের উল্লেখ থাকিবে এবং যাহার সহিত স্কীমের নিরীক্ষকদের প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে।

৫৪। **স্কীমের অবলুপ্তি**।- বিধি ৫৩; উপ-বিধি (৩) এর অধীন রিপোর্ট প্রাপ্তির পর কমিশন যদি এইমর্মে নিশ্চিত হয় যে, স্কীমটি অবলুপ্তির জন্য গৃহীত সকল পদক্ষেপ সম্পন্ন হইয়াছে তাহা হইলে কমিশন তৎসম্পর্কে রিপোর্ট প্রদানকারী ট্রাস্টিকে লিখিতভাবে অবহিত করিবে এবং উক্তরূপ অবহিতির পর স্কীমটি অবলুপ্ত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত কমিশনের অবহিতি পত্রের তারিখ হইতে সাত কার্যদিবসের মধ্যে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত ট্রাস্টি ইউনিট মালিকগণের প্রাপ্য সমুদয় অর্থ ফেরৎ প্রদান করিবে, এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশনের নিকট দাখিল করিবে।

অষ্টম অধ্যায়
বিনিয়োগের উদ্দেশ্য ও মূল্যায়ণ নীতিমালা

৫৫। **বিনিয়োগের উদ্দেশ্য**।- (১) উপ-বিধি (২) এ বর্ণিত শর্ত সাপেক্ষে মিউচ্যুয়াল ফান্ডের কোন স্কীমের অধীন সংগৃহীত অর্থ কেবলমাত্র ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজ, প্রাথমিক সিকিউরিটিজ (IPO) এবং অর্থ বাজারে হস্তান্তরযোগ্য সিকিউরিটিজে বিনিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশনের সম্মতিপ্রাপ্ত কোন প্রাথমিক সিকিউরিটিজ ইস্যুকারী কোম্পানীর সিকিউরিটিতে প্রাক-আইপিও (pre-IPO) প্লেসমেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অর্থের অন্ততঃ শতকরা পঁচাত্তর ভাগ অর্থ পুঁজি বাজারের সিকিউরিটিজে বিনিয়োগ করিতে হইবে যাহর মধ্যে অন্ততঃ অর্ধেক অর্থ ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজে হইতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, মিউচ্যুয়াল ফান্ডের কোন অর্থ ঐ ফান্ডের কোন স্কীমে বিনিয়োগ করিতে হইলে সেই ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ও সময় উল্লেখপূর্বক বিনিয়োগের অন্ততঃ সাত দিন পূর্বে সম্পদ ব্যবস্থাপক কর্তৃক লিখিতভাবে কমিশন ও সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে জানাইতে হইবে।

৫৬। বিনিয়োগে বাধানিষেধ।-সম্পদ ব্যবস্থাপক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট সিকিউরিটিজের যথাযথ আর্থিক অবস্থা বিশ্লেষণ পূর্বক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং বিধি ৫৫ অনুসারে কোন বিনিয়োগ পঞ্চম তফসিল এ বর্ণিত বাধানিষেধ সাপেক্ষে করিবে।

৫৭। কতিপয় ব্যবসায়ে বিনিয়োগ নিষেধ।- মিউচ্যুয়াল ফান্ডের অর্থ কোনভাবেই অপশন-ট্রেডিং (option-trading) শর্ট-সেলিং (short-selling) বা কেরী-ফরওয়ার্ড (carry-forward) লেনদেনে ব্যবহার করা যাইবে না।

৫৮। বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড প্রত্যেকটি স্কীমের জন্য, কমিশনের পূর্বানুমোদনক্রমে, বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করিবে।

(২) উপ-বিধি (১) এর বিধান ব্যাহত না করিয়া, বাজারে তালিকাভুক্ত নহে এইরূপ বিনিয়োগের মূল্য সম্পদ ব্যবস্থাপক ও ট্রাস্টি ত্রৈমাসিক ভিত্তিতে পুনরীক্ষিত করিবে এবং নিরীক্ষকগণ মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিবেন।

৫৯। অব্যবসাকৃত বিনিয়োগের মুল্যায়ণ।- যে ক্ষেত্রে বিনিয়োগ তালিকাভুক্ত কিন্তু মূল্যায়নের তারিখের পূর্ববর্তী এক মাসের মধ্যে উহার ব্যবসা করা হয় নাই, সেই ক্ষেত্রে, সম্পদ ব্যবস্থাপক উহার একটি নিরপেক্ষ ও স্বাধীন মূল্যায়ন করিবে যাহাতে উহার প্রকৃত আদায়যোগ্য মূল্য প্রতিফলিত হয়; উক্ত মূল্যায়নের পদ্ধতি ট্রাস্টি কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং নিরীক্ষকগণ কর্তৃক মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিতে হইবে।

৬০। শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য নির্ণয় পদ্ধতি।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য (পৃথকভাবে ক্রয় মূল্য ও চলতি বাজার মূল্য এর ভিত্তিতে) নিম্নবর্ণিত পদ্ধতিতে নির্ণয় করিবে, যথা:-

মোট নীট সম্পদ মূল্য (NAV) = ফান্ডের মোট সম্পদের পরিমাণ – ফান্ডের মোট দায়ের পরিমাণ

$$\text{ইউনিট প্রতি নীট সম্পদের মূল্য} = \frac{\text{মোট নীট সম্পদ মূল্য (NAV)}}{\text{মোট অপরিশোধিত (un-redeemed) ইউনিটের সংখ্যা}}$$

মোট সম্পদের পরিমাণ বলিতে নিম্নবর্ণিত সম্পদকে বুঝাইবে–

(ক) হেফাজতে রক্ষিত সকল সিকিউরিটিজের মূল্য, বন্ধককৃত সকল সিকিউরিটিজের মূল্য, হাতে ও ব্যাংকে রক্ষিত নগদ টাকা, পাওনাযোগ্য সিকিউরিটিজের মূল্য, পাওনাযোগ্য সিকিউরিটিজের বিক্রয় মূল্য, আয়কর বাদে আদায়যোগ্য সুদ, অবসায়ন খরচ বাদে ইস্যু খরচ, অবসায়ন খরচ বাদে মুদ্রণ ও ষ্টেশনারী খরচ।

(খ) মোট ফান্ডের দায়ের পরিমাণ বলিতে নিম্নবর্ণিত দায়কে বুঝাইবে–

প্রদেয়যোগ্য সকল সিকিউরিটিজের মূল্য, প্রদেয়যোগ্য বিনিয়োগের ক্রয় মূল্য, ব্রোকারেজ ও হেফাজতকারীর চার্জ, সকল ধরনের মুদ্রণ, পাবলিকেশন ও ষ্টেশনারী খরচ, বকেয়া বিলম্বিত খরচ (ট্রাস্টি ফি, বার্ষিক ফি, অডিট ফি, গ্যারান্টি কমিশন)।

(২) নিম্নবর্ণিত মেয়াদে প্রত্যেকটি স্কীমের নীট সম্পদ মূল্য নির্ণয় করিতে হইবে, যথা:-

(ক) বেমেয়াদী স্কীমের ক্ষেত্রে, পনের দিন; এবং

(খ) মেয়াদী স্কীমের ক্ষেত্রে, এক মাস।

(৩) প্রত্যেকটি স্কীমের নীট সম্পদ মূল্য উহার নির্ণয়ের পরের কর্মদিবসে কমিশন ও সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে জানাইতে হইবে এবং অন্ততঃ একটি বাংলা পত্রিকাসহ দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিতে হইবে।

৬১। বেমেয়াদী স্কীমের ইউনিটের মূল্য নিরূপণ।- (১) কোন স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক যে কোন সময় উক্ত ইউনিটের পুনঃক্রয় মূল্য উক্ত স্কীম নিরূপণ করিতে পারিবে।

(২) মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য প্রতি সপ্তাহে অন্ততঃ একবার এমনভাবে প্রকাশ করিবে যাহাতে সংশ্লিষ্ট সকল বিনিয়োগকারী উহা জানিতে পারে।

(৩) যে কোন স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য নির্ধারণকালে মিউচ্যুয়াল ফান্ড ইহা নিশ্চিত করিবে যেন এই দুইটি মূল্যের মধ্যকার ব্যবধান বিক্রয় মূল্যের শতকরা পাঁচ ভাগের বেশী না হয়।

নবম অধ্যায়
মিউচ্যুয়াল ফান্ডের সাধারণ দায়িত্বসমূহ

৬২। যথাযথ হিসাব বহি ও অন্যান্য দলিলপত্র রক্ষণাবেক্ষণ।- (১) উপ-বিধি (২) এর বিধি সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের যথাযথ হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র Securities and Exchange Rules, 1987 মোতাবেক রক্ষণাবেক্ষণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, হিসাব বহি এইরূপভাবে রক্ষণাবেক্ষণ করিতে হইবে যেন উহা হইতে যে কোন সময় মিউচ্যুয়াল ফান্ডের লেনদেন ও আর্থিক অবস্থান সম্পর্কে জানিতে পারা যায়, বিশেষ করিয়া উক্ত ফান্ডের কার্যক্রম সম্পর্কে প্রকৃত ও সঠিক চিত্র যেন পাওয়া যায়ঃ

আরও শর্ত থাকে যে, যে স্থানে হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র সংরক্ষিত থাকিবে মিউচ্যুয়াল ফান্ড তাহা কমিশনকে অবহিত করিবে।

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাব রক্ষণের এইরূপ নীতিমালা ও মান অনুসরণ করিবে যাহাতে নির্দিষ্ট মেয়াদান্তে স্কীমওয়ারী সম্পদ ও দায়ের বিস্তারিত ও যথাযথ বিবরণী এবং উক্ত মেয়াদের কর্মকাণ্ডসহ ইউনিট মালিকদের অনুকূলে জমাকৃত আয় সক্রান্ত তথ্যাবলী সঠিক ও যথাযথভাবে জানা যায়।

৬৩। **হিসাব বৎসর**।- প্রত্যেক স্কীমের হিসাব বৎসর উহার সূচনার তারিখ হইতে গণনা করা হইবে।

৬৪। **আয়ের শ্রেণীবিন্যাস**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাবে মূলধনী লাভ এবং অন্যান্য আয় পৃথক পৃথকভাবে দেখাইবে।

৬৫। **ব্যয়ের সীমাবদ্ধতা**।- (১) সকল ব্যয় স্পষ্টরূপে চিহ্নিত এবং প্রত্যেকটি স্কীমে বণ্টিত হইতে হইবে।

(২) নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপক মিউচ্যুয়াল ফান্ডের নিকট বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি, যাহা প্রসপেক্টাসে উল্লেখ করা হইয়াছে, এবং উহার ব্যবস্থাপনাধীন বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড ও তার অধীনে ইস্যুকৃত স্কীমের নীট সম্পদের মোট পরিমাণের উপর নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে দাবী করিতে পারিবে, যথাঃ–

(ক) নীট সম্পদের পরিমাণ পাঁচ কোটি টাকার বেশী না হইলে, সংশ্লিষ্ট স্কীমের হিসাব বৎসরের গড়পড়তা সাপ্তাহিক নীট সম্পদের উপর শতকরা আড়াই ভাগ হারে;

(খ) নীট সম্পদের পরিমাণ পাঁচ কোটি টাকার উর্ধ্বে কিন্তু পঁচিশ কোটি টাকার বেশী না হইলে, পাঁচ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা দুই ভাগ হারে; এবং

(গ) নীট সম্পদের পরিমাণ পঁচিশ কোটি টাকার বেশী হইলে কিন্তু পঞ্চাশ কোটি টাকার বেশী না হইলে, পঁচিশ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা দেড় ভাগ হারে;

(ঘ) নীট সম্পদের পরিমাণ পঞ্চাশ কোটি টাকার বেশী হইলে তদুর্ধ টাকার নীট সম্পদের উপর অনূর্ধ শতকরা এক ভাগ হারেঃ

তবে শর্ত থাকে যে, যদি ক্রমবর্ধমান হারে ফি নেওয়া হয় তবে প্রতিটি স্কীমে গড় হারে নিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত ফি ব্যতীত, সম্পদ ব্যবস্থাপক নিম্নবর্ণিত ব্যয়সমূহও মিউচ্যুয়াল ফান্ড হইতে আদায় করিতে পারিবে যথা ঃ-

(ক) মিউচ্যুয়াল ফান্ড ও উহার স্কীমসমূহের সূচনাকালে ব্যয়িত প্রাথমিক ইস্যু খরচের অবসায়ন (Amortisation) যাহা মেয়াদী ক্ষেত্রে পূর্ণ মেয়াদ এবং বেমেয়াদী ক্ষেত্রে সাত বৎসর সময়ের মধ্যে করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রাথমিক ইস্যু খরচ কোন স্কীমের সংগৃহীত তহবিলের শতকরা ছয় ভাগের বেশী হইবে না।

(খ) নিম্নবর্ণিত ব্যয়সহ নিয়মিত ব্যয়সমূহ, যথাঃ-

(অ) ট্রাস্টি ও হেফাজতদকারীকে প্রদত্ত ফি, ব্যাংক চার্জ, ব্রোকারেজ কমিশন, বিপণন ও বিক্রয় ব্যয়;

(আ) লিস্টিং ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইউনিট সংক্রান্ত অন্যান্য খরচ;

৬৬। **লভ্যাংশ বিতরণ ও উহার সীমা**।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর প্রত্যেকটি স্কীমের বিপরীতে উক্ত স্কীমের ইউনিট মালিকগণের মধ্যে এই বিধিমালা অনুযায়ী লভ্যাংশ বিতরণ করিবে যাহার পরিমাণ উক্ত স্কীমের বার্ষিক লাভের শতকরা আশি ভাগের কম হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, যে সকল ক্রমবর্ধমান বিনিয়োগ স্কীমের প্রকৃতি ও সম্ভাবনা সম্পর্কে শুরুতেই বিনিয়োগকারীদের সম্পূর্ণরূপে জানানো হইয়াছিল উহাদের ক্ষেত্রে উক্ত লভ্যাংশ প্রদানের হার অন্ততঃ বার্ষিক লাভের পঞ্চাশ ভাগের কম হইবে না;

আরও শর্ত থাকে যে, উক্ত লভ্যাংশ সিদ্ধান্ত গ্রহণের ত্রিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের নিকট বিতরণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিতে হইবে।

৬৭। **অবচয়, সঞ্চিতি ইত্যাদি**।- (১) কোন স্কীমের লভ্যাংশ ঘোষণার পূর্বে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড, উহার নিরীক্ষকদের সন্তোষানুযায়ী, বিনিয়োগের ক্রয় মূল্য অপেক্ষা বাজার মূল্য কমিয়া যাওয়ার কারণে উদ্ভূত ক্ষতির জন্য প্রভিশনের (Provision) ব্যবস্থা রাখিবে, এবং উক্ত সঞ্চিতি নির্ণয়ের পদ্ধতি হিসাবের টীকায় উল্লেখ করিবে।

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের আয় হইতে যথাযথ উপযোজনের মাধ্যমে একটি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করিবে।

(৩) লভ্যাংশ ঘোষণার ত্রিশ দিনের মধ্যে উহা পরিশোধ করিতে হইবে।

৬৮। **নিরীক্ষকের প্রতিবেদন**।- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের জন্য এমন একজন নিরীক্ষক নিযুক্ত হইবেন যিনি ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক নহেন।

(২) নিরীক্ষক ট্রাস্টি কর্তৃক নিযুক্ত হইবেন।

(৩) নিরীক্ষক Securities and Exchange Rules, 1987 মোতাবেক নিরীক্ষা কার্য সম্পন্ন পূর্বক উহাতে নির্দেশিত ফরমে ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী ও কমিশনের নিকট তাহার প্রতিবেদন পেশ করিবেন এবং এই প্রতিবেদন মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনের অংশরূপে পরিগণিত হইবে। উক্ত প্রতিবেদনে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এবং ট্রাস্টির স্বাক্ষর থাকিতে হইবে।

(৪) নিরীক্ষকের প্রতিবেদনে, অন্যান্যদের মধ্যে, এই মর্মে মতামত থাকিতে হইবে যে, তিনি তাহার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাসমতে হিসাব নিরীক্ষণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কি না; এবং ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব ও নগদান প্রবাহ বিবরণী যথাক্রমে স্কীমের সত্য ও ন্যায্য আর্থিক অবস্থা, হিসাবকালীন সময়ের ঘাটতি বা উদ্বৃত্ত এবং নগদ অর্থ প্রবাহ প্রদর্শন করে কি না, এবং এই বিধিমালার বিধি ৫৬ এর পঞ্চম তফসিলে বর্ণিত বিনিয়োগের বাধা নিষেধ অনুযায়ী স্কীমের অর্থ বিনিয়োগ করা হইয়াছে কি না;

(৫) প্রয়োজনে কমিশন Securities and Exchange Rules, 1987 মোতাবেক যে কোন মিউচ্যুয়াল ফান্ডের জন্য বিশেষ নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।

৬৯। বার্ষিক প্রতিবেদন ও উহার সার-সংক্ষেপ প্রকাশনা।- সংশ্লিষ্ট হিসাব বৎসর সমাপ্তির পঁয়তাল্লিশ দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্কীমওয়ারী বার্ষিক প্রতিবেদন বা উহার সার-সংক্ষেপ বিজ্ঞাপন আকারে প্রকাশ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, ষষ্ঠ তফসিল ও সপ্তম তফসিল এ বর্ণিত সকল বিষয়ে তথ্যাদির পাশাপাশি সেই সকল তথ্যও বার্ষিক প্রতিবেদন বা উহার সার-সংক্ষেপে থাকিতে হইবে যাহা মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরিবেঃ

আরও শর্ত থাকে যে, যখনই কোন প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রকাশিত হইবে তখন উহার টীকায় উল্লেখ করিতে হইবে যে, মিউচ্যুয়াল ফান্ডের প্রধান কার্যালয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেখার জন্য পাওয়া যাইবে এবং মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পূর্ব নির্ধারিত নামমাত্র মূল্যের বিনিময়ে উক্ত প্রতিবেদনের কপি সংগ্রহ করা যাইবে।

৭০। কমিশনের নিকট তথ্য প্রকাশ।- (১) কমিশন নির্দেশ দিলে, কোন মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী কমিশনের নিকট প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ এবং দলিলপত্র পেশ করিবে।

(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া, মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ পেশ করিবে, যথাঃ-

(ক) বর্ষ সমাপ্তির তিন মাসের মধ্যে, বৎসরে একবার করিয়া, মিউচ্যুয়াল ফান্ড ও উহার প্রত্যেকটি স্কীমের যথাযথভাবে নিরীক্ষিত হিসাব বিরবণীর কপি, যাহার মধ্যে স্থিতিপত্র, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিরবণী থাকিবে;

(খ) অর্ধ বর্ষ সমাপ্তির পঁয়তাল্লিশ দিনের মধ্যে অনিরীক্ষিত ষান্মাসিক হিসাব বিবরণীর কপি;

(গ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ত্রিশ দিনের মধ্যে মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেকটি স্কীমের নীট সম্পদের অবস্থান পরিবর্তন সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী;

(ঘ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ত্রিশ দিনের মধ্যে একটি ত্রৈমাসিক পোর্টফোলিও বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের বিগত সময়কাল হইতে পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত থাকিবে।

৭১। **বিনিয়োগকারীদের নিকট তথ্য প্রকাশ।**- যে সকল কারণে বিনিয়োগ হইতে ইপ্সিত আয় অর্জন সম্ভব হয় নাই সেই সকল কারণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি সম্পদ ব্যবস্থাপক ও ট্রাষ্টি কমিশন ও বিনিয়োগকারীগণকে নিয়মিতভাবে অবহিত করিবে।

৭২। **বার্ষিক প্রতিবেদন কমিশনের নিকট দাখিলকরণ।**- প্রত্যেক হিসাব বৎসর সমাপ্তির পর নব্বই দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট উহার বার্ষিক প্রতিবেদন এবং মিউচ্যুয়াল ফান্ডের বিনিয়োগ ও সঞ্চয়সহ সকল বিষয়ে বিস্তারিত বিবরণ পেশ করিবে যাহাতে উক্ত মিউচ্যুয়াল ফান্ডের সমগ্র স্কীমওয়ারী পোর্টফোলিও সম্পর্কে কমিশন অবহিত হইতে পারে।

৭৩। **অর্ধ-বার্ষিক আর্থিক ফলাফল প্রকাশ।**- প্রত্যেক অর্ধ-বর্ষ সমাপ্তির পর ত্রিশ দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার ষান্মাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল একটি ইংরেজী ও একটি বাংলা জাতীয় দৈনিক খবরের কাগজে বিজ্ঞাপন আকারে প্রকাশ করিবে, উহাতে সপ্তম তফসিল এ বর্ণিত সকল তথ্যসহ সেই সকল তথ্যের উল্লেখ থাকিবে যাহা উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরার জন্য প্রয়োজনীয়।

৭৪। **মিউচ্যুয়াল ফান্ডের সিকিউরিটি ক্রয় ও বিক্রয়।**- (১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড সরবরাহের ভিত্তিতে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় করিবে এবং ক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটির সরবরাহ গ্রহণ এবং বিক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটির সরবরাহ প্রদান করিবে এবং কোন ক্ষেত্রেই ঘাটতি বিক্রয় বা আগাম লেনদেন বা বদলা অর্থায়নে নিয়োজিত হইবে না।

(২) যেখানে দীর্ঘ মেয়াদী প্রকৃতির বিনিয়োগ রহিয়াছে, সেখানে প্রত্যেকটি মিউচ্যুয়াল ফান্ড উহার নিজ নামে সংশ্লিষ্ট স্কীমের হিসাবে সিকিউরিটি ক্রয় বা হস্তান্তর করিবে।

দশম অধ্যায়
পরিদর্শন

৭৫। **কমিশনের পরিদর্শন ক্ষমতা।**- (১) উপ-বিধি (২) এ বর্ণিত যে কোন উদ্দেশ্যে কোন মিউচ্যুয়াল ফান্ডের ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র পরিদর্শনের জন্য কমিশন পরিদর্শন কর্মকর্তা হিসাবে এক বা একাধিক ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লেখিত পরিদর্শনের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) হিসাব বহি ও অন্যান্য বহি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;

(খ) আইন ও বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা;

(গ) অধিগ্রহণের ক্ষেত্রে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাষ্টি বা সম্পদ ব্যবস্থাপকের ভূমিকা পর্যালোচনা করা;

(ঘ) মিউচ্যুয়াল ফান্ড, ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারীর কর্মকাণ্ডের সহিত সম্পর্কিত যে কোন ব্যাপারে বিনিয়োগকারী, অন্য মিউচ্যুয়াল ফান্ড, অথবা অন্য কোন ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত অভিযোগ তদন্ত করা;

(ঙ) সিকিউরিটি ব্যবসায় বা বিনিয়োগকারীদের স্বার্থে স্বতঃপ্রণোদিতভাবে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর কর্মকাণ্ড তদন্ত করা।

(চ) অন্য কোন বিষয়ে কমিশন জনস্বার্থে প্রয়োজন বিবেচনা করিলে।

৭৬। **পরিদর্শন পূর্বে নোটিশ প্রদান।**- (১) বিধি ৭৫ এর অধীন কোন পরিদর্শন শুরু করার কমপক্ষে তিন দিন পূর্বে কমিশন মিউচ্যুয়াল ফান্ড, ট্রাষ্টি, সম্পদ ব্যবস্থাপক বা ক্ষেত্রমত হেফাজতকারীকে তৎসম্পর্কে নোটিশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন যদি মনে করে যে, বিনিয়োগকারীদের স্বার্থে উক্ত উপ-বিধিতে বর্ণিত নোটিশ প্রদান করা উচিত হইবে না, তাহা হইলে কমিশন কোন নোটিশ প্রদান ছাড়াই সরাসরি লিখিত আদেশ দ্বারা মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর বিধি ৭৫ এ উল্লেখিত বিষয়সমূহ পরিদর্শন করার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন কাজ পরিচালনা করিবে এবং যে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী সম্পর্কে পরিদর্শন করা হইবে সেই মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী বিধি ৭৭ এর অধীন উহার দায়িত্ব যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিবে।

৭৭। **পরিদর্শনকালে মিউচ্যুয়াল ফান্ডের সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের দায়িত্ব**।- (১) এই অধ্যায়ের অধীন যে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী সম্পর্কে পরিদর্শন করা হইবে উহার প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ তত্ত্বাবধান বা নিয়ন্ত্রণভুক্ত সকল হিসাব বহি, অন্যান্য কাগজপত্র এবং মিউচ্যুয়াল ফান্ডের কর্মকাণ্ড সম্পর্কিত বিবরণ ও তথ্য পরিদর্শন কর্মকর্তার নিকট তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পেশ করিতে বাধ্য থাকিবে।

(২) উপ-বিধি (১) এর বিধান ক্ষুণ্ন না করিয়া সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড এবং উহার সহিত সংশ্লিষ্ট পক্ষসমূহের অফিস চলাকালীন সময়ে উক্ত অফিস ও উহার সহিত সম্পৃক্ত অন্যান্য অফিসের পরিদর্শন কর্মকর্তা বা উহার পক্ষে অন্য কোন ব্যক্তির প্রবেশাধিকার থাকিবে এবং উক্ত কর্মকর্তা বা ব্যক্তির চাহিদা মোতাবেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার পক্ষে অন্য কোন ব্যক্তির নিয়ন্ত্রিত হিসাব বহি, রেকর্ড, দলিলপত্র এবং কম্পিউটার ডাটা পরীক্ষা করার এবং দলিলাদি অথবা অন্যান্য জিনিসপত্র কপি বা জব্দ করার অধিকার থাকিবে।

(৩) পরিদর্শন কর্মকর্তা পরিদর্শনকালে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর যে কোন সদস্য, পরিচালক, কর্মচারী বা সংশ্লিষ্ট কাজের সহিত জড়িত যে কোন ব্যক্তির কাগজপত্র ও দলিলপত্র পরীক্ষা করিতে পারিবে।

(৪) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীর প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব হইবে পরিদর্শন কর্মকর্তাকে পরিদর্শন সম্পর্কিত কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা।

৭৮। কমিশনের নিকট প্রতিবেদন দাখিল।- পরিদর্শন কর্মকর্তা পরিদর্শন শেষে যথাশীঘ্র সম্ভব কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে।

৭৯। পরিদর্শন প্রতিবেদন বিবেচনা ও তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ।- কমিশন বিধি ৭৮ এর অধীন দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন বিবেচনা করিবে এবং উহাতে উল্লেখিত বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিবে এবং পরিদর্শন কর্মকর্তার সুপারিশের ভিত্তিতে কমিশন কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ দান করিবে।

৮০। নিরীক্ষক নিয়োগ।- (১) বিধি ৭৮ এর অধীন পরিদর্শন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজন হইলে কোন মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক অথবা হেফাজতকারীর হিসাব বহি বা অন্যান্য বিষয় তদন্ত করিবার জন্য কমিশন একজন নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক বিধি ৭৫ এ বর্ণিত পরিদর্শন কর্মকর্তার সমান ক্ষমতার অধিকারী হইবেন এবং এই বিধির অধীন তদন্তের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী এবং উহাদের সংশ্লিষ্ট কর্মচারীগণ বিধি ৭৭ এ বর্ণিত দায়িত্ব পালনে বাধ্য থাকিবে।

দ্বাদশ অধ্যায়
শাস্তি ইত্যাদি

৮১। বিধির বিধানসমূহ নির্দেশ হিসাবে গণ্যকরণ।- এই বিধিমালায় পরিপালনীয় বিধানসমূহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীন প্রদত্ত নির্দেশ পরিপালন হিসাবে গণ্য হইবে।

৮২। **শাস্তি ও উহার কারণ**।- (১) যে কেহ–

(ক) এই বিধিমালার অধীন নিবন্ধন মঞ্জুরের কোন শর্ত মানিয়া চলিতে ব্যর্থ হইলে ;

অথবা

(খ) আইন ও এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে;

উপ-বিধি (২) এ বর্ণিত যে কোন শাস্তি তাহার প্রতি আরোপিত হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী যে সকল শাস্তি আরোপ করা যাইবে তাহা নিম্নরূপ, যথাঃ-

(ক) আইন দ্বারা নির্ধারিত জরিমানা ও শাস্তি;

(খ) একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নিবন্ধন স্থগিতকরণ, যাহা এক বৎসরের অধিক হইবে না;

(গ) নিবন্ধন বাতিল;

(ঘ) অন্য কোন স্কীম গ্রহণে নিষেধাজ্ঞা;

(ঙ) কোন মিউচ্যুয়াল ফান্ডের জন্য ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী হিসাবে কাজ করিবার নিষেধাজ্ঞা; এবং

(চ) অন্য কোন মিউচ্যুয়াল ফান্ড গঠনে নিষেধাজ্ঞা।

৮৩। **মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণ**।- কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণের শাস্তি আরোপ করা হইবে যদি –

(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী আইন বা এই বিধিমালার কোন বিধান লংঘন করে;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী–

(অ) নিজ কাজ সম্পর্কিত কোন তথ্য এই বিধিমালা অনুযায়ী দাখিল করিতে ব্যর্থ হয়;

(আ) ভ্রান্ত অথবা মিথ্যা তথ্য পরিবেশন করে;

(ই) এই বিধিমালা অনুযায়ী প্রতিবেদন প্রদান না করে;

(ঈ) কমিশন কর্তৃক পরিচালিত কোন তদন্ত কাজে সহযোগিতা না করে;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বিনিয়োগকারীদের উত্থাপিত কোন অভিযোগ নিরসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে কমিশনের নিকট সন্তোষজনক উত্তর প্রদান করিতে না পারে;

(ঘ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড কারচুপির আশ্রয় গ্রহণ করে ;

(ঙ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অসদাচরণ অথবা অব্যবসায়ীসুলভ বা অপেশাদারীসুলভ আচরণ প্রদর্শন করে;

(চ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড এই বিধিমালার অধীন দেয় ফি পরিশোধ করিতে ব্যর্থ হয়;

(ছ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের কোন শর্ত ভংগ করে;

(জ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী এই বিধিমালায় বর্ণিত উহার দায়িত্ব পালন না করে।

৮৪। **মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল**।- কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিলের শাস্তি আরোপ করা হইবে, যদি–

(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার সম্পদ ব্যবস্থাপক কারচুপি যাহা পুঁজি বাজার ও বিনিয়োগকারীগণের স্বার্থের পরিপন্থী;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের আর্থিক অবস্থার এইরূপ অবনতি ঘটে যে, কমিশনের মতে উহা বিনিয়োগকারীগণের স্বার্থের অনুকূল নহে;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী প্রতারণা বা কোন ফৌজদারী অপরাধে দন্ডিত হয়।

৮৫। **তদন্ত**।- বিধি ৮৬ এর অধীন তদন্ত অনুষ্ঠান ব্যতীত কোন মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীর নিবন্ধন স্থগিত বা বাতিল করার আদেশ প্রদান করা হইবে না।

৮৬। **তদন্ত অনুষ্ঠান পদ্ধতি**।- (১) বিধি ৮৫ এর অধীন তদন্ত অনুষ্ঠানের জন্য কমিশন এক বা একাধিক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবে।

(২) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারীকে উহাদের স্ব স্ব নিবন্ধীকৃত অফিস, বা ব্যবসার প্রধান স্থানে তদন্ত অনুষ্ঠান সংক্রান্ত নোটিশ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড ও উহার উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক ও হেফাজতকারী উক্ত নোটিশের জবাব এবং তদন্তকারী কর্মকর্তা বা কমিশনের চাহিদা মোতাবেক প্রামাণ্য কাগজপত্র ও সাক্ষ্য তদন্তকারী কর্মকর্তার নিকট পেশ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর উপযুক্ত সুযোগ প্রদান করিবেন যাহাতে তিনি উপ-বিধি (৩) এর অধীন পেশকৃত তাহার জবাবের পক্ষে বক্তব্য পেশ করিতে পারেন।

(৫) যাহার বিরুদ্ধে তদন্ত অনুষ্ঠিত হইবে তিনি নিজে অথবা তাহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উপ-বিধি (৪) এর উদ্দেশ্যে তদন্তকারী কর্মকর্তার নিকট হাজির হইয়া বক্তব্য পেশ করিতে পারিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা প্রয়োজন মনে করিলে তদন্তাধীন বিষয় উপস্থাপনের জন্য একজন পেশকারী কর্মকর্তা নিয়োগের জন্য কমিশনকে অনুরোধ করিতে পারিবেন।

(৭) সকল আনুসংগিক কাগজপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির বক্তব্য বিবেচনা করিয়া তদন্তকারী কর্মকর্তা কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনে প্রস্তাবিত শাস্তি ও শাস্তি প্রদানের ভিত্তি ও যৌক্তিকতা উল্লেখ করিবেন।

৮৭। কারণ দর্শানো নোটিশ ও আদেশ।- (১) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কমিশন উহা বিবেচনা করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির প্রতি তদন্তকারী কর্মকর্তার সুপারিশকৃত শাস্তি কেন আরোপ করা হইবে না উহার কারণ দর্শানোর জন্য উক্ত ব্যক্তিকে নোটিশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির একুশ দিনের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারী কমিশনের নিকট উহার জবাব প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে কমিশন উহার বিবেচনা অনুযায়ী যথোপযুক্ত আদেশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক বা হেফাজতকারীকে উহার কপি প্রদান করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত আদেশ স্বয়ংসম্পূর্ণ হইবে এবং উহাতে উক্তরূপে আদেশ প্রদানের যৌক্তিকতা ও কারণসমূহের উল্লেখ থাকিবে।

৮৮। **মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত ও বাতিল করার ফলাফল**।- (১) কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত করা হইলে স্থগিতকালীন মেয়াদে উক্ত ফান্ড তৎসম্পর্কিত যাবতীয় কর্মকান্ড পর্যালোচনা হইতে বিরত থাকিবে।

(২) কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল করা হইলে বাতিল হইবার তারিখ হইতে উক্ত ফান্ড তৎসম্পর্কিত সকল প্রকার কাজকর্ম ও লেনদেন হইতে বিরত থাকিবে।

৮৯। **স্থগিত ও বাতিল আদেশ খবরের কাগজে প্রকাশ**।- বিধি ৮৩ ও ৮৪ এর অধীন প্রদত্ত কোন স্থগিত বা বাতিল আদেশ কমিশন কর্তৃক ন্যূনপক্ষে দুইটি জাতীয় দৈনিক খবরের কাগজে প্রকাশ করিতে হইবে।

৯০। **আপীল**।- কমিশনের কোন আদেশে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ অনুযায়ী আপীল করিতে পারিবেন।

৯০। **রহিতকরণ ও হেফাজত**।- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) প্রবিধানমালা, ১৯৯৭ এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত প্রবিধানমালার অধীন কিংবা ইহার পূর্বে এতদসংক্রান্ত কৃত কোন কাজ-কর্ম, গৃহীত কোন ব্যবস্থা, মঞ্জুরকৃত কোন নিবন্ধন বা প্রদত্ত কোন অনুমোদন এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, মঞ্জুরকৃত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে।

তফসিল ১

[বিধি ২ (১) (ঠ) দ্রষ্টব্য]

ফরম পুরণের নির্দেশাবলী

১. দরখাস্তকারী অবশ্যই একটি পূর্ণাংগ দরখাস্ত যথাযথ সহায়ক প্রমাণাদিসহ কমিশনের নিকট দাখিল করিবেন।

২. লক্ষ্য রাখিতে হইবে যে, এই দরখাস্ত যাহাতে বিধিমালার সহিত সামঞ্জস্য রাখিয়া পূরণ করা হয়।

৩. নিবন্ধনের জন্য দরখাস্ত কেবলমাত্র সর্বাংশে পুর্ণাংগ হইলে বিবেচনা করা হইবে।

৪. উত্তরমালা টাইপ/ ছাপার অক্ষরে হইতে হইবে।

৫. যে সকল তথ্য বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে তাহা পৃথক কাগজে লিখিয়া দরখাস্তের সহিত সংযুক্ত করা যাইবে।

৬. দরখাস্তের প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর ও সীলমোহরযুক্ত হইবে এবং সুমদয় স্বাক্ষর মূল হইতে হইবে।

ফরমসমূহ

ফরম 'ক'

[বিধি ৪ দ্রষ্টব্য]

মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত

১. মিউচ্যুয়াল ফান্ডের নাম .....

২. উদ্যোক্তা/উদ্যোক্তাগণের নাম .....

৩. নিবন্ধনকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৪. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৫. উদ্যোক্তা কোম্পানী/ সংবিধিবদ্ধ সংস্থা হইলে উহা নিয়মিতকরণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৬. উদ্যোক্তার উদ্দেশ্য
(সংঘ স্বারক ও সংঘ লিপি/ সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৭. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন

৮. উদ্যোক্তার নিরীক্ষক ও ব্যাংকারদের নাম ও ঠিকানা।

৯. উদ্যোক্তা বা উহার কোন পরিচালক ঋণ খেলাপী কিনা? হইলে পূর্ণ বিবরণ

১০. ট্রাস্ট দলিল কমিশন কর্তৃক অনুমোদিত কিনা? (ট্রাস্টি দলিল সংযুক্ত করিতে হইবে)

১১. ট্রাস্টির নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

১২. সম্পদ ব্যবস্থাপকের নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

১৩. হেফাজতকারীর নাম ও এই বিধিমালার অধীন নিবন্ধনের নম্বর ও তারিখ (নিয়োগপত্র ও নিবন্ধনের কপি সংযুক্ত করিতে হইবে)

মিউচ্যুয়াল ফান্ডের পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল.....

তারিখ.....

স্থান.....

ফরম 'খ'

[বিধি ১৮ দ্রষ্টব্য]

ট্রাস্টি হিসাবে নিবন্ধনের দরখাস্ত

১. ট্রাস্টির নাম .....

২. নিবনন্ধনকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. নিয়মিতকরণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. ট্রাস্টির উদ্দেশ্য
(সংঘ স্বারক ও সংঘ লিপি/ সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন

৭. ট্রাস্টি নিরীক্ষক ও ব্যাংকারদের নাম ও ঠিকানা। (প্রযোজ্য ক্ষেত্রে)

৮. ট্রাস্টি বা উহার কোন পরিচালক ঋণ খেলাপী কিনা? হইলে পূর্ণ বিবরণ

৯. ট্রাস্টি বা উহার কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, সম্পদ ব্যবস্থাপক, হেফাজতকারী, ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও কিনা বা উহাদের কোন পরিচালক বা উহাদের অধীনস্থ কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের পরিচালক বা উহাদের সহিত কোনভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উলেখ করুন।

১০. ট্রাস্টির প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক সেবার ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ

১২. সাংগঠনিক কাঠামো

১৩. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

ট্রাস্টির পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল.....

তারিখ.....

স্থান.....

ফরম 'গ'

[বিধি ২৬ দ্রষ্টব্য]

সম্পদ ব্যবস্থাপক হিসাবে নিবন্ধনের দরখাস্ত

১. সম্পদ ব্যবস্থাপকের নাম .....

২. নিবন্ধনকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. নিয়মিতকরণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. সম্পদ ব্যবস্থাপকের উদ্দেশ্য
(সংঘ স্বারক ও সংঘ লিপি/ সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন।

৭. সম্পদ ব্যবস্থাপকের নিরীক্ষক ও ব্যাংকারদের নাম ও ঠিকানা।

৮. সম্পদ ব্যবস্থাপক বা উহার কোন পরিচালক ঋণ খেলাপী কিনা? হইলে পূর্ণ বিবরণ

৯. সম্পদ ব্যবস্থাপক ও সম্পদ ব্যবস্থাপকের কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, হেফাজতকারী, স্টক ডিলার, ষ্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কিনা বা উহাদের সহিত অন্য কোনভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. সম্পদ ব্যবস্থাপকের প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক সেবার ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. সম্পদ ব্যবস্থাপকের পরিচালকের নাম ও অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা

১২. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ

১৩. সাংগঠনিক কাঠামো

১৪. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

১৫. সহযোগী সংস্থা, কোম্পানী এবং সাবসিডিয়ারীসমূহের পরিচালকবৃন্দের নাম ও ঠিকানা

১৬. সম্পদ ব্যবস্থাপকের বিগত তিন বৎসরের নিরীক্ষিত হিসাব বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে)

সম্পদ ব্যবস্থাপকের পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল.....

তারিখ.....

স্থান.....

ফরম 'ঘ'

[বিধি ৩৫ দ্রষ্টব্য]

হেফাজতকারী হিসাবে নিবন্ধনের দরখাস্ত

১. হেফাজতকারীর নাম .....

২. নিবন্ধনকৃত অফিস/যোগাযোগের ঠিকানা

টেলিফোন নং

ই-মেইল নং

ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. নিয়মিতকরণের/সংবিধিবদ্ধ হওয়ার তারিখ ও স্থান

৫. হেফাজতকারীর উদ্দেশ্য
(সংঘ স্বারক ও সংঘ লিপি/ সংশ্লিষ্ট আইন এর কপি সংযুক্ত করিতে হইবে)

৬. মূলধন কাঠামো ও শেয়ার হোল্ডিং-এর ধরন।

৭. হেফাজতকারী নিরীক্ষক ও ব্যাংকারের নাম ও ঠিকানা।

৮. হেফাজতকারী বা উহার কোন পরিচালক ঋণ খেলাপী কিনা? হইলে পূর্ণ বিবরণ

৯. হেফাজতকারী বা হেফাজতকারীর কোন পরিচালক কোন মিউচ্যুয়াল ফান্ডের উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক, স্টক ডিলার, ষ্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কিনা বা উহাদের অধীনস্থ কোন কোম্পানী বা প্রতিষ্ঠানের, পরিচালক বা উহাদের সহিত কোনভাবে সম্পর্কিত কিনা? হইলে বিস্তারিত উল্লেখ করুন।

১০. হেফাজতকারী প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও আর্থিক ক্ষেত্রে অভিজ্ঞতার মেয়াদ (বিবরণ দিতে হইবে)

১১. অন্যান্য মুখ্য কর্মকর্তার নাম ও যোগ্যতার বিবরণ

১২. সাংগঠনিক কাঠামো

১৪. সেবা প্রদানের জন্যে প্রয়োজনীয় সাজসরঞ্জামের বিবরণ

হেফাজতকারীর পক্ষে আবেদনকারীর নাম, স্বাক্ষর ও

সীল.....

তারিখ.....

স্থান.....

ফরম 'ঙ'

[বিধি ১০(২), ২০(২), ২৮(২) ও ৩৭(২) দ্রষ্টব্য]

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

মিউচ্যুয়াল ফান্ড/ট্রাস্টি/সম্পদ ব্যবস্থাপক/ হেফাজতকারী নিবন্ধন সার্টিফিকেট

নিবন্ধন কোড নং

তারিখ.....

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ১০(২)/২০(২)/২৮(২)/ ৩৭(২) এর বিধান মোতাবেক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন ..... কে একটি মিউচ্যুয়াল ফান্ড/ ট্রাস্টি/ সম্পদ ব্যবস্থাপক/ হেফাজতকারী হিসাবে নিবন্ধন করিয়া অত্র নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিল।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও সীল

দ্বিতীয় তফসিল
[বিধি ১৫(৪) দ্রষ্টব্য]

ট্রাস্ট দলিলের বিষয়বস্তু

ট্রাস্ট দলিলে নিম্নোক্ত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে, যথা :-

১. (ক) ট্রাস্টি বিনিয়োগ উদ্দেশ্যে কোন সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করিবেন না।

(গ) ট্রাস্টি অন্য যে কোন কোম্পানী, প্রতিষ্ঠান, আর্থিক মধ্যবর্তী সংস্থা বা কোন কর্পোরেট সংস্থায় পরিচালক, অংশীদার, অথবা অন্য কোন পদে থাকিবার সংশ্লিষ্টতার কথা অবশ্যই কমিশনকে অবহিত করিবেন।

২. ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের স্কীমসমূহের সকল মূলধনী সম্পদ তাহাদের তত্ত্বাবধানে রাখিবেন এবং ইউনিট মালিকদের পক্ষে তাহা 'অছি' ব্যবস্থাধীনে রাখিবেন।

৩. ইউনিট মালিকদের ট্রাস্ট সম্পত্তিতে কেবলমাত্র সংশ্লিষ্ট স্কীমে তাহাদের ব্যক্তিগত মালিকানা অনুযায়ী বেনিফিসিয়াল ইন্টারেস্ট থাকিবে।

৪. ট্রাস্ট মালিকদের স্বার্থে কাজ করা ট্রাস্টিগণের দায়িত্ব হইবে।

৫. ট্রাস্টি ইউনিট মালিকদের তথ্য সরবরাহ বা তথ্য সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করিবেন।

৬. সম্পদ ব্যবস্থাপককে উদ্যোক্তা স্বয়ং নিয়োগ করিবে না ট্রাস্টি নিয়োগ করিবে।

৭. ট্রাস্ট স্কীমের অনুকূলে প্রদেয় যে কোন আয় প্রাপ্তি, এবং ট্রাস্ট হিসাবে ইউনিট মালিকদের পক্ষে প্রাপ্ত যে কোন আয় চুক্তিপত্র ও বিধি অনুযায়ী হইতেছে কিনা তাহা তদারকের দায়িত্ব গ্রহণ করিবে।

৮. ট্রাস্ট সম্পত্তিতে কাহারো দায়বদ্ধ কোন সম্পদ গ্রহণ করা হইবে না বা এমন কোন সম্পদ গ্রহণ করা হইবে না যাহার মাধ্যমে অসীম দায় গ্রহণ করা হয়।

৯. ট্রাস্ট দলিলে উল্লেখ থাকিবে যে, মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষক সম্পদ ব্যবস্থপকের ও ট্রাস্টির নিরীক্ষক হইতে পৃথক হইবে।

১০. ট্রাস্টির ট্রাস্ট ফি।

১১. কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে ট্রাস্ট চুক্তিপত্রে কোনরূপ সংশোধনী আনা যাইবে না।

১২. ট্রাস্টি অপসারণের জন্য কমিশনের পূর্বানুমোদন প্রয়োজন হইবে।

তৃতীয় তফসিল
[বিধি ২৪(৫) দ্রষ্টব্য]

বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির বিষয়বস্তু

সম্পদ ব্যবস্থাপকের দায়িত্ব ও কর্তব্য সম্বলিত বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির নিয়ম ও শর্তাবলী নিম্নে উল্লেখ করা হইল:

১. কমিশনের পূর্বানুমোদনক্রমে উদ্যোক্তা অথবা ট্রাস্টি কর্তৃক নিয়োজিত সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টির অনুমোদিত মিউচ্যুয়াল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা এবং ট্রাস্ট চুক্তিপত্র ও বিধি অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল পরিচালনা করিবে।

২. বিধি ৩৩ এ বর্ণিত সম্পদ ব্যবস্থাপকের কর্তব্য ও দায়দায়িত্ব ছাড়াও উদ্যোক্তা ও ট্রাস্টির সহিত সম্মতির ভিত্তিতে স্কীমের আকার, উদ্দেশ্য, ধরন, প্রচারপত্র প্রস্তুত ও তজ্জন্য কমিশনের সম্মতি গ্রহণ, স্কীমের ইউনিট সনদ ইস্যু, বিনিয়োগ, পোর্টফোলিও গঠন ও উহার ব্যবস্থাপনা/ পরিচালনা, নীট সম্পদ মূল্য (NAV) নির্ধারণ, আর্থিক ও অন্যান্য প্রতিবেদন প্রস্তুত, সরবরাহ ও উপস্থাপন সংক্রান্ত কার্যাবলী ব্যতিরেকে সম্পদ ব্যবস্থাপক অন্য কোন কাজ ট্রাস্টি ও কমিশনের পূর্বানুমোদন ব্যতিরেকে গ্রহণ বা পরিচালনা করিতে পারিবে না।

৩. সম্পদ ব্যবস্থপক ট্রাস্ট দলিল এবং বিধিমালা অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল বিনিয়োগ করিবে।

৪. সম্পদ ব্যবস্থাপক স্কীম সম্পদের এমন কোন অংশ দায়বদ্ধ করিবে না বা এমন কোন সম্পদ গ্রহণ করিবে না যাহার দায় অসীম।

৫. সম্পদ ব্যবস্থাপক বিধি পরিপন্থী কোন কর্মকাণ্ড, মেয়াদী ঋণ বা নিশ্চয়তা প্রদান করিবে না।

৬. সম্পদ ব্যবস্থাপক, উহার কোন কর্মকর্তা অথবা মনোনীত কোন ব্যক্তি কর্তৃক কোন ক্ষতি অথবা আর্থিক ব্যয় সংঘটিত হইলে ট্রাস্ট সম্পত্তি দ্বারা তাহা পূরণ করা যাইবে না।

৭. সম্পদ ব্যবস্থাপক নিশ্চয়তা প্রদান করিবে যে, কোন ইউনিট মালিক, জনগণ, সংবাদপত্র বা সম্ভাব্য মক্কেলের কাছে যোগাযোগের উদ্দেশ্যে আবেদনপত্র, বিক্রয় প্রস্তাব ঘোষণা (দর বা ইল্ড সম্পর্কিত ঘোষণা ব্যতীত) বিজ্ঞাপন, রিপোর্ট বা অন্য কোন মুদ্রিত দ্রব্য ট্রাস্টির লিখিত পূর্বানুমোদন ছাড়া সরবরাহ করিবে না এবং তাহাতে এমন কোন বিবরণ থাকিবে না যাহা ট্রাস্ট দলিল বা অনুমোদিত স্কীমের সাথে সংগতিবিহীন।

৮. সম্পদ ব্যবস্থাপক বিভিন্ন স্কীমের পুনঃক্রয় মূল্য ও নীট সম্পদমূল্য এবং উহা নির্ণয়ের পদ্ধতি ট্রাস্টি ও কমিশন কর্তৃক নির্ধারিত সময়ানুযায়ী বিনিয়োগকারীদের অবহিত করিবে।

৯. সম্পদ ব্যবস্থাপক দ্বারা পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা সম্পর্কিত তথ্য, ট্রাস্টির চাহিদা অনুযায়ী তৎকর্তৃক নির্দিষ্ট সময়ে প্রদান করিবে যাহাতে প্রমাণিত হয় যে সম্পদ ব্যবস্থাপক ট্রাস্ট দলিল ও বিধি অনুযায়ী কাজ করিতেছে।

১০. সম্পদ ব্যবস্থাপক ট্রাস্টি ও কমিশনের নিকট মিউচ্যুয়াল ফান্ড স্কীমের কর্মকাণ্ড সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন অথবা কমিশন বা ট্রাস্টির চাহিদা মোতাবেক মধ্যবর্তী সময়ের প্রতিবেদন দাখিল করিবে।

১১. কমিশনের পূর্ব অনুমোদনক্রমে ট্রাস্টি বিধি অনুযায়ী কোন নির্দিষ্ট কারণের ভিত্তিতে সম্পদ ব্যবস্থাপককে বরখাস্ত করিবার অধিকার সংরক্ষণ করে।

চতুর্থ তফসিল
[বিধি ৪৩ (২) দ্রষ্টব্য]

বিজ্ঞাপন নিয়মাবলী

১. একটি বিজ্ঞাপন হইবে সত্যনিষ্ঠ, ন্যায্য ও স্পষ্ট এবং তাহাতে অসত্য বা বিভ্রান্তিকর কোন বিবৃতি, ধারণা বা অনুমান থাকিবে না।

২. কোন বিজ্ঞাপনকে বিভ্রান্তিমূলক বলিয়া অভিহিত করা হইবে, যদি–

(ক) উহাতে কোন অতীত কাজকর্মের অসত্য চিত্র প্রদান করা হয় অথবা এমনভাবে উহাকে চিত্রায়িত করা হয় যাহাতে মনে হইবে যে অতীতের কোন সাফল্য বা আয় ভবিষ্যতেও লাভ করা হইবে;

(খ) উহাতে মিউচ্যুয়াল ফান্ডর কোন স্কীমে বিনিয়োগ অথবা কোন ইউনিটের মালিকানার মুনাফা বা লাভের বিবরণের সহিত উক্ত স্কীম বা ইউনিটে ঝুঁকি সম্পর্কিত বিবরণের উল্লেখ না থাকে।

৩. বিজ্ঞাপন এমনভাবে বিন্যস্ত করা হইবে না যাহাতে বিনিয়োগকারীর জ্ঞান বা অভিজ্ঞতাহীনতার সুযোগ নিয়া তাহাকে শোষণ করা যাইবে, কারিগরী ও আইন সম্পর্কিত জটিল শব্দ এবং দুর্বোধ্য ভাষার ব্যাপক ব্যবহার এবং মাত্রাতিরিক্ত বর্ণনা যাহা বিনিয়োগকারীদের বিভ্রান্ত করিতে পারে বর্জন করিতে হইবে।

৪. বিজ্ঞাপনে মন কোন তথ্য থাকিবে না যাহার যথার্থতা নিরুপন অনির্ভরযোগ্য ও অনুমান নির্ভর হইবে।

৫. বিজ্ঞাপনে এক তহবিলের সহিত অন্য তহবিলের স্পষ্ট বা অস্পষ্টভাবে তুলনা করা হইবে না যদি না উক্ত তুলনা ন্যায্য হয় এবং প্রাসংগিক তথ্যাবলী বিজ্ঞাপনে উল্লেখ থাকে।

৬. মিউচ্যুয়াল ফান্ডে সকল বিজ্ঞাপনে উদ্যোক্তা, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপক এবং হেফাজতকারীর নাম অন্তর্ভুক্ত থাকিতে হইবে এবং তাহাদের আইনগত মর্যাদা, সীমিত দায়িত্ব এবং প্রত্যেকের সহিত প্রত্যেকের আইনগত এবং বিভিন্ন কাজ, দায়িত্ব ও কর্তব্যজনিত ভিন্নতা পরিস্কারভাবে উল্লেখ থাকিবে।

৭. যদি কোন বিজ্ঞাপনে একটি মিউচ্যুয়াল ফান্ড সম্ভাব্য বিনিয়োগকারীদের লভ্যাংশের নিম্নহারের নিশ্চয়তা দেয় তাহা হইলে ঐরূপ নিশ্চয়তার অনুকূলে গৃহীত ব্যবস্থা বা সম্পদের বিবরণ প্রদান করিতে হইবে।

৮. যদি কোন বর্তমান মিউচ্যুয়াল ফান্ড বিজ্ঞাপনে উহার অতীত কার্যাবলী তুলিয়া ধরে সেক্ষেত্রে লভ্যাংশের হার নিরূপণের পদ্ধতি উল্লেখ করিতে হইবে এবং এইরূপ বিবৃতি দিতে হইবে যে এইরূপ তথ্য ভবিষ্যৎ ফলাফলের কোন সূচক নহে এবং তাহা অন্যান্য বিনিয়োগের সহিত তুলনা করিবার ভিত্তি হিসাবে পরিগণিত হইবে না।

পঞ্চম তফসিল
[বিধি ৫৬ দ্রষ্টব্য]

বিনিয়োগে বাধানিষেধ

১. মিউচ্যুয়াল ফান্ড কোন উদ্দেশ্যে কোন মেয়াদী ঋণ বা অগ্রিম প্রদান করিবে না।

২. মিউচ্যুয়াল ফান্ডের কোন একক স্কীমের মোট সম্পদের শতকরা দশ ভাগের বেশী কোন এক কোম্পানীর শেয়ারে বিনিয়োগ করা যাইবে না।

৩. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন কোম্পানীর পরিশোধিত মূলধনের শতকরা পনের ভাগের বেশী বিনিয়োগ করিবে না।

৪. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক কোম্পানীর বা গ্রুপের শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট শতকরা বিশ ভাগের বেশী বিনিয়োগ করিবে না।

৫. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক শিল্পে শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট সম্পদের শতকরা পঁচিশ ভাগের বেশী বিনিয়োগ করিবে নাঃ

তবে শর্ত থাকে যে, যে স্কীম এক বা একাধিক শিল্পে বিনিয়োগ করার উদ্দেশ্যে গঠন করা হইয়াছে, তাহার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না যদি এই মর্মে একটি ঘোষণা প্রসপেক্টাসে দেওয়া হইয়া থাকে।

৬. কোন মিউচ্যুয়াল ফান্ড এক স্কীম হইতে অন্য স্কীমে বিনিয়োগ স্থানান্তর করিতে পারিবে, যদি–

(ক) তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে এইরূপ স্থানান্তর প্রচলিত বাজার মূল্যে স্পটভিত্তিক করা হইয়া থাকে ;

(খ) এইভাবে স্থানান্তরিত সিকিউরিটিজ যে স্কীমে স্থানান্তর করা হইয়াছে সে স্কীমের বিনিয়োগ উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

৭. একই সম্পদ ব্যবস্থাপকের এক স্কীম অন্য স্কীমে বিনিয়োগ করা অথবা ধার দেওয়া যাইবে না।

৮. কোন মিউচ্যুয়াল ফান্ডকে বিনিয়োগ করিবার জন্য তহবিল ধার করিতে অনুমতি দেওয়া হইবে না।

৯. কোন স্কীমের প্রাথমিক ইস্যু ব্যয় ঐ স্কীম কর্তৃক সংগৃহীত তহবিলের শতকরা ছয় ভাগের বেশী হইবে না, যার প্রাক্কলিত খাতওয়ারী বিভাজন প্রসপেক্টাসে উল্লেখ করিতে হইবে।

১০. ১ হইতে ৯ অনুচ্ছেদের কোন বিষয় ক্ষুণ্ন না করিয়া, তহবিলের প্রাথমিক ইস্যু ব্যয় ছাড়া, মোট ব্যয় হিসাব বর্ষের সাপ্তাহিক গড়পড়তা নীট সম্পদের শতকরা তিন ভাগের বেশী চার্জ করা যাইবে না।

ষষ্ঠ তফসিল
[বিধি ৬৯ দ্রষ্টব্য]

মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদন

১. বার্ষিক প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে :-

(ক) তহবিলের বিভিন্ন স্কীম পরিচালনা, ঐ বৎসরের মোট তহবিল এবং তহবিলের ভবিষ্যৎ কর্মসূচী সংক্রান্ত ট্রাস্টির প্রতিবেদন ;

(খ) এই তফসিলের ২, ৩ ও ৪ নম্বর অনুচ্ছেদের সহিত সামঞ্জস্যপূর্ণ ব্যালান্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী ;

(গ) এই তফসিলের ৫ অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষকের প্রতিবেদন ;

(ঘ) নিম্নবর্ণিত বিষয়ে ট্রাস্টির সংক্ষিপ্ত বিবরণ–

(অ) ট্রাস্টির দায়িত্ব ও কর্তব্য ;

(আ) প্রতিটি স্কীমের বিনিয়োগ উদ্দেশ্য ;

(ই) স্কীমের বিনিয়োগ ভিত্তি ও নীতি ;

(ঈ) স্কীম যদি আংশিক বা সম্পূর্ণরূপে শেয়ার, বন্ড, ডিবেঞ্চার এবং অন্য স্কীম বা সিকিউরিটিতে বিনিয়োগের অনুমতি দেয় যেগুলির দরে হ্রাসবৃদ্ধি ঘটে তাহা হইলে, নিম্নরূপ বিবৃতি "ইউনিটের দাম ও পরিশোধিতব্য মূল্য এবং উহা হইতে লব্ধ আয়ে বিনিয়োগের বাজার মূল্যের উঠানামার সহিত হ্রাস-বৃদ্ধি ঘটিবে"।

(ঙ) এই তফসিলের ৬ অনুচ্ছেদ অনুযায়ী ইউনিট প্রতি প্রাসংগিক পরিসংখ্যানের বিবরণ।

(চ) নিম্নরূপ বিবৃতি :–

"বর্তমান ও সম্ভাব্য ইউনিট মালিক/বিনিয়োগকারীগণ লিখিত আবেদনের ভিত্তিতে ট্রাস্ট চুক্তিপত্র, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট স্কীমের বিষয়বস্তু সংগ্রহ করিতে পারিবেন।"

২. ব্যালেন্স শীটে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবেঃ–

(ক) ব্যালেন্স শীটে স্কীমের সম্পদ ও দায়দেনার স্কীমভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ১ক এবং ১খ-এ উল্লিখিত তথ্য থাকিবে। এই বিবরণে অন্যান্য কিছুর মধ্যে বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি প্রকাশ করা হইবে।

(খ) বিনিয়োগ যদি ক্রয়মূল্যে বা লিখিত মূল্যমানে করা হয় তাহা হইলে প্রত্যেক প্রকার বিনিয়োগের সামষ্টিক বাজারমূল্য পৃথকভাবে নিম্নভাগে উল্লেখ করিতে হইবে; যেমন, ইকুইটি শেয়ার, অগ্রাধিকারযুক্ত শেয়ার, স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত রূপান্তরযোগ্য ডিবেঞ্চার, স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত এবং ব্যক্তিগতভাবে প্রদত্ত (placed) অরূপান্তরযোগ্য ডিবেঞ্চার বা বন্ড।

(গ) ব্যালেন্স শীটে প্রত্যেক প্রকার বিনিয়োগের ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক চলতি মূল্য ও বাজার মূল্য উল্লেখ করিতে হইবে। (নিষ্ক্রিয় অর্থ এমন কোন বিনিয়োগ যাহা হইতে মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষের শেষ পর্যন্ত দুই বৎসরের বেশী সময় ধরিয়া সুদ বা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই)

(ঘ) ব্যালেন্স শীটে নিষ্ক্রিয় বিনিয়োগের মূল্য ঘাটতি/ক্ষতির সঞ্চিতি উল্লেখ করিতে হইবে।

(ঙ) ব্যালেন্স শীটে হিসাব বর্ষ শেষে ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের উল্লেখ থাকিবে।

(চ) ব্যালেন্স শীটে প্রতিটি বিষয়ের বিপরীতে পূর্ববর্তী হিসাব বর্ষ শেষের উদ্বৃত্ত অংকের উল্লেখ থাকিবে।

৩. রাজস্ব হিসাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবেঃ–

(ক) রাজস্ব হিসাবে মিউচ্যুয়াল ফান্ডের আয়, ব্যয় এবং উদ্বৃত্ত সম্পর্কিত স্কীমভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ২-এ উল্লেখিত তথ্য থাকিবে।

(খ) যদি রাজস্ব হিসাবে একই মিউচ্যুয়াল ফান্ডের আন্তঃ স্কীম বিনিয়োগ হস্তান্তরের লাভ বা ক্ষতি থাকে তাহা হইলে লাভ/ক্ষতির সমষ্টি তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ হস্তান্তরের লাভ/ক্ষতির সহিত যৌথভাবে না দেখাইয়া পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

(গ) বিনিয়োগের রাজস্ব ও আয় (লভ্যাংশ ও সুদ সমেত)-এর স্বীকৃত করার হিসাব নীতি অবহিত করিতে হইবে।

(ঘ) মিউচ্যুয়াল ফান্ড বা উহার অধীন পরিচালিত স্কীম পরিচালনার জন্য অপরিহার্য যে সকল খরচ বিশেষ করিয়া স্কীম ইস্যুর প্রাথমিক খরচের উক্ত আর্থিক বৎসরের জন্য অবলোপন (write-off) অংশ; সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং হেফাজতকারীকে প্রদত্ত ফি, স্কীম প্রচারনার বিজ্ঞাপনী ব্যয় (প্রযোজ্য ক্ষেত্রে), বার্ষিক ফি, নিরীক্ষা খরচ, ইউনিট হোল্ডারদের কর্তৃক সভা সংক্রান্ত খরচ, NAV এবং অন্যান্য স্কীম সংক্রান্ত প্রকাশনার খরচ, ষ্টক এক্সচেঞ্জের লেনদেন ব্যয়, ক্রয় মূল্য অপেক্ষা বাজার মূল্য যদি কম হয় তবে তাহার জন্য সঞ্চিতি।

৪. নগদান প্রবাহ বিবরণীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে :–

(ক) মিউচ্যুয়াল ফান্ডের নগদান প্রবাহ বিবরণীতে নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের স্কীমভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ৩ অনুযায়ী তথ্যের উল্লেখ থাকিবে।

(খ) নগদান প্রবাহ বিবরণীতে সকল নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ তিনটি শ্রেণীতে বিভক্ত থাকিবে; যথা– পরিচালনা, বিনিয়োগ এবং আর্থিক কর্মকাণ্ড সংক্রান্ত।

(গ) নগদান প্রবাহ বিবরণীতে অর্থ বিবৃতিতে ব্যালেন্স শীট তারিখে সমাপ্ত বর্ষের নগদ উদ্বৃত্ত বা ঘাটতি এবং প্রারম্ভিক ও সমাপ্তি উদ্বৃত্তের সমন্বয়ের উল্লেখ থাকিবে।

৫. নিরীক্ষকের প্রতিবেদন:

(১) ট্রাস্ট দলিল অনুযায়ী সকল মিউচ্যুয়াল ফান্ডের হিসাব নিরীক্ষা করিতে হইবে। বার্ষিক প্রতিবেদনের একটি অংশরূপে নিরীক্ষা প্রতিবেদন পরিগণিত হইবে। ইহার সহিত সংক্ষিপ্ত ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী সংযুক্ত থাকিবে। নিরীক্ষকগণ ইউনিট মালিকদের নিকট নহে, ট্রাস্টিগণের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(২) নিরীক্ষক ঘোষণা করিবেন যে–

(ক) তিনি সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কি না যাহা তাহার জ্ঞান ও বিশ্বাসমতে তাহার নিরীক্ষা কাজে প্রয়োজন ছিল ; এবং

(খ) ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী তহবিলের হিসাব বহির সহিত সামঞ্জস্যপূর্ণ কি না।

(৩) নিরীক্ষক তাহার মতামত দিবেন যে–

(ক) ব্যালেন্স শীটে ব্যালেন্স শীট তারিখে তহবিলের স্কীমভিত্তিক আর্থিক অবস্থা সত্য ও ন্যায্য কি না;

(খ) রাজস্ব হিসাবে ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত সমাপ্ত বৎসরের তহবিলের স্কীমভিত্তিক উদ্বৃত্ত/ঘাটতি সত্য ও ন্যায্য কি না;

(গ) নগদান প্রবাহ বিবরণী ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত সমাপ্ত বৎসরের তহবিলের স্কীমভিত্তিক নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ সত্য ও ন্যায্য কি না।

৬. **ইউনিট প্রতি যথানুপাতিক পরিসংখ্যান**

এই বিবরণী বিগত তিন বৎসরের স্কীমভিত্তিক ইউনিট প্রতি নিম্নরূপ পরিসংখ্যান প্রদর্শন করিবে:-

(ক) ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য ;

(খ) ইউনিট প্রতি মোট আয়, নিম্নরূপ শ্রেণীতে :

(অ) বিনিয়োগ বিক্রয় হইতে লাভ ছাড়া অন্যান্য আয়;

(আ) বিনিয়োগের আন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তরের লাভ;

(ই) তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ বিক্রয় হইতে লাভ;

(ঈ) গত বৎসরের রিজার্ভ হইতে রাজস্ব হিসাবে স্থানান্তর;

(গ) ইউনিট প্রতি সামষ্টিকভাবে ব্যয়, মূল্যহ্রাস, অবচয় ও অবসান (write-off) ইউনিট প্রতি বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

(ঘ) ইউনিট প্রতি নীট আয়;

(ঙ) ইউনিট প্রতি অনাদায়ী মূল্যবৃদ্ধি/সঞ্চিতিবিহীন মূল্যহ্রাস;

(চ) ইউনিটসমূহ যদি লেনদেন অথবা পুনঃক্রয়/পুনঃবিক্রয় করা হয়, এই বৎসরে ইউনিট প্রতি সর্বোচ্চ ও সর্বনিম্ন দর এবং দর-লাভের অনুপাত (price-earning ratio)।

সংযোজনী ১ক

স্কীমভিত্তিক ব্যালেন্স শীটের বিষয়বস্তু

ব্যালেন্স শীটের সম্পদ অংশ

১. ব্যালেন্স শীটে সম্পদকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা যাইবে:

(ক) বিনিয়োগ;

(খ) জমা;

(গ) অন্যান্য চলতি সম্পদ;

(ঘ) স্থায়ী সম্পদ;

(ঙ) স্থগিতকৃত রাজস্ব খরচ।

২. বিনিয়োগ

(ক) বিনিয়োগের নিম্নলিখিত শ্রেণীসমূহকে তাহাদের সমষ্টিগত চলতি অর্থে পৃথকভাবে উল্লেখ করিতে হইবে:-

(১) সাধারণ শেয়ার;

(২) অগ্রাধিকারযুক্ত শেয়ার;

(৩) ব্যক্তিগতভাবে প্রদত্ত (placed) ডিবেঞ্চার/বন্ড;

(৪) স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত বা তালিকাভুক্তির অপেক্ষায় আছে এইরূপ ডিবেঞ্চার ও বন্ড;

(৫) অগ্রিম পরিশোধিত দাবী;

(৬) মেয়াদী ঋণ;

(৭) সরকারী সিকিউরিটিজ (ট্রেজারী বিল সমেত);

(৮) বাণিজ্যিক পত্র (commercial paper);

(৯) অন্যান্য।

(খ) বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি উল্লেখ করিতে হইবে;

(গ) বিনিয়োগ যদি ক্রয়মূল্যে বা লিখিত মূল্যে প্রদর্শিত হয় তাহা হইলে বিনিয়োগের উপরোল্লিখিত প্রত্যেক শ্রেণীর সমষ্টিগত বাজার মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

(ঘ) বিনিয়োগের প্রতিটি শ্রেণীর ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সমষ্টিগত বাজার মূল্য এবং প্রদর্শিত মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে। (নিষ্ক্রিয় বিনিয়োগ অর্থ এমন কোন বিনিয়োগ যাহা হইতে মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষের শেষ পর্যন্ত দুই বৎসরের বেশী সময় ধরিয়া সুদ বা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই)

৩. জমা

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবে:

(ক) তফসিলী ব্যাংকে জমা;

(খ) কোম্পানী/প্রতিষ্ঠানে জমা;

(গ) অন্যান্য।

৪. অন্যান্য চলতি সম্পদ

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবে:

(ক) চলতি হিসাব ব্যাংকে জমা;

(খ) হাতে নগদ;

(গ) বিবিধ দেনাদার;

(ঘ) বিনিয়োগ বিক্রয়ের চুক্তি;

(ঙ) আদায়যোগ্য আয়;

(চ) অগ্রিম জমা ও অগ্রিম পরিশোধিত খরচ;

(ছ) সেতু ঋণ;

(জ) শেয়ার/ডিবেঞ্চার আবেদন অর্থ;

(ঝ) অন্যান্য।

৫. স্থায়ী সম্পদ

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবে:

(ক) ইজারাকৃত জমি;

(খ) নিষ্কর জমি;

(গ) অফিস দালানকোঠা;

(ঘ) আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি;

(ঙ) অন্যান্য সম্পদ;

(স্থায়ী সম্পদের উপরে বর্ণিত প্রতিটি শ্রেণীর মূল্য (মোট বক), অবচয়, অবচয়কৃত মূল্য (নীট বক) ঐ বৎসরের সংযোজন ও বিয়োজন পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।)

৬. স্থগিতকৃত রাজস্ব খরচ

(ক) প্রারম্ভিক উদ্বৃত্ত, অবসান (write-off), পরবর্তী বৎসরসমূহের মুলতবী খরচ আলাদাভাবে দেখাইতে হইবে।

(খ) স্থগিতকৃত রাজস্ব খরচ ও উহার অবসান (write-off) সংক্রান্ত হিসাব নীতি উল্লেখ করিতে হইবে।

সংযোজনী ১'খ'

স্কীমভিত্তিক ব্যালেন্স শীটের বিষয়বস্তু

ব্যালেন্স শীটের দায় অংশ

১. ব্যালেন্স শীটে দায় নিম্নলিখিত ভাগে বিভক্ত করিতে হইবে :-

(ক) ইউনিট মূলধন;

(খ) রিজার্ভ ও উদ্বৃত্ত;

(গ) ঋণ;

(ঘ) চলতি দায় ও সঞ্চিতি।

২. **ইউনিট মূলধন**

পৃথক করুন–

(ক) প্রারম্ভিক মূলধন ;

(খ) ইউনিট মূলধন (ইউনিটের সংখ্যা এবং ইউনিট প্রতি বাহ্যিক মূল্য)।

৩. **রিজার্ভ ও উদ্বৃত্ত**

পৃথক করুন–

(ক) ইউনিট প্রিমিয়াম রিজার্ভ;

(খ) প্রারম্ভিক মূলধন সম্পর্কিত সাধারণ রিজার্ভ;

(গ) ইউনিট মূলধন সম্পর্কিত সাধারণ রিজার্ভ;

(ঘ) লভ্যাংশ সমতাকরণ রিজার্ভ;

(ঙ) অন্যান্য রিজার্ভ (তাহার ধরন উল্লেখ করিতে হইবে);

(চ) উদ্বৃত্ত লাভ;

(ছ) কোন বিনিয়োগের ক্ষতি বা লোকসানের সঞ্চিতি যদি ইউনিট প্রিমিয়াম রিজার্ভে, ডেবিট করার মাধ্যমে করা হয় তাহা হইলে তাহার পরিমাণের সমষ্টি প্রত্যেক বিনিয়োগ শ্রেণীর জন্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।

(জ) প্রারম্ভিক উদ্বৃত্ত, রিজার্ভে বা রিজার্ভ হইতে স্থানান্তর এবং সমাপ্তি উদ্বৃত্ত উপরোল্লিখিত রিজার্ভের প্রত্যেক শ্রেণীর জন্য আলাদাভাবে উল্লেখ করিতে হইবে।

৪. ঋণ

পৃথক করুন–

(ক) বন্দোবস্তকারী (settlor) হইতে;

(খ) অন্য বাণিজ্যিক ব্যাংক হইতে;

(গ) অন্যান্যদের হইতে;

যাদি উরোক্ত ঋণসমূহ নিরাপদ হয়, তাহা হইলে সিকিউরিটির ধরন ও ব্যাপ্তি উল্লেখ করিতে হইবে।

৫. চলতি দায় ও সঞ্চিতি

নিম্নোল্লিখিত চলতি দায় ও সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করুন–

চলতি দায় :

(ক) বিবিধ পাওনাদার;

(খ) পরিশোধযোগ্য ঋণের উপর সুদ;

(গ) বিনিয়োগ ক্রয়ের চুক্তি;

(ঘ) বহি অনুযায়ী ব্যাংক হিসাব হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ;

(ঙ) দাবীহীন আয়;

(চ) অন্যান্য।

সঞ্চিতি :

(ক) বিনিয়োগের ক্ষতি/অবচয়ের সঞ্চিতি (বিনিয়োগের প্রতি শ্রেণীর জন্য পৃথকভাবে);

(খ) সন্দেহজনক জমার সঞ্চিতি;

(গ) আদায়যোগ্য সন্দেহজনক আয়ের সঞ্চিতি;

(ঘ) গ্রাচুইটির সঞ্চিতি;

(ঙ) প্রারম্ভিক মূলধন ও ইউনিট মূলধনের প্রস্তাবিত বিতরণকৃত আয়;

(চ) অন্যান্য সঞ্চিতি।

সংযোজনী ২

রাজস্ব হিসাবের বিষয়বস্তু

আয় :

(ক) লভ্যাংশ ;

(খ) সুদ ;

(গ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লাভ ;

(ঘ) বিনিয়োগের আন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তর হইতে লাভ ;

(ঙ) অন্যান্য আয় (ধরন উল্লেখসহ)।

ব্যয় ও লোকসান :

(ক) বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি;

(খ) আদায়যোগ্য আয় সন্দেহমূলক হইলে তাহার সঞ্চিতি;

(গ) সন্দেহমূলক জমা এবং চলতি সম্পদের সঞ্চিতি;

(ঘ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লোকসান;

(ঙ) ব্যবস্থাপনা ফি;

(চ) ট্রাস্টি ফি;

(ছ) ট্রাস্ট খরচ (বেতন, ভাতা, প্রভিডেন্ট ফান্ডে জমা এবং গ্রাচুইটি ইত্যাদিসহ);

(জ) অফিস ও প্রশাসনিক ব্যয়;

(ঝ) নিবন্ধন ও স্থানীয় ব্যয়;

(ঞ) এজেন্ট প্রদত্ত কমিশন;

(ট) প্রচারণা ব্যয় ;

(ঠ) অডিট ফি ;

(ড) অন্যান্য পরিচালনা ব্যয় ;

(ঢ) স্থগিত রাজস্ব ব্যয়ের অবসান (write-off) ;

(ণ) স্থায়ী সম্পদের অবচয় ;

বিয়োগ: ব্যবস্থাপনা ব্যয় পরিশোধের লক্ষ্যে ইউনিট বিক্রয় হইতে প্রাপ্ত অর্থ।

নোট :

১. রাজস্ব ও বিনিয়োগের আয় (ডিভিডেন্ড ও সুদ সমেত) সংক্রান্ত হিসাব নীতি একটি নোটের মাধ্যমে উল্লেখ করিতে হইবে।

২. বিনিয়োগের সঞ্চিতিবিহীন মূল্যহ্রাস এবং অনাদায়ী মূল্যবৃদ্ধি যাহা সামষ্টিক বাজারমূল্য ও চলমান মূল্যের পার্থক্য বুঝায় তাহা একটি নোটের মাধ্যমে উল্লেখ করিতে হইবে।

৩. রাজস্ব হিসাবে উদ্বৃত্ত লাভের লভ্যাংশ ও রিজার্ভে স্থানান্তরের মাধ্যমে বণ্টন প্রদর্শন করিতে হইবে।

সংযোজনী ৩
নগদান প্রবাহ অর্থ বিবরণীর বিষয়বস্তু

১. পরিচালনা কর্মকাণ্ড সংক্রান্ত নগদান প্রবাহ:
   (ক) লভ্যাংশ আয়;
   (খ) সুদ;
   (গ) অন্যান্য আয় (ধরনের উল্লেখসহ);
   (ঘ) ব্যয়;
   (ঙ) পরিশোধিত কর;
   (চ) বিতরণকৃত লভ্যাংশ।

২. বিনিয়োগ কর্মকাণ্ড সংক্রান্ত নগদান প্রবাহ:
   (ক) বিনিয়োগ ক্রয়;
   (খ) বিনিয়োগ বিক্রয় অথবা পরিশোধ;
   (গ) জমা;
   (ঘ) জমা ভাঙ্গানো;
   (ঙ) স্থগিতকৃত রাজস্ব ব্যয়।

৩. আর্থিক কর্মকাণ্ড সংক্রান্ত নগদান প্রবাহ:
   (ক) ইউনিট মূলধন ইস্যু;
   (খ) ঋণ প্রাপ্তি;
   (গ) ঋণ পরিশোধ;
   (ঘ) ইউনিট মূলধন পুনঃক্রয়।

সপ্তম তফসিল

[বিধি ৭৩ দ্রষ্টব্য]

মিউচ্যুয়াল ফান্ডের
অর্ধ-বার্ষিক আর্থিক ফলাফল

বিজ্ঞপ্তিকৃত সংক্ষিপ্ত রাজস্ব হিসাবের বিষয়বস্তু

মিউচ্যুয়াল ফান্ড

.....এ সমাপ্ত অর্ধ-বার্ষিক/সমাপ্ত মেয়াদের রাজস্ব হিসাব

১. আয়

	চলতি অর্ধ-বার্ষিক	পূর্ববর্তী অর্ধ-বার্ষিক
(ক) লভ্যাংশ;		
(খ) সুদ;		
(গ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ; (আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লাভ;		
(ঘ) বিনিয়োগের আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয়ে লাভ;		
(ঙ) অন্যান্য আয় (ধরনের উল্লেখসহ)।		

২. ব্যয় ও লোকসান

(ক) ব্যবস্থাপনা, ট্রাস্টিশীপ, প্রশাসনিক এবং অন্যান্য পরিচালন ব্যয়;		
(খ) বিনিয়োগ মূল্যহ্রাস/লোকসানের সঞ্চিতি;		
(গ) সন্দেহমূলক আয়ের সঞ্চিতি;		
(ঘ) সন্দেহমূলক জমা/চলতি সম্পদের সঞ্চিতি;		
(ঙ) বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (redemption) (আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয় ব্যতিরেকে) হইতে লোকসান;		
(চ) বিনিয়োগের আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয়ে লোকসান।		

৩. মোট নীট লাভ

বিজ্ঞপ্তিকৃত সংক্ষিপ্ত ব্যালেন্স শীটের বিজ্ঞাপনের বিষয়বস্তু

.....মিউচ্যুয়াল ফান্ড

.....তারিখের ব্যালেন্স শীট

বিভিন্ন স্কীমের নাম.....

	চলতি অর্ধ-বৎসর	পূর্ববর্তী অর্ধ-বৎসর

৪. দায়

(ক) ইউনিট মূলধন;

(খ) রিজার্ভ এবং উদ্বৃত্ত;

(গ) ইউনিট প্রিমিয়াম রিজার্ভ;

(ঘ) অন্যান্য রিজার্ভ।

৫. ঋণ ও ধার

(ক) ব্যাংক হইতে;

(খ) অন্যান্যদের নিকট হইতে।

৬. চলতি দায় ও সঞ্চিতি

(ক) বিনিয়োগের লোকসান/মূল্যহ্রাস বা ঘাটতির সঞ্চিতি;

(খ) সন্দেহমূলক আয়/জমার সঞ্চিতি;

(গ) প্রস্তাবিত আয় বণ্টন;

(ঘ) অন্যান্য চলতি দায় ও সঞ্চিতি।

মোট

১. সম্পদ

(ক) বিনিয়োগ;

(খ) সাধারণ ও অগ্রাধিকারযুক্ত শেয়ার;

(গ) ব্যক্তিগতভাবে প্রদত্ত (placed) ডিবেঞ্চার/বন্ড;

(ঘ) স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ডিবেঞ্চার ও বন্ড বা তালিকাভুক্তির অপেক্ষায় আছে এইরূপ;

(ঙ) মেয়াদী ঋণ;

(চ) সরকারী সিকিউরিটিজ;

(ছ) অন্যান্য।

২. জমা

(ক) তফসিলী ব্যাংকে জমা

(খ) অন্যান্যদের নিকট জমা

৩. অন্যান্য চলতি সম্পদ

(ক) নগদ ও ব্যাংক উদ্বৃত্ত;

(খ) অন্যান্য।

৪. স্থগিতকৃত রাজস্ব ব্যয় [যে পরিমাণ অবসায়িত (written-off) হয় নাই]

মোট

নোট:

১. বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি উল্লেখ করিতে হইবে;

২. বিনিয়োগ যদি ক্রয়মূল্য বা লিখিত মূল্যে প্রদর্শিত হয় তাহা হইলে বিনিয়োগের উপরোল্লিখিত প্রত্যেক শ্রেণীর সমষ্টিগত বাজার মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

৩. নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক প্রদর্শিত মূল্য ও বাজারমূল্য বিনিয়োগের প্রত্যেক শ্রেণীর জন্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে। (নিষ্ক্রিয় বিনিয়োগ অর্থ এমন কোন বিনিয়োগ যাহা হইতে মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষে শেষ পর্যন্ত দুই বৎসরের বেশি সময় ধরিয়া সুদ বা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই।)

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে
মনির উদ্দিন আহমদ
চেয়ারম্যান

বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
১০ই ফেব্রুয়ারী ১৯৯৪
৮ম খণ্ড– বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
SECURITIES AND EXCHANGE COMMISSION

প্রজ্ঞাপন

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সভা সংক্রান্ত) বিধিমালা, ১৯৯৪

নং এসআরও ৫০ – আইন/৯৪।– সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।– এই বিধিমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সভা সংক্রান্ত) বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।– বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) 'আইন' অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(খ) 'কমিশন' অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন;

(গ) 'সভা' অর্থ আইনের ধারা এ উল্লিখিত কমিশনের সভা;

(ঘ) 'চেয়ারম্যান' ও 'সদস্য' অর্থ আইনের ধারা ২(খ) ও ২(ঢ)-তে উল্লিখিত কমিশনের চেয়ারম্যান ও কমিশনের সদস্য।

৩। **কমিশনের সভা**।– আইনের ৭ ধারা অনুযায়ী কমিশনের সভা অনুষ্ঠিত হইবে।

৪। **সভার সংখ্যা**।– বছরে অন্যূন ছয়টি সভা অনুষ্ঠিত হইবে, তবে চেয়ারম্যান প্রয়োজন মনে করিলে জরুরী ভিত্তিতে যে কোন সময় অতিরিক্ত সভা আহবান করিতে পারিবেন।

৫। **সভার স্থান**।– কমিশনের প্রধান কার্যালয়ে সভা অনুষ্ঠিত হইবে; তবে চেয়ারম্যান প্রয়োজন মনে করিলে অন্য যে কোন জায়গায় সভার স্থান নির্ধারণ করিতে পারিবেন।

৬। **সভা অনুষ্ঠানের সময়**।– সভা অনুষ্ঠানের তারিখ ও সময় চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে এবং বিধি ৭ এ উল্লিখিত নোটিশের মাধ্যমে চেয়ারম্যানের নির্দেশে সভা আহ্বান করা হইবে।

৭। **সভার নোটিশ**।– (১) সভা অনুষ্ঠানের তরিখের অন্তত সাত দিন পূর্বে সভার স্থান, তারিখ ও সময় উল্লেখপূর্বক একটি লিখিত নোটিশ প্রত্যেক সদস্যের নিকট পৌঁছাইতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, জরুরী পরিস্থিতিতে সাত দিন অপেক্ষা কম সময়ের নোটিশেও সভা আহ্বান করা যাইবে;

(২) সদস্যগণকে ব্যক্তিগতভাবে বা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট বা কমিশনের কার্যালয়ে সংরক্ষিত তাহাদের ঠিকানায় রেজিষ্টার্ড ডাকে বা বার্তাবাহক মারফত নোটিশ প্রেরণ করা যাইবে;

তবে শর্ত থাকে যে, ডাকযোগে নোটিশ প্রেরণের ক্ষেত্রে যথাযথ ষ্ট্যাম্পযুক্ত করিয়া কোন নোটিশ ডাকযোগে প্রেরণ করা হইলেই উক্ত নোটিশ যথাযথভাবে প্রেরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৮। **আলোচ্যসূচী**।– প্রতিটি সভার আলোচ্যসূচী চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে এবং উহা সভার নোটিশে উল্লেখ করিতে হইবে।

৯। **সভার কার্যবিবরণী**।– (১) প্রতিটি সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিয়া রাখা হইবে এবং উহা পরবর্তী সভায় অনুমোদন করাইতে হইবে;

(২) কোন সভার কার্যবিবরণী অনুমোদনের উদ্দেশ্যে উহা পরবর্তী সভায় উপস্থিত সদস্যগণকে পড়িয়া শুনাইতে হইবে এবং লিপিবদ্ধ বিষয় সম্পর্কে কাহারও কোন আপত্তি আছে কিনা তাহা বিবেচনান্তে চেয়ারম্যান কার্যবিবরণীতে দস্তখত দিবেন এবং এইরূপে দস্তখতকৃত কার্যবিবরণী অনুমোদিত বলিয়া গণ্য কইবে।

১০। **সভার কোরাম, ভোটগ্রহণ, ইত্যাদি**।– (১) একজন সার্বক্ষণিক সদস্যসহ ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে কমিশনের সভার কোরাম গঠিত হইবে।

(২) কমিশনের সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হইলে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৩) ভোট প্রদানের পদ্ধতি সংশ্লিষ্ট সভার সভাপতি নির্ধারণ করিবেন।

১১। **সভার সভাপতি**।– চেয়ারম্যান কমিশনের সকল সভায় সভাপতিত্ব করিবেন, এবং তাহার অনুপস্থিতিতে কমিশনের ভাইস-চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন।

১২। **আমন্ত্রিত ব্যক্তি**।– সভার কোন সুনির্দিষ্ট বিষয়ে মতামত বা বক্তব্য পেশ করিবার উদ্দেশ্যে চেয়ারম্যান সংশ্লিষ্ট ব্যক্তিকে আমন্ত্রণ জানাইতে পারিবেন এবং সবার সিদ্ধান্ত অনুসারে আমন্ত্রিত ব্যক্তির মতামত বা বক্তব্য সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হইবে।

১৩। **সভায় যোগদানের সম্মানী**।– (১) সভায় যোগদানের জন্য চেয়ারম্যান ও সার্বক্ষণিক সদস্য ব্যতীত অন্যান্য সদস্যগণ প্রতিদিনের জন্য ৭৫০ টাকা বা কমিশন কর্তৃক নির্ধারিত হইলে তদপেক্ষা কম সম্মানী পাইবেন।

SECURITIES AND EXCHANGE COMMISSION (PROHIBITION OF INSIDER-TRADING) REGULATIONS, 1995

NOTIFICATION

DATED 24.8.1995

S.R.O. No. 149-Ain/95 - In exercise of the power conferred by section 25 of the Securities and Exchange Commission Act, 1993 (XV of 1993), the Securities and Exchange Commission, with the prior approval of the Government, makes the following regulations: -

1. **Short title.**- These regulations may be called the Securities and Exchange Commission (prohibition of insider-trading) Regulations, 1995.

2. **Definitions.**- In these regulations, unless there is anything repugnant in the subject or context, -

(a) "Act" means the Securities and Exchange Commission Act, 1993 (XV 0f 1993);

(b) "company" means any public limited company registered under the Companies Act, 1994 (XVIII of 1994), or under any other law in force before the commencement of that Act, and includes any other organization issuing securities;

(c) "person" includes any company, partnership firm and any organization dealing in securities;

(d) "price-sensitive information" means any such information which, if published, may influence market price of the concerned security and includes the following information, namely: -

(i) report in respect of the financial condition of the company or any basic information in respect thereof;

(ii) information relating to dividend;

(iii) decision for giving right share to security-holders, issuing bonus or giving similar other privilege;

(iv) decision of the company for purchasing or selling any immovable property;

(v) information relating to BMRE or establishment of new unit of the company;

(vi) basic change in the field of the company's activities (e.g. produced goods, preparation and implementation of plan or policy decision in respect thereof, etc,);

(vii) any other information determined by the Commission by notification in the official Gazette.

(e) "insider" means –

(i) any such person who is a director, principal stock holder, managing agent, banker, auditor, adviser, officer or employee of any company;

(ii) any such person who may know any price-sensitive information or may be considered to have the opportunity of knowing the said information because of his connection with any person mentioned in sub-clause (i) or because of any connection with the company or because of his position;

(f) "insider-trading" means buying or selling or transferring by any other means of any security by any insider on the basis of price- sensitive information.

3. **Restrictions on the supply of price-sensitive information.**- (1) Expect for the purpose of any law for the time being in force, the company's articles of association and any rules or regulations applicable to the company, no insider shall supply to any other person any price-sensitive information.

(2) The Commission may, by order published in the official Gazette, determine the procedure for the supply of any kind of price-sensitive information.

4. **Prohibition of insider-trading, etc.** - No person shall either himself or through any other person deal in any insider trading nor shall he give any personal advice or help in respect of such trading.

5. **Consequences of insider-trading, etc.**- If any person contravenes the provision of regulation 4, the Commission may, without prejudice to his other liabilities under the Act or the validity of the provision relating to the penalty imposable upon him, take the following actions against him, namely:-

(a) if the said person is a stock-broker or stock-dealer or authorized representative or any other intermediary licensed for dealing in securities, the Securities and Exchange Commission may cancel or suspend his licence under the Dealer, Stock-broker or Sub-broker Regulations, 1994[1] or any other regulations;

(b) may direct him to take over the charge of the share or stock acquired through insider-trading for a specified period or not to transfer the said security for a specified period, and may direct the company concerned not to give effect to such transfer or not to take any consequential action in accordance with the said transfer:

Provided that the Commission shall not take any such action without giving the person concerned a reasonable opportunity of being heard:

Provided further that, the Commission may, if it deems necessary in any special case, by recording the reason in writing, give necessary order for any interim period under clause (b) before giving any opportunity of being heard under the first proviso.

6. **Inquiry.** - (1) If, on the basis of the information received by the Commission, it appears to the Commission that any person has violated the provision of regulation 4, it may, for the purpose of inquiry into the matter, appoint an inquiry officer or an inquiry committee consisting of more than one person, hereinafter referred to as the inquirer, and may, if it deems necessary, include an auditor in such committee.

(2) The inquirer shall, before starting the inquiry, inform the person concerned by notice in writing about the subject-matter of the inquiry and, if necessary, may direct the said person to submit the relevant documents, books of accounts and other papers and information, and the person concerned shall be bound to comply with such direction.

---

1 Regulations 1994 have been repealed by the Securities and Exchange Commission (Stock-Dealer, Stock-Broker and Authorised Representative) Rules, 2000.

(3) The inquirer may, at any reasonable time, examine any documents, books of accounts and information related to his inquiry, and may collect extracts or copies thereof and may question any person concerned, and all persons connected therewith shall be bound to give necessary co-operation to the inquirer.

(4) If any person fails to produce any documents, books of accounts or any other information in accordance with the direction of the inquirer or refuses to answer to the questions of the inquirer or does not co-operate with him or if the inquirer thinks that he is avoiding the questioning, he may submit report to that effect to the Commission and the Commission may take different necessary actions according to the law in force.

(5) If , on the basis of information received during the inquiry, it appears to the inquirer that in the interest of inquiry it is necessary to take over the charge of any share or stock or to impose restriction upon its transfer for an interim period, he may submit an interim report to that effect to the Commission and the Commission, after consideration of the said report, may take over the charge of the said share or stock for a specified period or may make such other appropriate order in respect thereof, as it deems fit.

(6) The inquirer shall, after completion of the inquiry, submit a report to the Commission within the time specified by it.

7. **Consideration of inquiry report and taking of decision.**- On receipt of the inquiry report, the Commission may, after consideration thereof, give necessary order or direction in accordance with the regulation or may, according to the circumstances, order further inquiry or may give such other order or direction, as it deems necessary, within the purview of law for the protection of the interest of investors.

8. **Shares and stocks, etc. taken over charge of.** - Where the charge of any share or stock is taken over under regulation 5(1) (b) or regulation 6 (5), the Commission shall preserve the said share or stock properly and return the said share or stock to its owner after the expiry of the specified period.

9. **Appeal.**- A person aggrieved by an order given under regulation 5, 6 (5) or 7 may file an appeal against that order under the Securities and Exchange Commission (Appeal) Regulations, 1995.

SULTAN-UZ-ZAMAN KHAN
Chairman
Securities & Exchange Commission

SECURITIES AND EXCHANGE COMMISSION (APPEAL) REGULATIONS, 1995.

NOTIFICATION

DATED 25th MAY, 1995

No. S. R. O. 76 - Ain/95 - In exercise of the power conferred by section 25 of the Securities and Exchange Commission Act, 1993 (XV of 1993), the Securities and Exchange Commission makes, with the prior approval of the Government, the following regulations: -

1. **Short title and commencement.**- (1) These regulations may be called the Securities and Exchange Commission (Appeal) Regulations, 1995.

(2) They shall come into force on the day of their publication in the official Gazette.

2. **Definitions.**- In these regulations, unless there is anything repugnant in the subject or context, -

(a) "Prescribed form" or "form" means the form appended to these regulations;

(b) "Representative" means a person authorized in writing by the appellant or the opposite party as mentioned in regulation 3 (6) (a) (b) or (c);

(c) "Opposite party" means any person connected with the concerned order and shown as an opposite party in the prescribed form, and includes any other person shown by the Commission as an opposite party:

Provided that, no member, officer or employee of the Commission shall be shown as an opposite party;

(d) "Person" includes any company, body corporate, partnership firm or any other organization.

3. **Form of appeal or procedure for filing appeal.**- (1) An appeal shall be filed in the prescribed form before any officer specified by the Commission in this behalf.

(2) An appeal against more than one order shall not be filed in one form.

(3) In the specified part of the form, the relevant facts and grounds for appeal shall be mentioned clearly and in brief, and the irrelevant or redundant statements shall be avoided, provided that for the purpose of submitting those statements separate sheets of paper may be used.

(4) If the appellant mentions any opposite party in the prescribed form or if the Commission identifies any person as an opposite party, the appellant shall file an additional copy of the filled up form of appeal and each document submitted, and the Commission shall send the said form and document to the opposite party along with the notice to be sent under regulation 5 (2).

(5) The following documents shall be submitted along with the form, namely: -

(a) two attested copies of the order against which the appeal is to be filed;

(b) necessary documents and facts in support of the grounds;

(c) pay order or demand draft showing payment of taka 500/- as fee in favour of the Commission.

(6) The appellant himself or any of the following persons authorized by him in writing may file an appeal, namely: -

(a) any lawyer receiving certificate for legal practice from the Bangladesh Bar Council;

(b) any chartered account or cost and management accountant;

(c) any other person who is capable to submit the statements of the appellant regarding the facts of appeal.

4. **Limitation for appeal.**- If any person is aggrieved by any order of any member or officer of the Commission, he may file an appeal against that order within 30 days thereof and no appeal filed thereafter shall be entertained:

Provided that, if the appellant can satisfy the Commission to the effect that he had reasonable cause for not filing the appeal within the said period, the Commission may receive the appeal for consideration even after the expiry of the said period.

5. **Hearing of appeal.**- (1) The officer mentioned in regulation 3 (1) shall, after preliminary examination of the documents of appeal filed under regulation 3, submit the appeal, together with his comments, to the Commission.

(2) If the appeal is filed within 30 days specified in regulation 4, the Commission shall send a notice in writing to the appellant or to his representative and the opposite party, if any, fixing a date for hearing within 30 days following the filing of appeal.

(3) If the appeal is not filed within the specified period, and the Commission is not satisfied regarding the cause shown by the appellant for that, the Commission shall inform in writing the appellant or his representative about its decision within 30 days of the filing of the appeal; otherwise the Commission shall issue a notice under sub regulation (2).

(4) The opposite party shall submit its statements in writing in brief within the time specified in the notice or extended by the Commission and shall also submit necessary documents in support of its statements.

(5) The Commission shall not generally adjourn the hearing, but in any unavoidable circumstances it may adjourn the hearing, by showing reasons therefor in writing, for not more than 15 days, and shall inform the appellant and the opposite party or their representatives present about the adjourned date orally or, if necessary, in writing.

(6) On every date of hearing, the appellant and the opposite party themselves or, as the case may be, their representatives shall be present.

(7) On the date of hearing, if the parties to the appeal or their representatives are present, the Commission shall give them reasonable opportunity for submitting their statements and, in the case of absence of any party or both the parties, the appeal may be rejected after due consideration or any other necessary order may be made.

(8) For the convenience of consideration of the appeal, the Commission may direct the appellant or the opposite party to submit any necessary fact or document.

(9) Within 15 days of the completion of hearing of an appeal, the Commission shall record its decision with reasons and a copy of the said order shall be supplied to the appellant and the opposite party or their representatives by post or personally.

6. **Record and register of appeal.**- (1) For every appeal a separate file shall be opened and it shall be preserved for at least 5 years after its disposal.

(2) Oral facts of all appeals shall be preserved in a register.

FORM

[See regulation 3 of the Securities and Exchange Commission (Appeal) Regulations, 1995]

Form of Appeal

To : Securities and Exchange Commission.

Name and address of the appellant: .....
.....

Name and address of opposite party (if any) : .....
.....

(N. B – No member, officer or employee of the Commission shall be shown as an opposite party)

Sir,

I beg humbly to submit that I do hereby file this appeal against the order no. ..... dated ..... of the Commission in view of the following events and grounds. For this purpose, I submit the following documents herewith:

(a) Two attested copies of the said order;
(b) Pay order / demand draft showing payment of Tk. 500/- as fee;
(c) Other documents (please see the list enclosed at the bottom of the form)

1. Events: (please state here the relevant events in brief, avoid redundant statements, use additional sheets, if necessary)

2. Grounds: (here state the grounds in brief for the appeal, avoid redundant statement, use additional sheets, if necessary)

3. Prayer: in view of the above facts, I pray for the following relief: -

(a)
(b)
(c)

4. Name, address/telephone of the representative, if any: .....
.....
(written authority shall have to be filed)

Affirmation

The above facts and documents submitted are true and correct to my knowledge.

Date:.....

.....
(Signature of appellant)

Name:

Address:

Telephone:

Date:.....

.....
(Signature of representative)
Name:
Address:
Telephone:

List of enclosed documents:

Date:.....

(signature of appellant / representative)

SULTAN – UZ- ZAMAN KHAN
Chairman
Securities and Exchange Commission
Dhaka

SECURITIES AND EXCHANGE COMMISSION (MARKET MAKING) RULES, 2000 DATED 13.12.2000

বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
বৃহস্পতিবার, জানুয়ারী ১৮, ২০০১

৮ম খণ্ড– বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ: ৩রা ডিসেম্বর, ২০০০

নং এসইসি/এসআরএমআইডি/ ২০০০-৯২৫/২১৭৯– সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন , পূর্ব প্রকাশান্তে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।– এই বিধিমালা "সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০" নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।– (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "অধ্যাদেশ" অর্থ Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969);

(খ) "অনুমোদিত সিকিউরিটি" অর্থ কমিশন কর্তৃক এই বিধিমালার অধীন বাজার সৃষ্টিকরণ এর জন্য অনুমোদিত কোন সিকিউরিটি;

(গ) 'আইন' অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) "নিবন্ধন সনদ" অর্থ আইনের ধারা ১০ এ উল্লিখিত নিবন্ধিকরণ সার্টিফিকেট, যাহা এই বিধিমালা অনুসারে প্রদান করা হয়;

(ঙ) "ফরম" অর্থ তফসিল-এ বিধৃত কোন ফরম;

(চ) "বাজার সৃষ্টিকারী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে প্রদত্ত নিবন্ধন সনদের ভিত্তিতে কোন ষ্টক এক্সচেঞ্জের মাধ্যমে কোন অনুমোদিত সিকিউরিটির বাজার সৃষ্টি (Market Making) এর জন্য নিযুক্ত থাকেন;

(ছ) "বাজার সৃষ্টিকারী" (Market Making) অর্থ কোন অনুমোদিত সিকিউরিটির তারল্য ও উপযুক্ত মূল্য নিশ্চিতির লক্ষ্যে উহার ক্রয় ও বিক্রয়ের নিমিত্ত উহার গভীরতা (Number of tradable lot) সহ ক্রমাগতভাবে উভয় দর (two way price) উল্লেখ করা;

(জ) "ষ্টক একচেঞ্জ" অর্থ অধ্যাদেশ এর অধীনে রেজিষ্ট্রেশন সনদপ্রাপ্ত কোন ষ্টক এক্সচেঞ্জ;

(ঝ) "T" অর্থ কোন অনুমোদিত সিকিউরিটি ক্রয় বা বিক্রয়ের দিন।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে আইন, অধ্যাদেশ এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **নিবন্ধন সনদ ব্যতীত বাজার সৃষ্টিকারী হিসাবে কাজ করা নিষিদ্ধ।**– এই বিধিমালার অধীন প্রদত্ত ও বলবৎ নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি বাজার সৃষ্টিকারী হিসাবে কাজ করিতে পারিবেন।

৪। **নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা।**– কোন ব্যক্তি বাজার সৃষ্টিকারী হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে না, যদি উহা–

(ক) কোন মার্চেন্ট ব্যাংকার, তফসিলী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান না হয়;

(খ) কোন ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার হিসাবে সনদ প্রাপ্ত কোম্পানী না হয়;

(গ) উহার কোন উদ্যোক্তা বা পরিচালক এর সাথে কোন অনুমোদিত সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানীর কোন প্রকার সংশ্লিষ্টতা থাকে;

(ঘ) উহার কোন উদ্যোক্তা বা পরিচালক–

(অ) সিকিউরিটিজ সংক্রান্তসহ কোন জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধে অভিযুক্ত বা দণ্ডিত হয়;

(আ) আদালত কর্তৃক দেউলিয়া বা মানসিক বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হয় অথবা ব্যাংক ঋণ কিংবা আয়কর খেলাপী হয়।

(ঙ) কমিশন কর্তৃক লিখিত আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোন যোগ্যতার অধিকার বা অযোগ্যতা হইতে মুক্ত না হয়।

৫। **নিবন্ধন সনদের জন্য আবেদনপত্র দাখিল, বিবেচনা ইত্যাদি।**– (১) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত ফরমে কমিশনের নিকট আবেদন করিতে হইবে, যথা–

(ক) ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের ক্ষেত্রে, ফরম ক-তে;

(খ) অন্যান্য ক্ষেত্রে, ফরম খ-তে।

(২) আবেদন পত্রের সাথে পঁচিশ হাজার টাকার অফেরতযোগ্য আবেদন ফিস সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর বরাবরে জমা দেখাইয়া ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবে।

(৩) আবেদন পত্রের সাথে ফরমে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র, এবং কমিশন কর্তৃক নির্দেশিত হইলে, অতিরিক্ত কাগজপত্র ও তথ্যাদি নির্দেশ মোতাবেক, দাখিল করিতে হইবে।

(৪) কোন আবেদনপত্র যে কোন প্রকারে অসম্পূর্ণ থাকিলে তাহা সরাসরি অগ্রাহ্য হবার যোগ্য হইবে।

(৫) আবেদন সম্পর্কে সচেতন হইলে উহা প্রাপ্তির অনধিক পঁয়তাল্লিশ দিনের মধ্যে কমিশন উহা মঞ্জুর করিয়া ফরম গ-তে নিবন্ধন সনদ প্রদান করিবে; অন্যথায়, লিখিত কারণ উল্লেখপূর্বক, উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

(৬) নিবন্ধন ফিস বাবদ দুই লক্ষ টাকা কমিশনের বরাবরে জমা দেখাইয়া ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হইলে প্রদত্ত নিবন্ধন সনদ কার্যকর হইবে, যাহা কমিশন কর্তৃক আবেদনকারীকে অবহিত করা হইবে এবং যাহার একটি অনুলিপি সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে প্রদান করা হইবে।

৬। **নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন।**– (১) এই বিধিমালার বিধান সাপেক্ষে কোন নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে এক বৎসর।

(২) নিবন্ধন সনদের মেয়াদ পূর্তির অনূর্ধ ত্রিশ দিন পূর্বে নবায়ন ফিস বাবদ এক লক্ষ টাকা কমিশনের বরাবরে জমা দেখাইয়া ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হইলে, নিবন্ধন সনদের মেয়াদ পরবর্তী এক বৎসরের জন্য নবায়ন করা যাইবে।

(৩) নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফিস জমা করা না হইলে সংশ্লিষ্ট নিবন্ধন সনদের কার্যকারিতা উহার মেয়াদ পূর্তির পর স্থগিত হইয়া যাইবে, এবং সেই ক্ষেত্রে উহা নবায়নের নিমিত্ত প্রতি বৎসর বা উহার অংশ বিশেষের জন্য নবায়ন ফিসের অর্ধেক পরিমান অর্থ জরিমানা হিসাবে উপ-বিধি (২) মোতাবেক কমিশনের বরাবরে জমা করা হইলে, নিবন্ধন সনদের মেয়াদ পরবর্তী প্রযোজ্য এক বৎসরের জন্যে নবায়ন করা যাইবে।

(৪) নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত থাকাকালীন সময়ের জন্যেও নবায়ন ফিস প্রদান করিতে হইবে।

৭। **বাজার সৃষ্টিকারী কর্তৃক পালনীয় বিষয়সমূহ**।- (১) প্রত্যেক বাজার সৃষ্টিকারী-

(ক) সর্বোচ্চ সততা, বিশ্বস্ততা, দক্ষতা ও নিষ্ঠার সহিত উহার কাজকর্ম পরিচালনা করিবে এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালার বিধানাবলী, নিবন্ধন সনদের শর্তাবলী এবং সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জের প্রবিধান ও উহার উপ-আইনসমূহ মানিয়া চলিবে;

(খ) কমিশনের নিকট পেশকৃত কোন তথ্য বস্তুগতভাবে ভ্রান্তি পূর্ণ বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে;

(গ) কমিশনের নিকট পেশকৃত কোন তথ্য বা বিবরণীতে কোন বস্তুগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে;

(ঘ) কমিশন কর্তৃক উহার কোন বিষয় তদন্তকালে উহার সকল সদস্য, পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;

(ঙ) উহার কোন বিষয় তদন্তের প্রয়োজনে কমিশন কিংবা তৎকর্তৃক নিযুক্ত কোন তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি কমিশন বা তদন্তকারী কর্মকর্তার নিকট পেশ করিবে;

(চ) প্রয়োজনে উহার খরচে কমিশন কর্তৃক নিযুক্ত কোন নিরীক্ষক দ্বারা উহার হিসাবপত্র নিরীক্ষা করার ব্যবস্থা করিবে।

(২) প্রত্যেক বাজার সৃষ্টিকারী উহার সকল হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং তথ্যাদি অন্ততঃ দশ বৎসর যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(৩) প্রত্যেক বাজার সৃষ্টিকারী নিবন্ধন সনদ প্রাপ্তির পনের দিনের মধ্যে কমিশনের পূর্বানুমোদনক্রমে কমিশন কর্তৃক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন একজন তদারকী কর্মকর্তা (compliance officer)-কে কমিশন কর্তৃক অনুমোদিত শর্তাধীনে নিয়োগদান করিবে।

৮। বাজার সৃষ্টিকারীর দায়িত্ব ও কর্তব্য।- (১) বাজার সৃষ্টিকারী অনুমোদিত সিকিউরিটির তারল্য ও উপযুক্ত মূল্য নিশ্চিতকরণের জন্যে যথাযথ ব্যবস্থা নিবে এবং বাজারের আচরণের প্রেক্ষিতে উহার ভূমিকা নির্ধারণ করিবে।

(২) বাজার সৃষ্টিকারী বাজার সৃষ্টির জন্য কোন অনুমোদিত সিকিউরিটি নিম্নোক্ত শর্তাদি ও প্রক্রিয়ায় নিজ খাতে (own account) ক্রয়-বিক্রয় করিবে-

(ক) ক্রয়াদেশ মূল্য (bid price) এবং বিক্রয় প্রস্তাব মূল্য (offer price) সন্নিহিত (proximate) সময়ে একই হইতে পারিবে না;

(খ) মূল্য নেতা (price leader) এর ন্যায় অনুমোদিত সিকিউরিটিটি ক্রয়-বিক্রয় করা যাইবে না;

(গ) প্রতিটি ক্রয়াদেশ (bid) বা বিক্রয় প্রস্তাব (offer) অন্ততঃ প্রঞ্চাশ হাজার টাকা (বাজার মূল্য) সমপরিমাণ মার্কেট লটের কম হইতে পারিবে না;

(ঘ) কোন নির্দিষ্ট সময়ে ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয় প্রস্তাব মূল্য (offer price) পূর্বোক্ত ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয়াদেশ মূল্য (offer price) এর চাইতে পাঁচ শতাংশের কম বা বেশী হইতে পারিবে না।

(ঙ) কমিশন কর্তৃক নির্ধারিত টাকার সমপরিমাণ সিকিউরিটি প্রতিদিন লেনদেন করিতে হইবে;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে কমিশনের পূর্বানুমতিক্রমে সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ক্রয়াদেশ মূল্য ও বিক্রয় প্রস্তাব মূল্য এর মধ্যকার বিস্তৃতি (spread) পরিপালন করিতে হইবে;

(ছ) প্রদত্ত দরে লেনদেন কার্যকর নিশ্চিত করিতে হইবে;

(জ) সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানীর নিকট হইতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কমিশন বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহণ করিতে পারিবে না;

(ঝ) প্রদত্ত দরে একনাগাড়ে অন্ততঃ ত্রিশ মিনিট কোন অনুমোদিত সিকিউরিটির লেনদেন না হইলে বাজারের সাথে সামঞ্জস্য রাখিয়া উহার দর পরিবর্তন করিতে পারিবে, এবং সর্বক্ষেত্রে দর প্রদত্ত সর্বশেষ বাজার মূল্যের নিচে তথা উহার জন্যে প্রযোজ্য সার্কিট ব্রেকারের সীমা অতিক্রম করিতে পারিবে না;

(ঞ) সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানীর কোন প্লেসমেন্ট হোল্ডার, উদ্যোক্তা, পরিচালক বা কর্মচারীর কোন সিকিউরিটি ক্রয়-বিক্রয়ের জন্য গ্রহণ করিতে পারিবে না।

৯। **বাজার সৃষ্টিকরণের জন্যে অনুমোদিত সিকিউরিটির ধরন**।– কেবলমাত্র ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন সিকিউরিটি বাজার সৃষ্টি এর জন্য অনুমোদিত সিকিউরিটি হইতে পারিবে।

১০। **সেটেলমেন্ট পদ্ধতি**।– (১) T+1 ভিত্তিতে Delivery vs. Payment (DVP) পদ্ধতিতে বাজার সৃষ্টিকারী কর্তৃক লেনদেন নিষ্পত্তি করিতে হইবে।

(২) T+2 দিবসে নিষ্পত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বাজার সৃষ্টিকারী কর্তৃক ষ্টক এক্সচেঞ্জ ক্লিয়ারিং হাউজে নির্ধারিত পদ্ধতিতে দাখিল করিতে হইবে।

১১। **রিপোর্টিং ইত্যাদি**।– (১) সময়সহ প্রদত্ত দর উল্লেখপূর্বক প্রত্যেক বাজার সৃষ্টিকারী কর্তৃক প্রতিদিনের লেনদেন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উহার কমপ্লায়েন্স অফিসারের প্রত্যয়নসহ পরবর্তী দিনের মধ্যে কমিশন ও সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জে দাখিল করাসহ অন্ততঃ দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

(২) প্রতিটি প্রদত্ত দর ও পূর্বোক্ত লেনদেনের দর, পরিমাণসহ, ট্রেডিং মনিটরে অন্ততঃ ত্রিশ মিনিট প্রচার করিতে হইবে।

১২। **তথ্য প্রাপ্তির অধিকার**।– প্রত্যেক বাজার সৃষ্টিকারী কর্তৃক কোন অনুমোদিত সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানীর নিকট হইতে নিয়মিতভাবে সংশ্লিষ্ট সিকিউরিটির তথ্যসহ ইস্যুয়ার কোম্পানীর সার্বিক কার্যক্রম সংক্রান্ত প্রকাশিত তথ্যাদি পাইবার অধিকার থাকিবে, এবং ইস্যুয়ার কোম্পানী এতদসংক্রান্ত সংশ্লিষ্ট তথ্যাদি বাজার সৃষ্টিকারীকে সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

১৩। **বাজার সৃষ্টিকারীর বাধ্যবাধকতা**।– কোন বাজার সৃষ্টিকারী–

(ক) নিবন্ধন সনদ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে বাজার সৃষ্টি কার্যক্রম শুরু করিবে;

(খ) প্রতিদিন দর প্রদান করিবে;

(গ) কমিশনের নিকট হইতে অন্ততঃ পনের দিন পূর্বে অনুমতি গ্রহণ ব্যতিরেকে উহার কার্যক্রম বন্ধ বা স্থগিত করিতে পারিবে না।

১৪। **মূলধন**।– (১) বাজার সৃষ্টিকারীর মূলধনের পরিমাণ কমিশন কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করা হইবে।

(২) বাজার সৃষ্টিকারী একনাগাড়ে কয়টি অনুমোদিত সিকিউরিটিতে বাজার সৃষ্টি করিতে পারিবে তাহা উহার মূলধনের পরিমাণের ভিত্তিতে কমিশন কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করা হইবে।

(৩) কমিশন কর্তৃক নির্ধারিত নীট মূলধন (net capital) সর্বদা সংরক্ষণ করিতে বাজার সৃষ্টিকারী বাধ্য থাকিবে।

১৫। **প্রতিটি সিকিউরিটির জন্যে বাজার সৃষ্টিকারীর সংখ্যা নির্ধারণ**।- কমিশন সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত সুপারিশ বিবেচনা পূর্বক কিংবা নিজ উদ্যোগে প্রতিটি অনুমোদিত সিকিউরিটির জন্য কয়জন বাজার সৃষ্টিকারী থাকিতে পারিবে তাহা প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারণ করিতে পারিবে।

১৬। **পৃথক ট্রেডিং ব্যবস্থার মাধ্যমে ক্রয়-বিক্রয়**।- কেবলমাত্র ষ্টক এক্সচেঞ্জ কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত পৃথক ট্রেডিং ব্যবস্থার মাধ্যমে বাজার সৃষ্টি এর জন্যে কোন অনুমোদিত সিকিউরিটি ক্রয়-বিক্রয় করা যাইবে।

১৭। **ধার গ্রহণ ও প্রদান (borrowing and leading) খাতে অনুমোদিত সিকিউরিটির ব্যবহার**।- (১) ব্যাংক ঋণসহ ধার গ্রহণ ও প্রদান (borrowing and leading) খাতে কোন অনুমোদিত সিকিউরিটি সংশ্লিষ্ট বিধিমালা মোতাবেক ব্যবহার করা যাইবে।

(২) উক্ত উদ্দেশ্য ব্যতিরেকে বাজার সৃষ্টিকারী কর্তৃক ক্রয়কৃত কোন অনুমোদিত সিকিউরিটি কেবলমাত্র বাজার সৃষ্টি এর জন্যে বিক্রয় করা যাইবে।

১৮। **অনুমোদিত সিকিউরিটি নির্ধারণ**।- (১) কমিশন, ষ্টক এক্সচেঞ্জের সুপারিশ বিবেচনা পূর্বক, কিংবা নিজ উদ্যোগে, কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত নীতিমালার (criteria) আলোকে অনুমোদিত সিকিউরিটির তালিকা নির্ধারণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত পন্থায় কমিশন কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিজ তালিকা সংশোধন করা যাইবে।

১৯। **নির্দেশ পালনের বাধ্যবাধকতা**।- এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশন কর্তৃক প্রদত্ত যে কোন নির্দেশ পালনে বাজার সৃষ্টিকারী, ষ্টক এক্সচেঞ্জ বা অনুমোদিত সিকিউরিটি ইস্যুয়ার সর্বতোভাবে বাধ্য থাকিবে।

২০। **নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি**।- (১) কোন বাজার সৃষ্টিকারী এই বিধি অনুসারে যোগ্যতা হারাইলে বা আইন, অধ্যাদেশ, এই বিধিমালা বা নিবন্ধন সনদের কোন শর্ত ভঙ্গ করিলে, বা সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জের প্রবিধান বা উপ-আইন অমান্য করিলে, কমিশন উক্ত বাজার সৃষ্টিকারীর সনদ বাতিল কিংবা কোন নির্ধারিত সময়ের জন্যে সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে; তবে শর্ত থাকে যে, এই বিধির অধীনে কোন সনদ বাতিল বা স্থগিতের পূর্বে কমিশন সনদ বাতিল বা স্থগিতকরণের কারণ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারীকে অন্ততঃ সাত দিনের একটি নোটিশ প্রদানপূর্বক উহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী তাহার বক্তব্য নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে সেই ক্ষেত্রে কমিশন উক্ত বক্তব্য বিবেচনাক্রমে, এবং প্রয়োজনে উহার প্রধান নির্বাহীকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া, প্রস্তাবিত বাতিল বা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারীকে জানাইয়া দিবে, এবং সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট ষ্টক এক্সচেঞ্জকে প্রদান করিবে।

(৩) কমিশন কোন বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, এই বিধির অধীনে কোন নিবন্ধন সনদ বাতিলের সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে, কমিশন উপ-বিধি (১) এর শর্তাংশ অনুসারে নোটিশ জারির পূর্বে বা পরে যে কোন সময় উক্ত সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে সিদ্ধান্তটি সম্পর্কে সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী ও ষ্টক এক্সচেঞ্জকে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর অধীনে কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী উক্ত সনদের ভিত্তিতে কোন কাজকর্ম করিতে পারিবে না।

২১। **বিশেষ ক্ষেত্রে অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ**।- এই বিধির অধীন বাজার সৃষ্টিকারীর বিরুদ্ধে যে কোন ব্যবস্থাই গ্রহণ করা হউক না কেন কমিশন, বিশেষ ক্ষেত্রে প্রয়োজন মনে করিলে, আইন বা অধ্যাদেশের আওতায় প্রযোজ্য অন্যান্য যে কোন শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করিতে পারিবে।

তফসিল
(ফরমসমূহ)
ফরম ক

[সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(১)(ক) দ্রষ্টব্য]
বাজার সৃষ্টিকারী হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ঃ

২। দরখাস্তকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ষ্টক একচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।]

৩। দরখাস্তকারী যে ষ্টক এক্সচেঞ্জের সদস্য উহার

(ক) নাম ও ঠিকানা ঃ

(খ) সদস্য হিসাবে কোড নং ঃ

(গ) সদস্য হওয়ার তারিখ ঃ

৪। দরখাস্তকারী কি হিসাবে সনদ প্রার্থী (অপ্রয়োজনীয়টি কাটিয়া দিন) ঃ ষ্টক ডিলার/ষ্টক ব্রোকার

৫। দরখাস্তকারীর আইনগত মর্যাদা (অপ্রয়োজনীয়টি কাটিয়া দিন) ঃ কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা

৬। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ঃ

৭। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ফ্যাক্স/ই-মেইল নং ঃ

(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/ই-মেইল ঃ

৮। দরখাস্তকারী কোম্পানীর পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ

৯। দরখাস্তকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা ঃ

১০। দরখাস্তকারীর নীট মূলধন স্থিতি (..... তারিখ) [নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন] ঃ

১১। দরখাস্তকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কিনা? ঃ

১২। দরখাস্তকারী বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে– ঃ

১৩। দরখাস্তকারী বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন কোথায়– ঃ

১৪। দরখাস্তকারী বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণখেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা– ঃ

১৫। দরখাস্তকারীর অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) এর ঃ

(ক) নাম ঃ

(খ) পিতার নাম ঃ

(গ) স্থায়ী ঠিকানা ঃ

(ঘ) বর্তমান ঠিকানা ঃ

(ঙ) অফিসের ঠিকানা ঃ

(চ) শিক্ষাগত যোগ্যতা ঃ

১৬। দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা ঃ

১৭। অন্যান্য তথ্যাদি ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

তারিখ:.....

.....
দরখাস্তকারীর স্বাক্ষর ও সীল

ষ্টক এক্সচেঞ্জের সুপারিশ

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত দরখাস্তকারী ..... (নাম লিখুন) অত্র ..... ষ্টক এক্সচেঞ্জের একজন সদস্য। উহার সদস্য কোড নং ..... এবং সদস্য ভুক্তির তারিখ .....। বাজার সৃষ্টিকারী হিসাবে উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

.....

মুখ্য নির্বাহী কর্মকর্তা/সচিব

নাম:.....

পদবী ও সীল .....

তারিখ:.....
(অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

..... ষ্টক এক্সচেঞ্জ

ফরম খ

[সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(১)(ক) দ্রষ্টব্য]

বাজার সৃষ্টিকারী হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ঃ

২। দরখাস্তকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।]

৩। দরখাস্তকারীর আইনগত মর্যাদা (অপ্রয়োজনীয়টি কাটিয়া দিন) ঃ কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা

৪। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার বিবরণ (ক্ষমতা পত্রের অনুলিপি দাখিল করুন) ঃ

৫। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ফ্যাক্স/ই-মেইল নং ঃ

(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/ই-মেইল ঃ

৬। দরখাস্তকারী কোম্পানীর পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ

৭। দরখাস্তকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

৮। দরখাস্তকারীর নীট মূলধন স্থিতি (..... তারিখে) [নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন] ঃ

৯। দরখাস্তকারী একটি তফসীলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/ মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার ঃ

১০। দরখাস্তকারী বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দণ্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে– ঃ

১১। দরখাস্তকারী বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন কোথায়– ঃ

১২। দরখাস্তকারী বা উহার পরিচালকমণ্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণখেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা– ঃ

১৩। দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা ঃ

১৪। অন্যান্য তথ্যাদি ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

তারিখ:.....

.....
দরখাস্তকারীর স্বাক্ষর ও সীল

ফরম গ

[সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) দ্রষ্টব্য]

(কমিশনের মনোগ্রাম)
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

বাজার সৃষ্টিকারী নিবন্ধন সনদ

নিবন্ধন ক্রমিক নং ..... সনদ প্রদানের তারিখ .....

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ অনুসারে এতদ্বারা .....: নাম লিখুন ..... ঠিকানা ..... কে একজন নিবন্ধনকৃত বাজার সৃষ্টিকারী হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লেখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ..... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

.....
সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর

নাম: .....

পদবী ও সীল:.....

সনদ নবায়ন

(বিধি ৮(৪) দ্রষ্টব্য)

যে তারিখ পর্যন্ত নবায়িত	পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা, ইত্যাদি	কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল
১।		
২।		
৩।		
৪।		
৫।		
৬।		
৭।		
৮।		
৯।		
১০।		

(বাজার সৃষ্টিকারী এর নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী)

সনদের শর্তাবলী

১। এই সনদ বিক্রয়, দান, বন্ধক বা অন্য কোন ভাবে হস্তান্তর বা দায়বদ্ধ করা যাইবে না এবং অন্য কেহ এই সনদের অধীন সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে পারিবেন না।

২। সনদ প্রাপক Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ এর অধীন কমিশন কর্তৃক সময় সময় প্রদত্ত বা জারীকৃত আদেশ বা নির্দেশ এবং এই সনদের সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩। সনদ প্রাপক উপরোক্ত বিধিমালা অনুসারে প্রয়োজনীয় হিসাব বহি, রেজিষ্টার, নথিপত্র ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিবেন।

৪। সনদ প্রাপক তাহার বিষয়াবলী কমিশন কর্তৃক তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি ও তথ্য সরবরাহ এবং যুক্তিসংগত সকল সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫। সনদ প্রাপকের নিকট কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সনদ প্রাপক প্রয়োজনীয় প্রতিকার গ্রহণের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং তৎসম্পর্কে অভিযোগকারীকে অবহিত করিবেন।

৬। প্রতি ইংরেজি পঞ্জিকা বৎসরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রকৃতি ও সংখ্যা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সনদ প্রাপক পরবর্তী ত্রিশ দিনের মধ্যে ষ্টক এক্সচেঞ্জ ও কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

৭। বাজার সৃষ্টিকারী যে ষ্টক এক্সচেঞ্জের মাধ্যমে ক্রয়-বিক্রয় করিবেন উহার সহিত সংশ্লিষ্ট আইন, বিধি, বিধান এবং অন্যান্য প্রযোজ্য শর্ত মানিয়া চলিবেন।

৮। বাজার সৃষ্টিকারী কাঠামোতে বা উহার আইনগত মর্যাদার কোন পরিবর্তন হইলে তাহা উক্ত পরিবর্তনের ত্রিশ দিনের মধ্যে কমিশনকে লিখিতভাবে অবহিত করিবেন।

৯। বাজার সৃষ্টিকারী তাহার কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস, সরঞ্জাম এবং লোকবলের ব্যবস্থা রাখিবেন।

১০। বাজার সৃষ্টিকারী প্রতি বৎসর একটি নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনের নিকট দাখিল করিবেন।

১১। বাজার সৃষ্টিকারী উহার ক্ষেত্রে প্রযোজ্য প্রতিদিন সিকিউরিটি ক্রয়-বিক্রয় করিবেন।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

মনির উদ্দিন আহমদ
চেয়ারম্যান

বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
রবিবার, জুলাই ১৫, ২০০১
[৮ম খণ্ড– বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

DHAKA STOCK EXCHANGE LTD.

MOTIJHEEL, C/A, DHAKA

NOTIFICATION

Dated the 27 June, 2001

Dhaka Stock Exchange (Council and Administration) Regulations, 2000

In exercise of the power conferred by section 34 of the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), Dhaka Stock Exchange makes, with the approval of the Securities and Exchange Commission, the following regulations, namely:-

1. **Short title.**- (1) These regulations may be called the Dhaka Stock Exchange (Council and Administration) Regulations, 2000.

2. **Overriding effect.**- These regulations shall have effect notwithstanding anything contained in the articles of association of the Dhaka Stack Exchange or in any regulations or bye-laws thereof.

3. **Definitions.**- In these regulations, unless the context otherwise requires,-

(a) "articles" means the articles of association of the Exchange;

(b) "Chief Executive Officer" or "CEO" means the Chief Executive Officer of the Exchange;

(c) "Commission" or "SEC" means the Securities and Exchange Commission established under the Securities and Exchange Commission Act, 1993 (XV of 1993) ;

(d) "Council" means the Council of the Exchange;

(e) "Exchange" or "Dhaka Stock Exchange" means the Dhaka Stock Exchange Limited;

(f) "elected councilor" means an elected member of the council;

(g) "issuer" means the issuer of the security listed with the Exchange;

(h) "member" means a member of the Exchange;

(i) "memorandum" means the memorandum of the Exchange;

(j) "non-elected councilor" means a member of the Council other than the elected councilor.

4. **Constitution of Council of the Exchange.**- (1) Of the total number of member of the Council as specified in the articles, fifty percent shall be elected councilors and fifty percent non-elected councilors.

(2) The non-elected councilors shall be selected by the elected councilors with the prior approval of the Commission.

(3) Of the total number of non-elected councilors–

(a) one shall be selected from among investors of listed securities;

(b) one shall be selected from among the listed issuer companies; and

(c) the remainders shall be selected from among distinguished persons who are not associated either with the Exchange or with any of its members.

(4) An elected councilor shall hold office for the period specified in the articles.

(5) A non-elected councilor shall hold office until replaced by the elected councilors with the prior approval of the Commission:

Provided that the Commission may remove any non-elected councilor at any time if it is deemed necessary in the interest of the capital market, and the consequent vacancy shall be filled by the elected councilors within sixty days from the order of removal, and in case of failure to do so the Commission may appoint a person to fill the vacancy.

(6) The Chief Executive Officer shall be an ex-officio councilor of the council without any right to vote.

5. **Quorum.**- At least one-third members of the Council, which shall include at least one from the non-elected councilors, shall constitute a quorum of any meeting of the Council.

6. **Powers of the Council.**- (1) The Council shall be vested with the policy making and resource mobilization powers necessary for the governance of the Exchange.

(2) The Council shall approve the annual budget statements of the Exchange and take all measures necessary for the promotion of the objects and purposes of the Exchange.

(3) The Council shall make and amend all regulations and bye-laws of the Exchange and issue such orders and directions and make such decision as it may deem appropriate for the purposes of the Exchange.

(4) The Council shall prescribe and impose penalties for the violation of regulations and bye-laws adopted by the Exchange and for neglect of or refusal to comply with the orders, directions issued or made by it thereunder.

(5) The Council shall exercise such other powers as may be necessary to ensure that the Exchange is professionally and efficiently run and managed.

(6) In the discharge of its functions, the Council shall not, in any manner, interfere with the exercise of powers and discharge of functions by the Chief Executive Officer and other officers and staff in respect of carrying on the administration and business of the Exchange.

7. **Appointment, removal etc. of the Chief Executive Officer.**- (1) Subject to the prior approval of the Commission, the Council shall appoint a person as a full-time Chief Executive Officer of the Exchange.

(2) The person appointed as the CEO shall not be a member of the Exchange, nor shall he, in any way whatsoever, be associated with any member of the Exchange or with any issuer, and shall not engage himself in any business, directly or indirectly, including trading or dealing in any securities.

(3) The tenure of office of the CEO shall be three years which may be renewed with the prior approval of the Commission.

(4) If the CEO fails to discharge his duties effectively and diligently or is found guilty of misconduct, the Council may, subject to the prior approval of the Commission, remove him from his office by a resolution passed by it in a special meeting convened for the purpose by the votes of at least two-third of its total membership:

Provided that no decision for his removal shall be taken except after giving him a reasonable opportunity of being heard and also after taking into consideration his submission and explanations at the hearing.

(5) The CEO may resign from his office by at least a three months' notice in writing addressed to the Chairman of the Exchange with a copy to the Commission.

(6) The senior-most officer of the Exchange shall act as CEO during the period the office of the CEO remains vacant or the CEO is unable to discharge his functions due to absence, illness or any other cause.

(7) The Commission may appoint the CEO if the Council fails to do so within ninety days of occurrence of the Vacancy in that office.

8. **Power of the Chief Executive Officer.**- (1) Chief Executive Officer shall have full powers to give effect to the policies, directives, guidelines and orders issued either by the Commission or by the Council from time to time, to implement the provisions of laws, rules, regulations and bye-laws and to take such other actions as may be required for these purposes:

Provided that in case of conflict between any policy, directive, guideline or order issued by the Council and also by the Commission on any matter, the policy, directive, guideline or order issued by the Commission shall prevail.

(2) The CEO shall be responsible for–

(a) fee, fair, transparent and efficient operation of the Exchange;

(b) effective administration and efficient financial and general management of the Exchange;

(c) market related information technology and surveillance of trade in the Exchange;

(d) taking disciplinary measures in appropriate cases against persons violating the Exchange regulations or bye-laws;

(e) controlling and directing the officers and staff of the Exchange; and

(f) representating the Exchange before the Commission and other authority concerned.

(3) The CEO shall be a member of all committees constituted by the Council:

Provided that he shall be excluded from any such committee which is constituted by the Council for conducting any enquiry for taking any disciplinary action against him.

(4) In case of emergency, the CEO may exercise any other power not specifically vested in him if he is of the opinion that immediate action is necessary, subject to informing the Chairman of the Council and the Commission simultaneously, but such action shall have to be confirmed by the Council in its meeting that shall be held next after the exercise of such power.

(5) The CEO shall regularly submit reports to the Council, with copy to the Commission, in respect of the activities and functions of the administration and also regarding implementation status of the policies, directives, guidelines and orders issued by the Council or the Commission.

9. **Selection and Disciplinary Committees for officers and staff.**- (1) The Council shall constitute–

(a) selection committee for appointment and promotion of officers of the Exchange other than the CEO;

(b) disciplinary committee for disciplinary action against those officers.

(2) The Chief Executive Officer shall constitute–

(a) selection committee for appointment and promotion of staff of the Exchange;

(b) disciplinary committee for disciplinary action against those staff.

(3) The committee constituted under sub-regulation (1) shall be headed by the CEO and shall consist of members half of whom shall be from the elected councilors and half from non-elected councilors.

(4) The committee constituted under sub-regulation (2) shall consist of officers of the Exchange and shall be headed by a senior officer of the Exchange to be nominated by the CEO.

(5) The CEO shall make appointments and promotions and take disciplinary actions only on the basis of the recommendation made by the selection committee or disciplinary committee, as the case may be:

Provided that the CEO shall furnish to the Council a copy of the disciplinary committee's recommendation for disciplinary action against any staff.

10. **Exclusion of members from certain committees.-** No members shall be included in any committee which is constituted for any matter in which he has any personal interest.

11. **Furnishing notices to the Commission.-** Notice of all meetings of the council, together with the annexures, shall be furnished to the Commission at the time of issue thereof.

12. **Termination of tenure of the existing nominated and appointed councilors.-** Notwithstanding anything contained in the articles, the tenure of the nominated and appointed councilors holding office immediately before the coming into force of these regulations shall stand terminated on the date of selection of the non-elected councilors.

By order of the council
MD. SHAHIQ KHAN
Chairman.

বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
বৃহস্পতিবার, জানুয়ারি ৩, ২০০২
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
[৮ম খণ্ড– বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

SECURITIES AND EXCHANGE COMMISSION (OVER-THE-COUNTER) RULES, 2001

NOTIFICATION

Dated the 12th December, 2001

No. SEC/CMRRCD/2001-16/31/Admin.-03/04 - In exercise of the power conferred by section 33 of the Securities and Exchange Ordinance, 1969(XVII of 1969), the Securities and Exchange Commission makes, with prior publication, the following Rules, namely:-

1. **Short title.** - (1) These rules may be called the Securities and Exchange Commission (Over-the-Counter) Rules, 2001.

(2) These rules shall be applicable for the unlisted and delisted securities and shall come into force with immediate effect.

2. **Definitions.** - (1) In these rules, unless the context otherwise requires,-

(a) "Commission" means the Securities and Exchange Commission (or in short 'SEC') established by সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(b) "delisted security" means a listed security subsequently delisted for any reason whatsoever;

(c) "exchange" means a stock exchange established under the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969);

(d) "listed security " means a security listed with any exchange under its listing regulations;

(e) "over-the-counter" (or in short 'OTC') means the facilities provided by an exchange for the purpose of buying or selling of unlisted or delisted securities under these rules;

(f) "prescribed" means prescribed under these rules with prior approval of the Commission;

(g) "stock-dealer/stock-broker" means a stock-dealer or stock-broker of an exchange who is registered with the Securities and Exchange Commission under সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০;

(h) "unlisted security" means a security issued by a public limited company but not listed with any exchange under the listing regulations.

(2) Words and expressions used herein and not defined, but defined in the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), the Rules and Regulations made under the said Ordinance and আইন, and the কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) shall have the same meanings respectively assigned to them in the said Ordinance, আইন, Rules and Regulations.

3. **Application for availing OTC facilities.**- (1) The issuer of an unlisted or delisted security shall apply to the exchange, as designated by the Commission, through a stock-dealer/stock-broker in the form prescribed by the exchange for availing the OTC facilities for buying or selling of such security on payment of prescribed fee, etc. to the exchange.

(2) The companies who have not offered securities for public subscription but have issued securities with the consent of, or deemed to have obtained consent from, the Commission shall be eligible for availing OTC facilities subject to the following conditions:-

(a) the paid-up capital of the companies shall be at least taka one crore;

(b) they are regular in holding annual general meetings; and

(c) there are no accumulated losses.

(3) The exchange shall also provide OTC facilities to any issuer of an unlisted or delisted security as directed by the Commission.

4. **Discontinuation, haltage, suspension, etc. of OTC facilities.**- (1) The exchange shall discontinue the OTC facilities for any security at OTC with effect from the date of listing or relisting of the concerned security with any exchange; or at the request of the issuer company concerned-if there remains no public shareholder other than the sponsor-shareholders in the company.

(2) The exchange, or the Commission, as the case may be, may discontinue, halt or suspend any time, the buy or sale of any security at OTC, if it is deemed to be proper in the interest of the investors and the capital market, after giving an opportunity of being heard to the issuer company concerned.

5. **Buy or sale of securities at OTC.**- (1) Buy or sale of securities at OTC shall be conducted by or through a stock-dealer/stock-broker of an exchange.

(2) The exchange shall prominently display the following in front of its designated counter, or in its computerized system, as the case may be, on each working day:

(a) A full list of the securities available at OTC;

(b) Quantity of each security available for sale and the unit price offered by the seller for disposal along with the last traded unit price thereof, if applicable.

6. **Payment and delivery by the exchange.**- (1) The exchange shall receive, in advance, the securities at OTC from the selling stock-dealer/stock-broker against issuance of an official receipt to him mentioning details of such security, including the selling price, commission or charges separately, for subsequent payment to the selling stock-dealer/stock-broker after sale of the concerned securities by the exchange.

(2) The buying stock-dealer/stock-broker shall make full payment, including the commission or charges, to the exchange through bank pay order/ demand draft on the day of buy of securities at OTC.

(3) The exchange shall deliver the concerned securities to the buying stock-dealer/stock-broker on the working day following the day of crediting the amount of the pay order /demand draft in the exchange's bank account maintained for the purpose.

(4) The buying stock-dealer/stock-broker shall, within three working days of taking delivery of the concerned securities from the exchange, deposit the securities with the issuer company for registering the securities in his name, or in the name of his customer, as the case may be, and submit a copy of the deposit receipt thereof issued by the issuer company to the exchange within the next two working days of issuance of such receipt.

(5) The issuer company shall effect necessary transfer of the deposited securities in the applicant's name and keep ready for delivery of the securities to the depositor within five working days of its receiving the securities under intimation in writing simultaneously to the exchange, the stock-dealer/stock-broker and the applicant concerned.

(6) The exchange shall make payment of the due amount to the selling stock-dealer/stock-broker by cheque on the first working day following the receipt of confirmation of transfer of shares from the issuer company after the sale unless written objection, if any, along with the acceptable evidence, is received by the exchange either from the buying stock-dealer/stock-broker or the issuer company about any defect in the concerned securities.

(7) The selling stock-dealer/stock-broker of the defective securities shall be liable to make good the losses, if any, sustained by the buyer in this respect, as determined by the exchange, along with the interest calculated at 1.5% per month on the value of trade and the exchange's commission or charges, within seven working days of serving a written notice by the exchange upon the selling stock-dealer/stock broker concerned, failure of which the selling stock-dealer/stock-broker concerned shall be barred from any trading activities in the exchange under simultaneous intimation to the Commission.

7. **Submission of reports, etc.**- All rules, regulations, orders and directives issued in respect of reports, periodicals, price sensitive information, etc. by the Commission and the exchange shall also be applicable for the security issuer companies at OTC.

8. **Modus operandi for OTC.**- The exchange may, with prior written approval of the Commission, prescribe, from time to time, the modus operandi for OTC.

9. **Penalty for contravention.**- Without prejudice to other penal measures available under any law, contravention of any provision of these rules shall attract penal provisions under the Securities and Exchange Ordinance, 1969.

By order of the Securities and
Exchange Commission
MANIR UDDIN AHMAD
Chairman.

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২৯, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

[৮ম খণ্ড– বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

SECURITIES AND EXCHANGE COMMISSION

Jiban Bima Tower

10, Dilkusha (15th and 16th Floor)

Dhaka-1000

NOTIFICATION

Dated the 28 March, 2001

No. SEC/CFD-71/2001/Admin/07—In exercise of the power conferred by section 33, read with section 20A, of the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), the Securities and Exchange Commission makes, after prior publication, the following rules, namely:-

1. **Short title and application.**- (1) These rules may be called the Securities and Exchange Commission (Capital Issue of Public Limited Company) Rules, 2001.

(2) They shall apply to capital issue of all public limited companies other than the companies in respect of which the Public Issue Rules, 1998 and the Right Issue Rules, 1998 apply.

2. **Definitions.**- (1) In these rules, unless there is anything repugnant in the subject or context, "public limited company" means a public company limited by shares as defined in section 2 (i) (r) of the Companies Act, 1994 (XVIII of 1994).

(2) Words and expressions used herein but not defined shall have the same meanings as are respectively assigned to them in the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), the Securities and Exchange Commission Act, 1993 (XV of 1993) and the Companies Act, 1994 (XVIII of 1994).

3. **Application for consent to the issue of capital in Bangladesh.**- (1) A public limited company (thereinafter referred to as the applicant) intending to issue capital in Bangladesh shall make an application to the Securities and Exchange Commission for consent.

(2) The application shall contain the following particulars, namely :-

(a) name of the company ;
(b) address of the registered office ;
(c) telephone number;
(d) fax number and e-mail number, if any ;
(e) date of incorporation;
(f) date of commencement of business;
(g) authorized capital;
(h) paid up capital;
(i) amount of capital to be issued;
(j) face value of shares; and
(k) period within which capital to be issued.

(3) The applicant shall furnish the following documents along with the said application, namely :-
(a) certified copy of memorandum and articles of association;
(b) certified copy of certificate of incorporation and certificate of commencement of business;
(c) list of directors;
(d) audited financial statements;
(e) statement relating to purpose of raising capital;
(f) copy of the resolution of the board of directors deciding to raise capital, authenticated by the managing director;
(g) certificate of the banker to the effect that the amount shown against paid up capital was deposited in the company's bank account (in case of capital raised for cash consideration only);
(h) vendor's agreement in case of raising of capital in kind; and
(i) short description of the business.

4. **Consideration of the application and decision thereon.**- (1) On receipt of the application under rule 3, the Commission shall examine it, and if it is satisfied that all the requirements of rule 3 are fulfilled, it shall accord consent in writing to the issue of capital in Bangladesh, as prayed for, within sixty days of receipt of the application.

(2) If the Commission finds that the application does not fulfill all the requirements of rule 3, it may, within thirty days of receipt of the application, direct the applicant to fulfill the requirements within such time as the Commission may determine, and on fulfillment of such requirements the Commission shall accord the consent as prayed for within thirty days of such fulfillment.

(3) The Commission may call for further information, in addition to the requirements of rule 3, if it so deems necessary.

(4) If the Commission finds that the application does not fulfill all the requirements of rule 3, or where a direction to fulfill such requirements has been given under sub-rule (2) and the applicant has failed to fulfill such requirements, it may reject the application, stating the reasons therefor.

5. **Review.**- The applicant whose application has been rejected by the Commission under rule 3(4) may apply to the Commission for review of its decision within thirty days from the date of such rejection, and the decision of the Commission thereon shall be final.

6. **Fee.**– (1) The applicant shall pay an amount of take five thousand (nonrefundable) as application fee, along with the application, by way of pay order or demand draft issued in favor of the Commission.

(2) If consent is accorded to the issue of capital by the Commission, the applicant shall pay, within fifteen days of the issuance of the letter of consent a fee @ 0.1% on the total capital to be issued by way of a pay order or demand draft in favor of the Commission.

(3) If the applicant fails to pay the fee under sub-rule (2) within the specified time, the consent accorded shall stand cancelled.

7. **Submission of financial statements, etc.**- (1) The company to which consent to the issue of capital is accorded shall complete audit of its financial statements and, hold its annual general meeting within such period as may be specified by the Commission at the time of according the consent.

(2) The said company shall submit a copy of such audited financial statements and a copy of its annual report and the minutes of its annual general meeting within fourteen days of the completion of the audit or, as the case may be, holding of the annual general meeting.

(3) The Commission may, on application and on good cause shown, extend the time for auditing the financial statements or submission of the financial statements to the Commission, as the case may be.

(4) The said company shall furnish the Commission the following information, along with the supporting documents and evidence, namely:-

(a) change of registered address;

(b) change of directors;

(c) appointment of managing director;

(d) change of business or opening of new business;

(e) any material change that affects the affairs of the company.

By order of the Commission

MANIR UDDIN AHMAD
Chairman
Securities and Exchange Commission

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২

তারিখ ঃ ৩১শে মার্চ, ২০০২ ইং-

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-২৫/প্রশাসন - সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪-এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২ প্রণয়ন করিল ঃ

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।- এই বিধিমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০০২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) "অধিগ্রহণকারী" অর্থ এমন কোন ব্যক্তি যে নিজে বা অন্য কাহারো সাথে সম্মিলিত হয়ে কোন কোম্পানীর শেয়ার অধিগ্রহণ করে বা সেই জন্যে প্রস্তাব করে;

(খ) "আইন" বলিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ বুঝাইবে;

(গ) "উল্লেখযোগ্য সংখ্যক" অর্থ দশ শতাংশ কিংবা উহার অধিক বা কমিশন কর্তৃক এতদ্‌উদ্দেশ্যে সময়ে সময়ে নির্ধারিত কোন সংখ্যাকে বুঝাইবে;

(ঘ) "কোম্পানী" বলিতে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানীকে বুঝাইবে যাহার ভোটাধিকারযুক্ত শেয়ার এই বিধিমালার অধীনে অর্জন, অধিগ্রহণ বা কর্তৃত্ব গ্রহণ করা হইবে;

(ঙ) "গণবিজ্ঞপ্তি" অর্থ গণ মাধ্যমে সর্বসাধারণকে অবহিতকরণের নিমিত্তে প্রকাশিত কোন বিজ্ঞপ্তি;

(চ) "প্রস্তাব পত্র" অর্থ কোম্পানীর শেয়ার ক্রয়ের জন্য গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারিত প্রস্তাবকে বুঝাইবে।

(২) এই বিধিতে ব্যবহৃত যেই সকল শব্দ বা বক্তব্যের সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা বক্তব্য Securities and Exchange Ordinance, 1969, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩, কোম্পানী আইন, ১৯৯৪ এবং ডিপোজিটরী আইন, ১৯৯৯ বা উহাদের অধীনে জারিকৃত কোন বিধিমালা বা প্রবিধানমালাতে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বিধিমালা প্রয়োগের পরিধি**।- (১) এই বিধিমালা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর ভোটাধিকারযুক্ত শেয়ারের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই বিধিমালার কোন বিধি নিম্নে বর্ণিত পদ্ধতিতে শেয়ার অর্জন, অধিগ্রহণ বা কর্তৃত্ব গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না ঃ

(ক) সর্ব সাধারণ্যে শেয়ার বরাদ্দের প্রচার (প্রসপেক্টাস) অনুসরণে আবেদনপত্র মূলে;

(খ) অবলেখক হিসাবে; অথবা

(গ) কমিশন হইতে রেজিস্ট্রেশন সনদপ্রাপ্ত কোন মার্চেন্ট ব্যাংকার, স্টক ব্রোকার বা স্টক ডিলার কর্তৃক কোন মক্কেলের পক্ষে দৈনন্দিন ব্যবসা কার্যক্রম পরিচালনা কালে।

দ্বিতীয় অধ্যায়

শেয়ারের মালিকানা প্রকাশ

৪। **ক্রান্তিকাল (transitional)**।- (১) কোন ব্যক্তি কোন কোম্পানীর দশ শতাংশের অধিক শেয়ারের অধিকারী হইলে উক্ত ব্যক্তি এই বিধিমালা প্রজ্ঞাপিত হওয়ার দুই মাসের মধ্যে ঐ কোম্পানীতে তার সমুদয় শেয়ার ধারন বিষয়ে নিম্নলিখিতদের নিকট প্রকাশ করিবে ঃ

(ক) কমিশন সহ যেই স্টক এক্সচেঞ্জে উল্লিখিত কোম্পানীর শেয়ার তালিকাভুক্ত রহিয়াছে সেই স্টক এক্সচেঞ্জের নিকট; এবং

(খ) উল্লিখিত কোম্পানীর নিকট।

(২) প্রত্যেক কোম্পানী, উক্ত প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে দুই মাসের মধ্যে, উপ-বিধি (১) এ উল্লিখিত প্রত্যেক ব্যক্তি কর্তৃক ধারণকৃত শেয়ারের সংখ্যা, কমিশন সহ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নিকট দাখিল করিবে।

(৩) স্টক এক্সচেঞ্জ উক্ত তথ্য প্রাপ্তির সাথে সাথেই উহা on-line news হিসাবে প্রচার করিবে।

৫। **কোন কোম্পানীর দশ শতাংশ কিংবা ততোধিক শেয়ার অর্জন ও প্রকাশনা**।- কোন শেয়ার অর্জনকারী যদি কোন কোম্পানীর দশ শতাংশ কিংবা তার কম শেয়ারের অধিকারী থাকেন তবে সে নিম্নোক্ত উপায়ে দশ শতাংশ বা উহার অধিক সংখ্যক শেয়ার অর্জন করিতে পারিবে,-

(ক) সর্বসাধারণ্যে বরাদ্দ করার প্রচার অনুসরণে;

(খ) রাইট বা বোনাস ইস্যু সূত্রে;

(গ) স্টক এক্সচেঞ্জের মাধ্যমে ক্রয়সূত্রে;

(ঘ) এক বা একাধিক হস্তান্তরের মাধ্যমে;

(ঙ) উত্তরাধিকার সূত্রে হস্তান্তরের মাধ্যমে; অথবা

(চ) উপরে উল্লিখিত নয় এমন অন্য কোন পদ্ধতিতে ঃ

তবে শর্ত থাকে যে, প্রত্যেক কোম্পানী উহার আহুত বার্ষিক সাধারন সভা সংক্রান্ত বুক ক্লোজার (book closure) এর ভিত্তিতে দশ শতাংশ বা উহার অধিক সংখ্যক শেয়ার হোল্ডারদের তালিকা কমিশন ও ষ্টক এক্সচেঞ্জে দাখিল করিবে।

তৃতীয় অধ্যায়

উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন বা অধিগ্রহন

৬। **স্টক এক্সচেঞ্জের বাহির হইতে দশ শতাংশ বা তার অধিক শেয়ার অর্জন**।- কোন কোম্পানীতে দশ শতাংশ বা তদাপেক্ষা কম ভোটাধিকার সম্বলিত কোন শেয়ার ধারক কর্তৃক আলোচনার মাধ্যমে উক্ত কোম্পানীর দশ শতাংশ পর্যন্ত বা উহার অধিক শেয়ার অধিগ্রহণ করিতে হইলে তাহাকে, কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, গণবিজ্ঞপ্তির মাধ্যমে উক্ত কোম্পানীর ন্যূনতম সংখ্যক শেয়ার ক্রয়ের একটি প্রস্তাব অন্যান্য শেয়ার ধারকদের নিকট দিতে হইবে।

৭। **স্টক এক্সচেঞ্জ হইতে দশ শতাংশ বা তার অধিক শেয়ার ক্রয়**।- কোন শেয়ার অধিগ্রহণকারী যদি কোন কোম্পানীতে দশ শতাংশ বা তদাপেক্ষা কম ভোটাধিকার সম্বলিত শেয়ার ধারণ করিয়া থাকে তবে সে স্টক এক্সচেঞ্জ হইতে আরও শেয়ার ক্রয় করিতে চাহিলে তাহাকে স্টক এক্সচেঞ্জ হইতে শেয়ার অধিগ্রহণ সম্বন্ধে কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে একটি গণবিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে।

৮। **শেয়ার অধিগ্রহণ বা ক্রয় সংক্রান্ত গণবিজ্ঞপ্তি**।- (১) কোন শেয়ার অর্জনকারী বা অধিগ্রহণকারী বিধি ৬ বা ৭ এর আওতায় প্রস্তাব বা গণবিজ্ঞপ্তি কমিশন কর্তৃক নিবন্ধনকৃত কোন মার্চেন্ট ব্যাংকারের মাধ্যমে প্রদান করিবে।

(২) মার্চেন্ট ব্যাংকার এই বিধিমালার তফসীলে বর্ণিত কর্তব্য সমূহের পরিপালন নিশ্চিত করিবে।

(৩) বিধি ৬ বা ৭ এর আওতায় কোন গণবিজ্ঞপ্তি বহুল প্রচারিত অন্ততঃ একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

৯। **গণবিজ্ঞপ্তির সময় নির্ধারণ**।- (১) বিধি ৮ এ বর্ণিত গণবিজ্ঞপ্তি শেয়ার ক্রয় সংক্রান্ত বিষয় চূড়ান্ত হওয়া বা এই ব্যাপারে মার্চেন্ট ব্যাংকারের সাথে চুক্তি স্বাক্ষরিত হওয়া বা সমঝোতা স্মারক চূড়ান্ত করার তিন কর্ম দিবসের মধ্যে প্রকাশ করিতে হইবে।

(২) বিধি ৮ এ উল্লিখিত গণবিজ্ঞপ্তির মাধ্যমে শেয়ার ক্রয়ের ইচ্ছা শেয়ার ক্রয়ের পূর্ব মুহূর্তে নিম্নোক্ত ক্ষেত্রে করিতে হইবে, যথা ঃ-

(ক) যেই ক্ষেত্রে তাহার উক্ত কোম্পানীতে শেয়ারের সংখ্যা দশ শতাংশ অতিক্রম করিয়া যাইবে; অথবা

(খ) যদি উক্ত ব্যক্তির বর্তমান শেয়ারের সংখ্যা দশ শতাংশের অধিক থাকে তবে আরও শেয়ার ক্রয়ের মাধ্যমে সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে।

১০। গণবিজ্ঞপ্তির বিষয়বস্তু।- বিধি ৮ এ উল্লিখিত গণবিজ্ঞপ্তিতে, অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয় সমূহ উল্লেখ থাকিতে হইবে, যথাঃ-

(ক) সংখ্যা সহ শেয়ার অধিগ্রহণের ইচ্ছা প্রকাশ;

(খ) শেয়ার অধিগ্রহণ সংক্রান্ত প্রস্তাবের উদ্দেশ্য ও শর্তাবলী সহ শেয়ার ক্রয়ের প্রস্তাবিত মূল্য;

(গ) শেয়ার অধিগ্রহণকারীর জাতীয়তা সহ পূর্ণ পরিচয়;

(ঘ) শেয়ার অধিগ্রহণকারীর ও তাহার সহিত সংঘবদ্ধ অন্যান্যের বর্তমান শেয়ার মালিকানা সংক্রান্ত পূর্ণ তথ্য;

(ঙ) শেয়ার ক্রয় সংক্রান্ত বিষয়ে যেই চুক্তি বা সমঝোতা স্মারক করা হইয়াছে এবং উহাতে শেয়ার ক্রয় সংক্রান্ত যেই সমস্ত বিষয়ের উল্লেখ করা হইয়াছে তাহার বিস্তারিত বিবরণ;

(চ) শেয়ার ক্রয় প্রস্তাবের তারিখ এবং যেই সময়ের মধ্যে ক্রয়ের প্রস্তাব গ্রহণ করা হইবে তাহার উল্লেখ;

(ছ) শেয়ার ক্রয়ের মূল্য কখন ও কিভাবে প্রদান করা হইবে;

(জ) শেয়ার ক্রয়ের প্রস্তাবের সহিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী সহ নিম্নে উল্লিখিত বিষয়সমূহ -

(অ) উদ্যোক্তা, পরিচালক বা জনগণের নিকট হইতে ক্রয় করিতে ইচ্ছুক শেয়ারের সংখ্যা;

(আ) কোম্পানী আইন, ১৯৯৪, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং বৈদেশিক মুদ্রা বিনিময় আইন, ১৯৪৭ এর আওতায় কোন শর্ত আরোপিত হইলে তাহার বিবরণ;

(ই) সংশ্লিষ্ট কোম্পানীর শেয়ার হোল্ডারদের নিকট হইতে অনুমোদন গ্রহণ সংক্রান্ত তথ্যাদি (যদি আইনগত বাধ্যবাধকতা থাকে)।

(ঝ) প্রস্তাবিত অর্জন বা অধিগ্রহণ বাস্তবায়নের নিশ্চিতির স্বপক্ষে কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি ও ফরমাটে ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা ইন্স্যুরেন্স কোম্পানী কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে ইস্যুকৃত নির্ধারিত মূল্যের একটি performance bond কমিশনে দাখিল করা হইয়াছে।

(ঞ) কমিশন কর্তৃক নির্দেশিত হইলে, উল্লেখযোগ্য সংখ্যার শেয়ার অধিগ্রহণের সহিত সংশ্লিষ্ট এবং জনস্বার্থে প্রয়োজনীয় এমন কোন তথ্য।

১১। **গণবিজ্ঞপ্তি সংক্রান্ত কর্তব্য**।- (১) গণবিজ্ঞপ্তির মাধ্যমে শেয়ার অধিগ্রহণ বা ক্রয়ের প্রস্তাব বা অন্যান্য বিজ্ঞপ্তি, সার্কুলার, ব্রসার বা প্রচার সংক্রান্ত বিষয় ইত্যাদিতে শেয়ার ক্রয় প্রস্তাবের ভিত্তিতে সংশ্লিষ্ট শেয়ার ধারণকারীগণ যাহাতে সম্পূর্ণ অবগত হইয়া শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত নিতে পারে সেই জন্যে উহাতে প্রয়োজনীয় সকল তথ্যাদি থাকিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত বিজ্ঞপ্তি, ব্রসার বা কোন দলিল জনগণের নিকট প্রেরণের অন্ততঃ দুই কর্ম দিবস পূর্বে উহার সত্যায়িত অনুলিপি মার্চেন্ট ব্যাংকারের মাধ্যমে স্টক এক্সচেঞ্জ ও কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) মার্চেন্ট ব্যাংকার জনগণের নিকট প্রেরিত সকল দলিলে, বিজ্ঞপ্তিতে বা ব্রোসারে যেই সকল তথ্য প্রকাশ করা হইয়াছে উহা সত্য ও ত্রুটিমুক্ত এই মর্মে একটি প্রত্যয়ন পত্র কমিশনের নিকট দাখিল করিবে।

১২। **নথিভুক্তকরণের তারিখ**।- (১) অর্জনকারী বা অধিগ্রহনকারী শেয়ার ক্রয়ের প্রস্তাবপত্র কোম্পানীর রেজিষ্টারে লিপিবদ্ধ প্রত্যেক শেয়ার হোল্ডারসহ যাহাদের শেয়ার ক্রয়ের জন্য প্রস্তাব করা হইয়াছে তাহাদের নিকট নথিভুক্তকরণের নিমিত্তে প্রেরণ করিবে।

(২) নথিভুক্তকরণের তারিখ কোন অবস্থাতে গণবিজ্ঞপ্তি প্রকাশের সাত দিনের বেশী হইতে পারিবে না।

১৩। **প্রস্তাব মূল্য**।- (১) বিধি ৬ ও ৭ এর আওতায় শেয়ার অর্জন বা অধিগ্রহণের জন্য প্রস্তাবিত মূল্য অবশ্যই-

(ক) নগদে; অথবা

(খ) যদি শেয়ার অধিগ্রহণকারী কোন কোম্পানী হয় তবে শেয়ার হস্তান্তরের মাধ্যমে; অথবা

(গ) উপ-বিধি ১ (ক) ও ১ (খ)তে উল্লিখিত দুইটি উপায়ের সম্মিলিত মাধ্যমে; অথবা

(ঘ) বিক্রেতার গ্রহণযোগ্য অন্য যে কোন পন্থায় ঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন চুক্তি বা সমঝোতা পত্রে কোন একটি শ্রেণীর শেয়ার হোল্ডারদেরকে নগদে অর্থ প্রদানের কথা উল্লেখ থাকে তবে অবশিষ্ট শেয়ার হোল্ডারগণ নগদে মূল্য লাভের অধিকারী হইবেন।

(২) উপ-বিধি (১) এর জন্য প্রস্তাব মূল্য হইবে নিম্নরূপ ঃ

(ক) বিধি ৬ এর আওতায় শেয়ার অধিগ্রহণের ক্ষেত্রে আলোচনালব্ধ ন্যূনতম মূল্য হইবে স্টক এক্সচেঞ্জে সর্বোচ্চ বাজার দর বা শেয়ার ক্রয় প্রস্তাব প্রকাশের অব্যবহিত পূর্বের ছয় পঞ্জিকা মাসের শেয়ারের গড় বাজার মূল্য, এই দুইটির মধ্যে যেইটি সর্বোচ্চ;

(খ) বিধি ৭ এর আওতায় শেয়ার অধিগ্রহণের ক্ষেত্রে মূল্য হইবে স্টক এক্সচেঞ্জে সর্বোচ্চ বাজার দর বা শেয়ার ক্রয় প্রস্তাব প্রকাশের ছয় পঞ্জিকা মাস পূর্বের প্রতি সপ্তাহের উক্ত শেয়ারের গড় বাজার মূল্য, এই দুইটির মধ্যে যেইটি সর্বোচ্চ;

(গ) যদি কোন শেয়ার, যাহা অধিগ্রহণ করা হইবে তাহার বেচা-কেনা স্টক এক্সচেঞ্জে বিগত ছয় পঞ্জিকা মাসের অধিক সময়ে না হয়, তাহা হইলে উক্ত শেয়ারের গড় মূল্য কোন স্টক এক্সচেঞ্জে দৈনিক লেনদেনের গড় মূল্যের উপর নির্ভর করিবে না; তবে সেই ক্ষেত্রে উক্ত মূল্য অধিগ্রহণকারী ও বিক্রেতার মধ্যে আলোচনার মাধ্যমে নির্ধারণ করা যাইবে।

১৪। **সাধারণ দায় দায়িত্ব**।- (১) প্রত্যেক কোম্পানী প্রতিমাসে উহার দশ শতাংশের অধিক শেয়ার ধারনকারীর নাম কমিশনসহ সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জে দাখিল করিবে।

(২) শেয়ার ক্রয়ের প্রস্তাব গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করার তিন কর্ম দিবসের মধ্যে শেয়ার অধিগ্রহণকারী প্রস্তাব পত্রের এক কপি সংশ্লিষ্ট কোম্পানীর নিকট দাখিল করিবে।

(৩) অধিগ্রহণকারী তাহার শেয়ার ক্রয় প্রস্তাব পত্রে শেয়ার ক্রয়ের প্রস্তাব বৈধ থাকার মেয়াদ উল্লেখ করিবেঃ

তবে শর্ত থাকে যে, শেয়ার ক্রয়ের এইরূপ প্রস্তাব উক্ত প্রস্তাবের তারিখ হইতে কমপক্ষে চার সপ্তাহ বলবৎ থাকিবে।

(৪) সংশ্লিষ্ট কোম্পানীর পরিচালকবৃন্দ সাধারণ শেয়ার হোল্ডারদের সম্মতি ব্যতিরেকে কোম্পানীর কোন মূলধনী সম্পদ উক্ত সময়ে বিক্রয় করিতে পারিবে না বা ভোটাধিকার সম্বলিত নূতন কোন শেয়ার ইস্যু করিতে পারিবে না।

(৫) যদি প্রস্তাবিত অধিগ্রহণকারী অন্য কোন কোম্পানী হয় তবে শেয়ার অধিগ্রহণ সংক্রান্ত প্রতিটি দলিলে বা বিজ্ঞপ্তিতে এই মর্মে ঘোষণা থাকিবে যে উক্ত কোম্পানীর পরিচালকবৃন্দ সংশ্লিষ্ট দলিল বা বিজ্ঞপ্তিতে প্রকাশিত বিষয়াদির দায় দায়িত্ব গ্রহণ করিয়াছে এবং এই সিদ্ধান্ত নেওয়ার জন্যে সাধারণ শেয়ার হোল্ডারদের অনুমোদন রহিয়াছে ঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন পরিচালক উল্লিখিত দায়দায়িত্ব হইতে নিজেকে মুক্ত রাখিতে চায় তবে উক্ত ঘোষণাপত্রে এই মর্মে স্পষ্ট বর্ণনা থাকিতে হইবে।

১৫। **অধিগ্রহণতব্য শেয়ারের ন্যূনতম সংখ্যা**।- (১) অধিগ্রহণকারী কর্তৃক কোম্পানীর অন্যান্য শেয়ারহোল্ডারদের নিকট প্রচারিত গণবিজ্ঞপ্তিতে তাঁদের নিকট হইতে সর্বসাকুল্যে কোম্পানীর মোট শেয়ারের সর্বনিম্ন শতকরা কত ভাগ শেয়ার ক্রয় করা হইবে তাহার উল্লেখ থাকিতে হইবে।

(২) উপরে উল্লিখিত প্রস্তাব বাস্তবায়নের ফলে উক্ত কোম্পানীতে জনগণের শেয়ারের পরিমান যদি দশ শতাংশ এর নিচে নামিয়া আসে তবে উক্ত অধিগ্রহণকারী, যদি বিক্রয়ের প্রস্তাব দেওয়া হয়, জনগণের অবশিষ্ট সমুদয় শেয়ারও অধিগ্রহণে বাধ্য থাকিবে।

(৩) যদি কোন অধিগ্রহণকারী কর্তৃক নির্ধারিত ক্রয়যোগ্য শেয়ারের চেয়ে উক্ত কোম্পানীর শেয়ার ধারক কর্তৃক বিক্রয়ের জন্য প্রস্তাবিত শেয়ারের পরিমাণ বেশি হইয়া থাকে তবে উক্ত অধিগ্রহণকারী আনুপাতিক হারে সংশ্লিষ্ট শেয়ার ধারক কর্তৃক প্রদত্ত বিক্রয়ের প্রস্তাব গ্রহণ করিতে পারিবে।

১৬। **প্রস্তাব সম্পূর্ণকরণ**।- প্রস্তাবের মেয়াদ উত্তীর্ণ হওয়ার চার সপ্তাহের মধ্যে অধিগ্রহণকারী যেই সকল শেয়ারহোল্ডার প্রস্তাব গ্রহণ করিয়াছে তাহাদের মূল্য পরিশোধ সহ প্রস্তাব সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করিবে এবং সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংকার উহা নিশ্চিতির যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

১৭। **প্রতিযোগিতামূলক অধিগ্রহণ**।- (১) যেই অধিগ্রহণকারী শেয়ার ক্রয়ের গণবিজ্ঞপ্তি প্রচার করিয়াছে সে ছাড়া অন্য যে কোন ব্যক্তি উক্ত গণবিজ্ঞপ্তি প্রচারের দুই সপ্তাহের মধ্যে দর প্রদান পূর্বক উল্লিখিত শেয়ার ক্রয়ে অংশ গ্রহণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ক্রয়ে অংশগ্রহণের ক্ষেত্রে এই অধ্যায়ের বিধানাবলী যথাস্থানে যথাযোগ্য পরিবর্তন সাপেক্ষে প্রযোজ্য হইবে ঃ

তবে উল্লেখ থাকে যে, গণবিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারিত প্রস্তাবের মেয়াদকাল কোন ক্ষেত্রেই বিধি ১৪ এর উপ-বিধি (৩) এ বর্ণিত প্রথম প্রস্তাবের মেয়াদকালের অধিক হইবে না।

১৮। **সংশোধিত প্রস্তাব**।- নিম্নোক্ত পদ্ধতি ব্যতিরেকে শেয়ার ক্রয়ের প্রস্তাবের কোন শর্ত পরিবর্তন কিংবা প্রচারিত গণবিজ্ঞপ্তিতে কোন সংশোধন করা যাইবে না-

(ক) কমিশনের পূর্ব অনুমতি গ্রহণ;

(খ) বিধি ৮ এ নির্ধারিত পদ্ধতি অনুসরনে গণবিজ্ঞপ্তি প্রচার করা; এবং

(গ) প্রত্যেক শেয়ারহোল্ডার সমীপে সংশ্লিষ্ট তথ্য প্রেরণ করা।

১৯। **ক্রয় প্রস্তাব প্রত্যাহার**।- (১) জনগন্যে প্রচারিত শেয়ার ক্রয়ের কোন প্রস্তাব প্রত্যাহার করা যাইবে না, যদি না প্রস্তাবকারীর ক্ষেত্রে এমন কোন ঘটনার উদ্ভব না ঘটে যাহা, Act of God সহ, তাহার নিয়ন্ত্রণ ক্ষমতার বহির্ভূত কারণে যদি শেয়ার ক্রয়ের প্রস্তাব বাস্তবায়ন করা সম্ভব না হয়।

(২) উপ-বিধি (১) সাপেক্ষে জনগন্যে প্রচারিত শেয়ার ক্রয়ের কোন প্রস্তাবকে প্রত্যাহার করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে যদি নিম্ন বর্ণিত যে কোন একটি বিষয় ঘটিয়া থাকে:-

(ক) প্রস্তাবক যদি কোন সাধারণ ব্যক্তি (natural person) হয় তবে তার মৃত্যু হইলে কিংবা মৃত ব্যক্তির কোন আইনগত উত্তরাধীকারী সংশ্লিষ্ট ক্রয় প্রস্তাব বাস্তবায়নে অনিচ্ছুক হইলে;

(খ) প্রস্তাবককে যদি দেউলিয়া ঘোষণা করা হয় ;

(গ) প্রস্তাবক যদি অন্য কোন কোম্পানী হয় কিংবা কোন সংবিধিবদ্ধ সংস্থা (body corporate) হয় তবে উহা যদি ব্যবসা সমাপ্তির নোটিশ প্রাপ্ত হয়;

(ঘ) প্রস্তাবক যদি অন্য কোন কোম্পানী হয় এবং উক্ত কোম্পানী যদি অতঃপর অন্য কোন কোম্পানী কর্তৃক অধিগ্রহিত হইয়া যায় সেই ক্ষেত্রে অধিগ্রহণকারী কোম্পানী যদি প্রস্তাবিত শেয়ার ক্রয়ে অনিচ্ছুক হয়;

(ঙ) কমিশনের বিবেচনায় অন্য কোন কারণে।

(৩) অধিগ্রহণ প্রস্তাব প্রত্যাহারের কোনও একটি কারণের উদ্ভব ঘটিলে যেই সব সংবাদপত্রে গণবিজ্ঞপ্তির মাধ্যমে ক্রয় প্রস্তাব প্রচার করা হইয়াছিল সেই সব সংবাদ পত্রেই প্রস্তাবককে যথাযথ কারণ প্রদর্শনপূর্বক ক্রয় প্রস্তাব প্রত্যাহারের গণবিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে।

চতুর্থ অধ্যায়

উদ্ধার মানসে কর্তৃত্ব গ্রহণ
(BAIL OUT TAKEOVERS)

২০। **উদ্ধার মানসে কর্তৃত্ব গ্রহণ**।- (১) আর্থিকভাবে দূর্বল কোন কোম্পানীকে পুনর্বাসিত করার উদ্দেশ্যে কোন অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান (financial institution) বা তফসিলী ব্যাংক বা অন্য কোন ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান কর্তৃক একক বা যৌথভাবে উক্ত কোম্পানীতে উল্লেখযোগ্য সংখ্যার শেয়ার অধিগ্রহণ বা ক্রয়ের ক্ষেত্রে এই অধ্যায় প্রযোজ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই ব্যাপারে যে উদ্যোগ নিবে তাহাকে পরিপোষক প্রতিষ্ঠান (lead institution) হিসাবে গন্য করা হইবে।

(২) এই অধ্যায়ের বিধিমালা সঠিকভাবে অনুসরন করা হয় কিনা তাহা নিশ্চিত করার জন্যে পরিপোষক প্রতিষ্ঠান (lead institution) দায়ী থাকিবে।

(৩) পরিপোষক প্রতিষ্ঠান আর্থিকভাবে দূর্বল প্রতিষ্ঠানটির আর্থিক উপযোগিতা (financial viability) বিবেচনাপূর্বক উহার গ্রহণযোগ্য মূল্য নির্ধারণ করিবে, উহার পুনরুজ্জীবনের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ নির্ণয় করিবে, এবং সংখ্যালঘু শেয়ার হোল্ডারদের স্বার্থ সংরক্ষণ, দক্ষ ব্যবস্থাপনা, ফলপ্রসু পুনরুজ্জীবন ও স্বচ্ছতা নীতির ভিত্তিতে পুনর্বাসন পরিকল্পনা (rehabilitation package) প্রণয়ন করিবে।

(৪) ব্যবস্থাপনায় কোন পরিবর্তন করিতে হইলে পুনর্বাসন স্কীমে সুনির্দিষ্টভাবে উহার বিশদ বর্ণনা থাকিতে হইবে।

(৫) আর্থিকভাবে দূর্বল কোম্পানীর শেয়ার অধিগ্রহণ করার জন্যে পুনর্বাসন স্কীমে নিম্নে বর্ণিত পদ্ধতি অন্তর্ভুক্ত থাকিবে-

(ক) সরাসরি শেয়ার ক্রয়, অথবা

(খ) শেয়ার বিনিময়, অথবা

(গ) উভয় পদ্ধতির সমন্বয়।

ব্যাখ্যা: এই অধ্যায়ে বর্ণিত আর্থিকভাবে দূর্বল কোম্পানী (financially weak company) বলিতে এমন কোম্পানী বুঝাইবে যাহার বৎসরান্তে negative net worth রহিয়াছে বা যাহার শেয়ারের বাজার মূল্য সর্বশেষ ন্যূনতম তিন বৎসর যাবত অভিহিত মূল্যের (face value) নিচে রহিয়াছে বা যে বিগত পাঁচ বছরে কোন লভ্যাংশ প্রদান করে নাই।

২১। **শেয়ার অধিগ্রহণ পদ্ধতি**।- (১) পুনর্বাসনের স্কীম কার্যকর করার পূর্বে অর্থ প্রদানকারী বা পরিপোষক প্রতিষ্ঠান (lead institution) কর্তৃক দুইটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজী) বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে শেয়ার ক্রয়ের প্রস্তাব আহ্বান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর আওতায় প্রস্তাব পাওয়ার পর পরিপোষক প্রতিষ্ঠান আর্থিকভাবে দূর্বল কোম্পানীকে পুনর্বাসিত করার ক্ষেত্রে ব্যবস্থাপনায় দক্ষতা, অর্থসংস্থানের পর্যাপ্ততা এবং কারিগরি সামর্থ বিবেচনা পূর্বক প্রস্তাবক ব্যক্তিগণের পক্ষ হইতে একজনকে নির্বাচিত করিবে।

(৩) আর্থিকভাবে দূর্বল কোম্পানীর শেয়ার অর্জনের প্রস্তাব প্রদানে ইচ্ছুক ব্যক্তিকে পরিপোষক প্রতিষ্ঠান উক্ত কোম্পানী সম্পর্কে যাবতীয় প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিবে যাহার মধ্যে বিশেষভাবে উক্ত কোম্পানীর বর্তমান ব্যবস্থাপনা, প্রযুক্তি, উৎপাদিত পন্যের পরিধি, শেয়ার ধারনের স্বরূপ (shareholding pattern), আর্থিক অবস্থান এবং কার্যসম্পাদন (financial holding and performance), প্রস্তাব আহ্বানের তারিখ হইতে পূর্ববর্তী পাঁচ বছরের পরিসম্পদ ও দায়ভার এবং উক্ত কোম্পানীকে পুনর্বাসিত করার উদ্দেশ্যে প্রস্তাবকের নিকট হইতে প্রত্যাশিত ন্যূনতম আর্থিক ও অন্যান্য প্রতিশ্রুতির উল্লেখ থাকিতে হইবে।

(৪) পরিপোষক প্রতিষ্ঠান অধিগ্রহণতব্য কোম্পানীর প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতির লক্ষ্যে শেয়ার ক্রয়ের প্রস্তাবে নিম্নোক্ত শর্তাদিরও উল্লেখ করিবে,-

(ক) অন্ততঃ এক-তৃতীয়াংশ সংখ্যালঘিষ্ট শেয়ারহোল্ডার এবং শেয়ারহোল্ডার বহির্ভূত কোন পেশাদারী পরিচালক সহ কোম্পানীর পরিচালনা পর্ষদ অন্যূন সাতজন ও সর্বোচ্চ বারজন সদস্য সমন্বয়ে গঠিত হইবে যাহার চেয়ারম্যান শেয়ারহোল্ডার বহির্ভূত পেশাদারী পরিচালকদের মধ্য হইতে নির্বাচিত হইবেন।

(খ) পরিচালনা পর্ষদ নীতি নির্ধারণী কার্যাদি ছাড়া কোম্পানীর দৈনন্দিন কর্মকান্ডে হস্তক্ষেপ করিতে পারিবে না।

(গ) পেশাদারী বিশেষজ্ঞ পরিচালকের অন্তর্ভুক্তিসহ কোম্পানীতে একটি নিরীক্ষা কমিটি এবং পরিচালক ও কর্মচারীদের জন্যে একটি পারিশ্রমিক নির্ধারণ কমিটি থাকিবে।

(ঘ) কোম্পানীর একজন পেশাদারী কোম্পানী সচিব থাকিবে যিনি এতদসংক্রান্ত ব্যাপারে পরিচালনা পর্ষদের নিকট জবাবদিহির জন্যে দায়ী থাকিবেন।

২২। **দরপত্র মূল্যায়নের পদ্ধতি**।- (১) পরিপোষক প্রতিষ্ঠান শেয়ার বিনিময়ের উপযুক্ত মূল্য, ক্রেতার আর্থিক সঙ্গতি, ব্যবস্থাপনার খ্যাতি প্রভৃতির ভিত্তিতে দরপত্রের মূল্যায়ন করিবে এবং এই প্রক্রিয়ায় ন্যায়নিষ্ঠা ও স্বচ্ছতার নিশ্চয়তা বিধান করিবে ঃ

তবে শর্ত থাকে যে, দরপত্র মূল্যায়ন কমিটিতে পেশাদারিত্ব ও আর্থিক বিষয়ে সুখ্যাতি রহিয়াছে এমন একজন কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট এবং একজন চার্টার্ড একাউন্টেন্টকে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশ সাপেক্ষে, অন্তর্ভুক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী প্রাপ্ত দরপত্রসমূহকে অগ্রাধিকার ভিত্তিতে তালিকাভুক্ত করিতে হইবে এবং আর্থিকভাবে দুর্বল কোম্পানীর ব্যবস্থাপনায় জড়িত ব্যক্তিবর্গের সঙ্গে আলোচনাপূর্বক তৎসমূহের মধ্যে সার্বিকভাবে উপযুক্ত এমন একটি দরপত্র বিবেচনার নিমিত্তে গ্রহণ করিতে হইবে।

২৩। শেয়ার ক্রয়কারী ব্যক্তির দরপত্র প্রদান।- বিধি ২২ অনুসরনে পরিপোষক প্রতিষ্ঠান কর্তৃক স্থিরীকৃত শেয়ার ক্রয়কারী পরিপোষক প্রতিষ্ঠান হইতে এই মর্মে অবহিত হওয়ার পর, উদ্যোক্তাগণের নিকট হইতে অথবা আর্থিকভাবে দুর্বল কোম্পানীর কর্মকান্ড ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের নিকট হইতে, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ হইতে এবং অন্যান্য শেয়ার হোল্ডারদের নিকট হইতে শেয়ার ক্রয়ের উদ্দেশ্যে তার ও পরিপোষক প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক আলোচনাক্রমে নির্ধারিত মূল্যে শেয়ার ক্রয়ের আনুষ্ঠানিক প্রস্তাব ঘোষণা করিবে।

ব্যাখ্যাঃ পুনর্বাসন স্কীম এর অংশ হিসাবে পরিপোষক প্রতিষ্ঠানের অধিকারভুক্ত শেয়ার আর্থিকভাবে দূর্বল কোম্পানীকে অর্পন করার ব্যাপারে অত্র বিধি কোন বিঘ্নের কারণ হইবে না।

২৪। **শেয়ার ক্রয়কারী ব্যক্তি কোন্ কোন্ ক্ষেত্রে গণবিজ্ঞপ্তি প্রদান করিবে**।- (১) আর্থিকভাবে দুর্বল কোম্পানীর কর্মকান্ড ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য শেয়ার হোল্ডারদের নিকট শেয়ার ক্রয়ের প্রস্তাব প্রদান করার ক্ষেত্রে শেয়ার ক্রয়কারী গণবিজ্ঞপ্তির মাধ্যমে তার অভিপ্রায় ব্যক্ত করিবে।

(২) এই প্রকার গণবিজ্ঞপ্তির মধ্যে শেয়ার ক্রয়কারীর পরিচয় ও পটভূমিকা, প্রস্তাবিত দর, প্রতিষ্ঠানটির পুনরুজ্জীবনের পরিকল্পনা, প্রস্তাব উন্মুক্ত থাকার মেয়াদকাল সহ প্রস্তাব সংক্রান্ত যাবতীয় বিষয়ের বিশদ বিবরণ উল্লিখিত থাকিতে হইবে।

(৩) ক্রয় প্রস্তাবের শর্তাবলী আর্থিকভাবে দুর্বল কোম্পানীর প্রত্যেক শেয়ার হোল্ডার সমীপে প্রেরণ করিতে হইবে এবং উহার মধ্যে প্রস্তাব জ্ঞাপন করার তারিখ (record date) এবং প্রস্তাবিত ক্রয়ের তারিখ সুনির্দিষ্টভাবে উল্লিখিত থাকিতে হইবে।

(৪) কোন শেয়ার অধিগ্রহণকারী অন্যান্যদের নিকট হইতে শেয়ার বিক্রয়ের প্রস্তাব গ্রহণের সময়ে প্রথমে সর্ব নিম্ন সংখ্যক শেয়ার হোল্ডারের সমস্ত শেয়ার ক্রয়ের প্রস্তাব দিবে।

২৫। **তৃতীয় অধ্যায় এর কার্যকারিতা হইতে অব্যাহতি**।- (১) বিধি ২৪ অনুসরণে প্রত্যেক ক্রয় প্রস্তাব এই বিধিমালার তৃতীয় অধ্যায় এর বিধিসমূহ হইতে অব্যাহতি দেয়ার জন্য কমিশন সমীপে একটি আবেদন পত্র কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরনে দাখিল করিতে হইবে।

(২) এইরূপ আবেদন পত্র বিবেচনার জন্য কমিশন কোম্পনীর নিকট হইতে এবং পরিপোষক প্রতিষ্ঠানের নিকট হইতে ক্রয় প্রস্তাব অনুমোদনের (vetting) পদ্ধতি, ইহার মূল্যায়ন এবং অনুরূপ অন্যান্য বিষয় সংক্রান্ত তথ্য আহরনের নির্দেশ দিতে পারিবে।

পঞ্চম অধ্যায়

অনুসন্ধান

(Investigation)

২৬। **কমিশনের তদন্ত করার অধিকার**।- (১) কোন ব্যক্তি যদি কাহারো সঙ্গে সিকিউরিটিজ লেনদেন করিয়া থাকে এবং কমিশনের কাছে এই বিষয়ে উপ-বিধি (২) এ বর্ণিত উদ্দেশ্যসমূহের যে কোন উদ্দেশ্য তদন্তের প্রয়োজনীয়তা আছে বলিয়া মনে হয়, তাহা হইলে কমিশন এক বা একাধিক ব্যক্তিকে তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিয়োজিত করিতে পারিবে, এবং তদন্তকারী কর্মকর্তা তদবিষয়ে তদন্ত পরিচালনা করিবেন ও উক্ত ব্যক্তির হিসাবের বইপত্র, অন্যান্য তথ্যবিবরণাদি এবং দলিলপত্রাদি পরিদর্শন (inspect) করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত উদ্দেশ্যসমূহ, অন্যান্যের মধ্যে, নিম্নরূপ হইতে পারে ঃ

(ক) কোন বিনিয়োগকারী, মধ্যস্বত্বভোগী বা অন্য যে কোন ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার এর কর্তৃত্ব গ্রহণ, অর্জন এবং অধিগ্রহণ সংক্রান্ত অভিযোগ তদন্ত করা;

(খ) কোন বিধি লঙ্ঘন করা হইয়াছে বলিয়া জানিতে পারিলে বা তথ্য প্রাপ্ত হইলে সিকিউরিটিজ ব্যবসা এবং বিনিয়োগকারীদের স্বার্থে কমিশনের উদ্যোগে তদন্ত করা।

২৭। তদন্তের পদ্ধতি।- (১) বিধি ২৬ অনুসরনে তদন্তের কার্য শুরু করার পূর্বে কমিশন সংশ্লিষ্ট ব্যক্তিকে যুক্তিসঙ্গত সময় দিয়া এতদুদ্দেশ্যে নোটিশ ইস্যু করিবে।

(২) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, বিনিয়োগকারীদের স্বার্থে কিংবা জনস্বার্থে এইরূপ নোটিশ ইস্যু করা উচিত নয়, তবে কমিশন লিখিত আদেশ দ্বারা নোটিশ ইস্যু ব্যতিরেকেই তদন্ত কার্য শুরু করার নির্দেশ দিতে পারিবে।

(৩) কমিশন কর্তৃক ক্ষমতায়িত হওয়ার পর তদন্তকারী কর্মকর্তা তদন্ত পরিচালনা শুরু করিবেন, এবং যেই ব্যক্তির বিরুদ্ধে তদন্ত পরিচালনা হইবে সেই ব্যক্তি বিধি ২৮ এ উল্লিখিত দায়িত্ব ও কর্তব্যসমূহ পালন করিতে বাধ্য থাকিবে।

২৮। **তদন্ত কার্যে দায়িত্ব ও কর্তব্য**।- (১) যেইসব ব্যক্তির সম্বন্ধে তদন্ত পরিচালিত হয় তাহাদের প্রত্যেককে (এখন হইতে তাদের "সংশ্লিষ্ট ব্যক্তি" বলিয়া অভিহিত করা হইবে) স্ব স্ব জিম্মায় বা নিয়ন্ত্রণে রক্ষিত পুস্তকাদি, হিসাব পত্র ও অন্যান্য দলিল পত্র এবং সিকিউরিটিজ মার্কেট এ লেনদেন সংক্রান্ত বিবরণী ও তথ্যাদি তদন্তকারী কর্মকর্তা কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করিতে হইবে।

(২) তদন্তকারী কর্মকর্তাকে সংশ্লিষ্ট ব্যক্তি তৎকর্তৃক কিংবা তৎস্থলাভিষিক্ত অন্য কোন ব্যক্তি কর্তৃক অধিকৃত ভবনসমূহে যুক্তিসঙ্গত প্রবেশাধিকার প্রদান করিবে এবং মার্চেন্ট ব্যাংক, স্টক ব্রোকার বা স্টক ডিলার এর বা অন্য কাহারো অধিকারে থাকা যেসব বইপত্র, নথিপত্র, দলিলপত্র (books, records, documents) ও কম্পিউটারের তথ্য-উপাত্ত এবং দলিলপত্র (documents) ও অন্যান্য নথিপত্রের (other materials) অনুলিপি যাহা তদন্তকারী কর্মকর্তার নিকট এই অধ্যায়ে বর্ণিত উদ্দেশ্যে পরিচালিত তদন্তের ক্ষেত্রে সম্পর্কযুক্ত ও উপযোগী বলিয়া মনে হইবে সেইগুলি প্রদান করিবে এবং পরীক্ষা করার সুযোগ দিবে।

(৩) তদন্ত কার্য চলাকালে তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যক্তির কোন সদস্য, পরিচালক, অংশীদার, কর্মচারীকে জিজ্ঞাসাবাদ (examine) করিতে অথবা তাহাদের বক্তব্য লিপিবদ্ধ করিতে পারিবেন।

(৪) সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হইতে যুক্তিসঙ্গতভাবে তদন্তকারী কর্মকর্তা তদন্তের ব্যাপারে যেইসব সহযোগিতা প্রত্যাশা করেন তাহার প্রত্যেক সদস্য, পরিচালক, স্বত্ত্বাধিকারী, অংশীদার, কর্মচারী কর্তৃক সেইসব সহযোগিতা প্রদান করা কর্তব্য হিসাবে গণ্য হইবে।

২৯। **কমিশন সমীপে প্রতিবেদন দাখিল**।- তদন্তকারী কর্মকর্তা কমিশন কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে বা এইরূপ নির্দেশিত না হইলে যত শীঘ্র সম্ভব কমিশন সমীপে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করিবেন।

৩০। **উদঘাটিত তথ্য ইত্যাদি অবহিতকরণ**।- (১) তদন্ত কারী কর্মকর্তা উদঘাটিত তথ্যাবলী সম্পর্কে কোন ব্যবস্থা গ্রহণের পূর্বে তদন্ত প্রতিবেদন বিবেচনান্তে কমিশন, সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর সুযোগ দেয়ার জন্যে, তাহাকে তদন্তকারী কর্মকর্তার উদঘাটিত তথ্যাবলী অবহিত করিবে।

(২) সংশ্লিষ্ট ব্যক্তির নিকট হইতে ব্যাখ্যা (যদি কিছু থাকে) পাওয়ার পর সিকিউরিটিজ মার্কেটের স্বার্থে এবং আইন ও বিধিমালা যথার্থরূপে মানিয়া চলার লক্ষ্যে কমিশনের নিকট যেইসব ব্যবস্থা সঙ্গত বলিয়া মনে হইবে সেইসব ব্যবস্থা গ্রহণের জন্য কমিশন সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবে।

৩১। **নিরিক্ষক নিয়োগ**।- (১) এই অধ্যায়ের পূর্ববর্তী বিধিতে যাহাই থাকুক না কেন, সংশ্লিষ্ট ব্যক্তির হিসাব বই এবং কাজকর্ম তদন্ত করার জন্য কমিশন, Securities and Exchange Rules, 1987 এ বর্ণিত পন্থায় ও সংশ্লিষ্ট ব্যক্তিদের খরচে, একজন যোগ্যতা সম্পন্ন নিরীক্ষক নিযুক্ত করিতে পারিবে।

(২) বিধি ২৬ এ বর্ণিত যেই সকল ক্ষমতা অনুসন্ধানকারী কর্তৃপক্ষকে প্রদান করা হইয়াছে, নিয়োজিত নিরীক্ষকও সেই ক্ষমতার অধিকারী হইবেন, এবং বিধি ২৮ এ সংশ্লিষ্ট ব্যক্তির যেইসব দায়দায়িত্ব নির্ধারণ করা হইয়াছে এই বিধিমূলে পরিচালিত তদন্ত কর্মের ব্যাপারেও তাহার ক্ষেত্রে সেইসব দায় দায়িত্ব প্রযোজ্য হইবে।

৩২। **কমিশনের নির্দেশাবলী**।- বিধি ২৯ এ বর্ণিত প্রতিবেদন পাওয়ার পর, আইনের ১৮ ধারামূলে প্রাপ্ত ফৌজদারি কার্যক্রম গ্রহণের অধিকার অক্ষুন্ন রাখিয়া, নিম্নে উল্লিখিত বিষয়ে বা যে কোন বিষয়ে কমিশন যেই সব নির্দেশ যথাযোগ্য মনে করিবে সেই সব নির্দেশ প্রদান করিতে পারিবে-

(ক) সংশ্লিষ্ট ব্যক্তিকে সিকিউরিটিজ এর ব্যবসা না করার নির্দেশ প্রদান;

(খ) এই বিধিমালার লঙ্ঘন করিয়া সংশ্লিষ্ট ব্যক্তি যেই সব সিকিউরিটিজ অর্জন করিয়াছে সেইগুলি হস্তান্তরের ব্যাপারে নিষেধমূলক নির্দেশ প্রদান;

(গ) এই বিধিমালা লঙ্ঘন করিয়া সংশ্লিষ্ট ব্যক্তি যেই সব শেয়ার অধিগ্রহণ করিয়াছে তাহাকে সেইসব শেয়ার বিক্রয়ের নির্দেশ প্রদান;

(ঙ) আইনের ১০ ধারা বলে নিবন্ধীকৃত সনদপ্রাপ্ত কোন মধ্যস্বত্বভোগকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত নির্দেশ প্রদান।

(চ) কমিশনের বিবেচনায় অন্য যে কোন নির্দেশ প্রদান।

৩৩। **কমিশনের অব্যাহতি প্রদানের ক্ষমতা**।- কমিশন, স্বীয় উদ্যোগে কিংবা কোন ব্যক্তির আবেদনের ভিত্তিতে, জনস্বার্থ এবং পুঁজি বাজারের স্বার্থসহ সংশ্লিষ্ট যাবতীয় বিষয়াদি বিবেচনাপূর্বক এবং কারণ লিপিবদ্ধ করিয়া এই বিধিমালার কোন বিধান হইতে অব্যাহতির আদেশ প্রদান করিতে পারিবে।

৩৪। **শাস্তি**।- যদি কেহ এই বিধিমালায় উল্লিখিত কোন বিধি, উপ-বিধি বা নির্দেশ ভংগ করে তবে তাহার ক্ষেত্রে আইন দ্বারা নির্ধারিত শাস্তি প্রযোজ্য হইবে।

তফসীল

[সূত্র ঃ বিধি ৮; উপ-বিধি (২)]

মার্চেন্ট ব্যাংকার, এই বিধিমালায় বর্ণিত পরিপালনীয় বিষয়াদি সহ, নিম্নোক্ত কর্তব্যসমূহের পরিপালন নিশ্চিত করিবে ঃ

১। গণবিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে-

(ক) অধিগ্রহণকারীর প্রস্তাব বাস্তবায়নে সামর্থ;

(খ) বিধি ১০ এর (ঝ) তে বর্ণিত জামানত দাখিল করা হইয়াছে;

(গ) প্রস্তাব বাস্তবায়নকল্পে উদ্ভূত দায়পরিশোধের জন্য প্রয়োজনীয় তহবিল এবং অর্থের সুনির্দিষ্ট ব্যবস্হা রহিয়াছে;

(ঘ) গণবিজ্ঞপ্তি এই বিধি অনুযায়ী নিস্পন্ন করা হইয়াছে।

২। কমিশনের নিকট due diligence সার্টিফিকেট এর খসড়া কমিশনে দাখিল করা।

৩। খসড়া গণবিজ্ঞপ্তির সঙ্গে প্রস্তাবের চিঠি অধিগ্রহণতব্য কোম্পানী, সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনে দাখিল করা।

৪। গণবিজ্ঞপ্তি ও প্রস্তাব পত্রের বিষয়বস্তুসমূহ আস্থা রাখা যায় এমন উৎস হইতে সংগৃহিত তথ্যের ভিত্তিতে তৈরী করা হইয়াছে এবং উহা সত্য, বস্তুনিষ্ট ও পর্যাপ্ত (true, fair and adequate)।

৫। এই বিষয়ে আইন, অধ্যাদেশ এবং বিধিসমূহের বাধ্যবাধকতা মানিয়া চলা হইয়াছে।

৬। এই বিধিমালার বিধান অনুযায়ী অধিগ্রহণকারীর দায়িত্বসমূহ পালনের পর অবশিষ্ট জামানতের টাকা অবমুক্ত করিয়া অধিগ্রহণকারীকে ফেরৎ প্রদান করা।

৭। অধিগ্রহণ নিস্পন্ন হইবার সাত দিনের মধ্যে মার্চেন্ট ব্যাংকার কমিশনের নিকট বিস্তারিতভাবে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা।

৮। প্রস্তাবিত অধিগ্রহণের বিষয়টি মূল্য সংবেদনশীল তথ্য হিসাবে বিবেচনাপূর্বক এই ব্যাপারে অধিগ্রহণকারী কর্তৃক নিয়োগপ্রাপ্তির সাথে সাথেই তথ্যটি সংশ্লিষ্ট কোম্পানী, কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে মার্চেন্ট ব্যাংকার কর্তৃক লিখিতভাবে জানানো।

৯। কমিশন কর্তৃক নির্ধারিত অন্য যে কোন পরিপালনীয় বিষয় নিশ্চিত করা।

মনির উদ্দিন আহমদ
চেয়ারম্যান
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
রবিবার, মে ০৪, ২০০৩
[৮ম খন্ড- বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

SECURITIES AND EXCHANGE COMMISSION

প্রজ্ঞাপন

তারিখ, ০১লা এপ্রিল ২০০৩ইং/১৮ই চৈত্র ১৪০৯বাং

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/প্রশাসন-০১/১৭ - সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, ডিপজিটরি আইন, ১৯৯৯ এর ধারা ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, নিম্নোক্ত প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই প্রবিধানমালা ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না হইলে, এই প্রবিধানমালায়-

(ক) "আইন" অর্থ ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন);

(খ) "ইলেকট্রনিক যোগাযোগ" অর্থ কম্পিউটারসহ ইলেকট্রনিক পদ্ধতিতে কোন যোগাযোগ ব্যবস্থা;

(গ) "উপ-আইন" অর্থ আইনের অধীন জারিকৃত ডিপজিটরির উপ-আইন;

(ঘ) "তফসীল" অর্থ এই প্রবিধানমালার সহিত সংযুক্ত কোন তফসীল;

(ঙ) "পরিচালনা ম্যানুয়াল" অর্থ ডিপজিটরির পরিচালনা ম্যানুয়াল;

(চ) "ব্যক্তি" অর্থে কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা, অংশীদারী কারবার বা অন্য কোন শ্রেণীর প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত শব্দ, যাহা উপ-প্রবিধান (১) এ সংজ্ঞায়িত হয় নাই উহা, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন), এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) সহ উহাদের অধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালায় যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বুঝাইবে।

৩। আপতকালীন অবস্থা জারি।- (১) ডিপজিটরির নিয়ন্ত্রণ বহির্ভূত কোন বিশেষ পরিস্থিতির (যেমন ভূমিকম্প, নাশকতামূলক কর্মকান্ড, প্রাকৃতিক দুর্যোগ, অগ্নিকান্ড ইত্যাদি) কারণে যোগাযোগ, বিদ্যুৎ, টেলিফোন ব্যবস্থা ক্ষতিগ্রস্ত বা বিপর্যস্ত হইলে কোন ডিপজিটরি, কমিশনের সাথে আলোচনাক্রমে, আপতকালীন অবস্থা জারি করিতে পারিবে।

(২) জারিকৃত আপতকালীন অবস্থায় লেনদেন প্রক্রিয়ার জন্য ডিপজিটরি সাময়িকভাবে বিশেষ ব্যবস্থা নিতে পারিবে যাহার সম্বন্ধে অবিলম্বে (সর্বোচ্চ চব্বিশ ঘন্টার মধ্যে) কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৪। **বিপর্যয় মোকাবেলার ব্যবস্থা ও পদ্ধতি**।- ডিপজিটরির কারিগরী ত্রুটি বা অন্য কোন কারণে সৃষ্ট বিপর্যয় তাৎক্ষণিকভাবে মোকাবেলার জন্য পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে এবং এতদসংক্রান্ত পদ্ধতি এডমিনিস্ট্রেশন ম্যানুয়ালে (administration manual) বিধৃত হইতে হইবে।

৫। **ডিপজিটরির তথ্যের নিরাপত্তা**।- আপতকালীন সিস্টেমসহ ডিপজিটরি এইরূপ সকল ব্যবস্থা গ্রহণ করিবে যাহাতে ডিপজিটরিতে রক্ষিত তথ্য সম্পূর্ণ নিরাপদ ও নিশ্চিত থাকে, উহা যেন নষ্ট বা বিকৃত না হয়, ডিপজিটরির অন্তর্মুখী ও বহির্মুখী (inward and outward) উপাত্ত (data) সঞ্চালন যেন গুপ্তায়িত (encripted) হয় এবং ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালাসহ এই প্রবিধানমালা বা ডিপজিটরির উপ-আইনের বিধান বা পদ্ধতি ছাড়া অন্য কোনভাবেই যেন কেহ উক্ত তথ্য সংগ্রহ বা ব্যবহার করিতে না পারে।

৬। **অভ্যন্তরীণ মূল্যায়ন, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা**।- ডিপজিটরিতে উহার সিস্টেম, কার্যবিধি, নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত অভ্যন্তরীণ মূল্যায়ন, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকিতে হইবে।

৭। **তথ্য, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ ব্যবস্থা**।- (১) ডিপজিটরি, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত তথ্য, রেকর্ড ইত্যাদি, উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণে, সংরক্ষণ করিবে, যথাঃ-

(ক) যেই সকল সিকিউরিটি অজড় বা পুনঃজড় করা হইয়াছে উহার রেকর্ড;

(খ) হস্তান্তরকারী ও হস্তান্তর গ্রহীতার নাম, ঠিকানা এবং হস্তান্তরের তারিখ;

(গ) সকল সিকিউরিটির হিসাব ধারক (account holder) অনুযায়ী তালিকা বা ইনডেক্স (index);

(ঘ) ডিপজিটরি অংশগ্রহনকারী, ইস্যুয়ার, ইস্যুয়ারের প্রতিনিধি এবং হিসাব ধারকের নিকট প্রেরিত এবং তাহাদের নিকট হইতে গৃহীত সকল নির্দেশের রেকর্ড;

(ঙ) প্লেজ (pledge) সংক্রান্ত সকল রেকর্ড;

(চ) সকল অংশগ্রহণকারী সম্বন্ধে বিস্তারিত বিবরণ;

(ছ) যে সকল সিকিউরিটি অজড় অবস্থায় সংরক্ষণের যোগ্য হিসাবে ঘোষিত হইয়াছে উহার বিবরণ;

(জ) প্রযোজ্য ক্ষেত্রে, সিকিউরিটি ধার গ্রহণ ও ধার প্রদান (security borrowing and lending) সংক্রান্ত বিবরণ; এবং

(ঝ) অন্য যে কোন তথ্য বা রেকর্ড যাহা কমিশন কর্তৃক সময় সময় সংরক্ষণের জন্য নির্ধারিত হয়।

(২) ডিপজিটরি উহার তথ্যাদি, রেকর্ড এবং ডকুমেন্ট কোথায় সংরক্ষিত হইবে তাহা পূর্বেই কমিশনকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) অন্য কোন আইনের বিধান প্রতিপালন সাপেক্ষে, ডিপজিটরি উহার তথ্যাদি, রেকর্ড ও ডকুমেন্ট ন্যূনপক্ষে সাত বৎসর সংরক্ষণ করিবে।

৮। **নিয়মিত পরিদর্শন ব্যবস্থা**।- সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে ডিপজিটরি উহার সিস্টেম, কার্যবিধি, নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা নিয়মিতভাবে পরিদর্শন করিবে এবং পরিদর্শন প্রতিবেদনের এক কপি কমিশনে দাখিল করিবে।

৯। **ডিপজিটরি কর্তৃক কার্যকর ইলেকট্রনিক যোগাযোগ সংরক্ষণ ব্যবস্থা**।- ডিপজিটরি সিকিউরিটি ইস্যুয়ার, ডিপজিটরি অংশগ্রহণকারী, ষ্টক এক্সচেঞ্জ, ক্লিয়ারিং কর্পোরেশন বা হাউজ, ক্লিয়ারিং ব্যাংক এবং অন্য কোন ডিপজিটরি থাকিলে উহা সহ কমিশন কর্তৃক নির্দেশিত কোন ব্যক্তি, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের সহিত কার্যকর ইলেকট্রনিক যোগাযোগ সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করিবে।

১০। **অন্যান্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত সহযোগিতা**।- ডিপজিটরি প্রত্যেক হিসাব ধারক, সুবিধাভোগী মালিক (প্রযোজ্য ক্ষেত্রে), ডিপজিটরির অংশগ্রহণকারী, ইস্যুয়ার, ইস্যুয়ারের এজেন্ট, সিকিউরিটির কাষ্টডিয়ান, ক্লিয়ারিং ব্যাংক, ষ্টক এক্সচেঞ্জ, ক্লিয়ারিং কর্পোরেশন বা হাউজ এবং অন্য যে কোন ডিপজিটরিসহ কমিশন কর্তৃক নির্দেশিত কোন ব্যক্তি, কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের সহিত এইরূপ সহযোগিতা করিবে যাহা নির্ভরযোগ্য, দ্রুত ও নিরাপদ সকল সেবা প্রদান নিশ্চিত করে।

১১। **ক্লিয়ারিং ও সেটেলমেন্ট ব্যবস্থার সাথে সমন্বয়**।- ক্লিয়ারিং ও সেটেলমেন্ট ব্যবস্থায় পরিবর্তনের কোন প্রস্তাব কমিশন যথাশীঘ্র সম্ভব ডিপজিটরিকে অবহিত করিবে এবং ডিপজিটরি কমিশনের অনুমোদিত পরিবর্তন তাহার সিস্টেমে দ্রুত সমন্বয়ের জন্য যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করিবে।

১২। **ক্ষতিপূরণের ব্যবস্থা**।- ডিপজিটরির কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে আইনানুযায়ী ক্ষতি পূরণ দিবার জন্য ডিপজিটরির পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে যাহার মধ্যে বীমা অন্তর্ভুক্ত হইতে পারিবেঃ

শর্ত থাকে যে, বীমাকারী প্রতিষ্ঠান, উহার কোন অংগ সংগঠন কিংবা উহাদের কোন কর্মকর্তা, শেয়ারহোল্ডার বা প্রতিনিধি, বীমার মেয়াদকালীন সময়ে ডিপজিটরির পর্ষদে অন্তর্ভুক্ত হইতে বা থাকিতে পারিবে না।

১৩। **ডিপজিটরির দায়িত্ব বা কর্তব্য অর্পনে (delegation) নিষেধাজ্ঞা**।- কমিশনের পূর্বানুমতি ব্যতিত ডিপজিটরি উহার ডিপজিটরি কার্য অন্য কাহারো নিকট অর্পন করিতে পারিবে না।

১৪। **ডিপজিটরি অবলুপ্তি সংক্রান্ত বিধান**।- কোন ডিপজিটরি অবলুপ্ত হইতে চাহিলে সর্বপ্রথম কমিশনের নিকট অবলুপ্তির অনুমোদনের জন্য নিম্নলিখিত তথ্যসহ লিখিত আবেদন করিতে হইবেঃ

(ক) ডিপজিটরি অবলুপ্ত হইবার কারন;

(খ) ডিপজিটরি যেই ভাবে অবলুপ্ত হইতে চায় তাহার বর্ণনা;

(গ) ডিপজিটরিতে রক্ষিত সিকিউরিটির নিরাপত্তা ও হেফাজত কিভাবে সংরক্ষিত হইবে এবং ডিপজিটরির অবলুপ্তির পর উক্ত সিকিউরিটির কি হইবে তাহার বিবরণ;

(ঘ) ডিপজিটরি যেই সব ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত সিকিউরিটি সংক্রান্ত বিষয়ে চুক্তিবদ্ধ আছে তাহা সহ সংশ্লিষ্টদের সাথে দায়দায়িত্বের কি ব্যবস্থা গৃহীত হইবে তাহার বিস্তারিত বিবরণ; এবং

(ঙ) কমিশন কর্তৃক চাওয়া অন্য যে কোন তথ্যঃ

শর্ত থাকে যে, কেবলমাত্র কমিশনের লিখিত অনুমোদন পাওয়ার পরই কোন ডিপজিটরি অবলুপ্তি সংক্রান্ত আনুষ্ঠানিকতা শুরু করিতে পারিবে।

দ্বিতীয় অধ্যায়

সংরক্ষণযোগ্য সিকিউরিটি

১৫। **ডিপজিটরিতে সংরক্ষণযোগ্য সিকিউরিটি**।- ডিপজিটরি, উহার উপ-আইনে উল্লিখিত পদ্ধতিতে, ডিপজিটরিতে অজড় (dematerialized) অবস্থায় সংরক্ষণযোগ্য তথা যোগ্য সিকিউরিটি নির্ধারণ করিবে।

১৬। **যোগ্য সিকিউরিটির শ্রেণীবিভাগ**।- কোন ডিপজিটরি যোগ্য সিকিউরিটিকে নিম্নলিখিত শ্রেণীতে বিভক্ত করিতে পারিবে এবং, উপ-আইনের শর্ত স্বাপেক্ষে, কোন অংশগ্রহণকারী কি ধরনের যোগ্য সিকিউরিটি রক্ষণ তথা হেফাজত করিতে পারিবে উহা নির্ধারণ করিতে পারিবে, যথাঃ-

(ক) ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটি;

(খ) সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড মার্কেট সিকিউরিটি অথবা অন্য কোন সিকিউরিটি যাহা বন্ড মার্কেট সিকিউরিটি হিসাবে গণ্য; এবং

(গ) অন্যান্য সিকিউরিটি, যাহার মধ্যে ইকুইটি এবং বন্ড সিকিউরিটি, মিউচুয়াল ফান্ড ইউনিট, বানিজ্যিক কাগজ (commercial paper) ইত্যাদিও অন্তর্ভুক্ত হইতে পারিবে।

১৭। **লিষ্টিং এর জন্য যোগ্য সিকিউরিটি**।- (১) ডিপজিটরিকে ব্যবসা চালুকরণ সার্টিফিকেট ইস্যুর পর কমিশন একটি নির্দিষ্ট তারিখ নির্ধারন করিবে যাহার মধ্যে ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সকল কিংবা কোন নির্দিষ্ট সিকিউরিটি যোগ্য সিকিউরিটি হিসাবে ঘোষণা করিবে। অতঃপর কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের পর সকল বা কোন নির্দিষ্ট সিকিউরিটি অজড় (dematerialized) ব্যতিত ষ্টক এক্সচেঞ্জে লেনদেন করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, প্রয়োজন মনে করিলে, উক্ত তারিখ পরিবর্তন করিতে এবং কোন সিকিউরিটিকে যোগ্য সিকিউরিটি হইতে অব্যাহতি দিতে পারিবেঃ

আরও শর্ত থাকে যে, ডিপজিটরির উপ-আইন কমিশন কর্তৃক অনুমোদিত হইবার তারিখ হইতে অতঃপর ষ্টক এক্সচেঞ্জে নতুন তালিকাভুক্ত সকল সিকিউরিটি যোগ্য সিকিউরিটি হিসাবে বিবেচিত হইবে যাহা অজড় ব্যতিত ষ্টক এক্সচেঞ্জে লেনদেন করা যাইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান সাপেক্ষে, কোন ষ্টক এক্সচেঞ্জ সেই সিকিউরিটির লিষ্টিং সুবিধা অব্যাহত রাখা হইতে বিরত থাকিবে যাহাকে ইতিমধ্যে যোগ্য সিকিউরিটি হিসাবে ঘোষনা করা হয় নাই।

১৮। **ডিপজিটরিতে সংরক্ষণের জন্য ডিপজিটরি ও ইস্যুয়ারের মধ্যে চুক্তি**।- ডিপজিটরিতে সংরক্ষণের জন্য ডিপজিটরি ও সিকিউরিটি ইস্যুয়ার ডিপজিটরির উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুক্তিবদ্ধ হইবেঃ

তবে শর্ত থাকে যে, যেই ক্ষেত্রে ডিপজিটরি নিজেই ইস্যুয়ার হইবে সেই ক্ষেত্রে উক্তরূপ চুক্তির প্রয়োজন হইবে না, তবে এই ধরণের চুক্তির ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী ইস্যুয়ার হিসাবে ডিপজিটরির জন্যও প্রযোজ্য বলিয়া গণ্য হইবে।

১৯। **ডিপজিটরিতে সিকিউরিটি ইস্যুয়ারের উদ্দ্যোক্তা ও পরিচালকের সিকিউরিটি সংরক্ষণের জন্য হস্তান্তরকরণ**।- কোন সিকিউরিটি যোগ্য সিকিউরিটি হিসাবে ঘোষিত হইলে ডিপজিটরি ও সংশ্লিষ্ট ইস্যুয়ারের সহিত ডিপজিটরির উপ-আইনের বিধান অনুযায়ী চুক্তিপত্র সম্পাদন পূর্বক সংশ্লিষ্ট ইস্যুয়ারের উদ্যোক্তা ও পরিচালকদের সিকিউরিটি ডিপজিটরিতে সংরক্ষনের জন্য দ্রুত অজড় করিতে হইবে।

তৃতীয় অধ্যায়
হিসাব সংরক্ষণ

২০। হিসাব সুবিধা।- (১) ডিপজিটরি নিম্নলিখিত হিসাব পরিচালনার জন্য সুবিধা প্রদান করিতে পারিবে, যথাঃ-

(ক) **ক্লিয়ারিং (clearing) হিসাব**।- ট্রেডিং অংশগ্রহণকারী, কাষ্টডি অংশগ্রহণকারী, সেটেলমেন্ট এজেন্ট অংশগ্রহণকারী এবং পূর্ণ সেবার অংশগ্রহণকারী ষ্টক এক্সচেঞ্জে লেনদেন নিস্পত্তির জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(খ) **প্রধান (principal) হিসাব**।- ট্রেডিং অংশগ্রহণকারী, কাষ্টডি অংশগ্রহণকারী এবং পূর্ণ সেবার অংশগ্রহণকারী তাহাদের নিজস্ব সিকিউরিটি সংরক্ষণের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(গ) **গ্রাহক (customer) হিসাব**।- পূর্ণ সেবার অংশগ্রহণকারী এবং কাষ্টডি অংশগ্রহণকারী বিনিয়োগকারীদের নামে সিকিউরিটি সংরক্ষণের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(ঘ) **মিলিত (omnibus) হিসাব**।- পূর্ণ সেবার অংশগ্রহণকারী এবং কাষ্টডি অংশগ্রহণকারী একাধিক বিনিয়োগকারীর হিসাব একসাথে সংরক্ষণের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(ঙ) **প্রত্যক্ষ (direct) হিসাব**।- ডিপজিটরি সরাসরি বিনিয়োগকারীদের সিকিউরিটি সংরক্ষণের জন্য এই হিসাব ব্যবহার করিতে পারিবে।

(২) ডিপজিটরির এমন ব্যবস্থা থাকিতে হইবে যাহাতে যে কোন হিসাব সহসা সনাক্ত করা যায়।

(৩) প্রতিটি হিসাব উপ-আইনে উল্লিখিত পদ্ধতিতে খোলা হইবে।

২১। প্রত্যক্ষ হিসাব।- (১) ডিপজিটরি কোন একক নামে শুধুমাত্র একটি প্রত্যক্ষ হিসাব খুলিতে পারিবে।

(২) প্রত্যক্ষ হিসাবের ধারক অন্য কোন ব্যক্তির সিকিউরিটি নিজের হিসাবে রাখিতে পারিবে না।

(৩) শুধুমাত্র লিখিত নির্দেশ মোতাবেক ডিপজিটরি প্রত্যক্ষ হিসাবের ধারকের সিকিউরিটি স্থানান্তর করিতে পারিবে।

(৪) লেনদেন হওয়া সাপেক্ষে, ডিপজিটরি প্রত্যক্ষ হিসাব ধারককে কোন লেনদেন সম্পন্ন হওয়ার পর হিসাবের মাসিক বিবরনী প্রদান করিবে যাহাতে পূর্ববর্তী বিবরণী হইতে বর্তমান বিবরণী পর্যন্ত সকল সিকিউরিটির লেনদেন লিপিবদ্ধ থাকিবে। কোন লেনদেন না থাকিলে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত বিবরণী দেওয়া যাইবে।

২২। **হিসাব মিলাইয়া দেখা**।- ডিপজিটরি ও উহার অংশগ্রহনকারীর এমন সিস্টেম তথা ব্যবস্থা থাকিবে যাহার মাধ্যমে ইস্যুয়ার, ডিপজিটরি এবং ডিপজিটরি অংশগ্রহণকারীর মধ্যে সিকিউরিটি সম্পর্কিত সঠিক হিসাব মিলাইয়া দেখা যায়। ইস্যুয়ার প্রতিবার, তাহার ডিপজিটরি রেজিষ্টারে কোন সিকিউরিটি অন্তর্ভুক্ত হইলে অথবা ডিপজিটরি রেজিষ্টার হইতে কোন সিকিউরিটি উত্তোলিত হইলে, ডিপজিটরির সহিত অজড় সিকিউরিটির স্থিতি মিলাইয়া দেখিবে।

২৩। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক হিসাব ধারক এর সহিত চুক্তি সম্পাদন**।- ডিপজিটরি অংশগ্রহনকারী, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত ফরমেট (format) অনুযায়ী, সকল হিসাব ধারকের সহিত চুক্তি সম্পাদন করিবে।

২৪। **ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক হিসাব ধারকের জন্য পৃথক হিসাব খোলা ইত্যাদি**।- (১) ডিপজিটরি অংশগ্রহণকারী উহার সকল হিসাব ধারকের জন্য, উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পৃথক হিসাব খুলিবে, উহাদের সিকিউরিটি পৃথক হিসাব অনুযায়ী সংরক্ষণ করিবে এবং এক হিসাবের সিকিউরিটি অন্য হিসাবের সিকিউরিটির সহিত মিলিত করিবে না।

(২) ডিপজিটরি অংশগ্রহণকারী, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত ফরমেট (format) অনুযায়ী, হিসাব ধারকের নিকট হইতে নির্দেশ পাওয়ার পর উহাদের হিসাবে সিকিউরিটি হস্তান্তর কার্যকর করিবে।

২৫। ডিপজিটরি অংশগ্রহণকারী কর্তৃক হিসাবের বিবরণী (statement) ইত্যাদি প্রদান।- ডিপজিটরি অংশগ্রহণকারী উহার সকল হিসাব ধারককে, উহাদের সহিত সম্পাদিত চুক্তি অনুযায়ী, তথা ডিপজিটরির উপ-আইনের বিধান অনুযায়ী, নির্দিষ্ট সময়ান্তে হিসাবের বিবরণী সরবরাহ করিবে।

২৬। ডিপজিটরি অংশগ্রহণকারীর সহিত হিসাব খোলা ইত্যাদি।- (১) ডিপজিটরির সেবা গ্রহণ করিতে ইচ্ছুক ব্যক্তি তাহার পছন্দমতো ডিপজিটরি অংশগ্রহণকারীর সহিত হিসাব খুলিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ব্যতিত কেহ একই অংশগ্রহণকারীর সহিত একাধিক হিসাব খুলিতে পারিবে না।

(২) ব্যক্তি শ্রেণীর এবং প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী কর্তৃক উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া তাহাদের পছন্দমতো ডিপজিটরি অংশগ্রহণকারীর নিকট উক্ত হিসাব খোলার আবেদন করিতে হইবে, এবং ডিপজিটরি অংশগ্রহণকারী তদপ্রেক্ষিতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করিবে।

(৩) উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ডিপজিটরি অংশগ্রহণকারীর সহিত রক্ষিত হিসাব বন্ধ করার আবেদন করা যাইবে, এবং ডিপজিটরি অংশগ্রহণকারী সেই অনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট হিসাব খাতে কোন প্লেজ (pledge) সিকিউরিটি থাকিলে উক্ত হিসাব, বন্ধক গ্রহিতার পূর্বানুমতি ব্যতিরেকে, বন্ধ করা যাইবে না।

চতুর্থ অধ্যায়

ডিপজিটরি অংশগ্রহণকারী

২৭। **ডিপজিটরি অংশগ্রহণকারীর (depository participant) নিবন্ধন**।- (১) এই প্রবিধানমালার অধীন প্রাপ্ত নিবন্ধন সনদ ব্যাতিরেকে কেহ ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে কাজ করিতে পারিবে না।

(২) কোন ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধনের জন্যঃ

(ক) কমিশন হইতে সনদপ্রাপ্ত ডিপজিটরির সুপারিশসহ কমিশনের নিকট তফসীল-'১' এ প্রদত্ত ছকে সংশ্লিষ্ট ডিপজিটরির মাধ্যমে আবেদন করিতে হইবে;

(খ) উক্ত আবেদনের ছকে উল্লিখিত দলিলপত্র ও তথ্য সহ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের বরাবরে প্রদেয় ফি বাবদ নিম্মোক্ত অংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করিতে হইবেঃ

ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে ..... টাকা ৫,০০০

অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে..... টাকা ১০,০০০

(গ) ডিপজিটরি, প্রাপ্ত আবেদনের নির্দিষ্ট অংশ পূরণ করিয়া উহা, উক্ত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সহ, সাত কার্যদিবসের মধ্যে কমিশনের নিকট দাখিল করিবে;

(ঘ) ডিপজিটরি যদি কোন আবেদন কোন কারণে কমিশনের বরাবরে নিবন্ধনের জন্য সুপারিশ করা যাইবে না বলিয়া স্থির করে তবে উহা উক্ত, কারণ উল্লেখপূর্বক, সাত কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে যাহার একটি অনুলিপি একইসাথে, প্রাপ্ত ড্রাফট বা পে-অর্ডারসহ, কমিশনেও প্রেরণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, যেই কারণে কমিশনের বরাবরে আবেদনটি সুপারিশ না করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে আবেদনকারী কর্তৃক উক্ত কারণ দূরীভূত করিয়া পুনরায় আবেদন করা যাইবে, এবং সেই ক্ষেত্রে পুনরায় ফি প্রদান করিতে হইবে না।

২৮। **ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধনের যোগ্যতা**।- কেহ এই প্রবিধানমালার অধীন ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধনের যোগ্য হইবে, যদি-

(১) আবেদনকারী নিম্নলিখিত যে কোন একটি শ্রেণীভুক্ত হয়, যথাঃ

(ক) আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ২৭ নম্বর আইন) এ সংজ্ঞায়িত কোন আর্থিক প্রতিষ্ঠান;

(খ) The Bank Companies Act, 1991 (XIV of 1991) এ সংজ্ঞায়িত কোন ব্যাংক কোম্পানী;

(গ) The Insurance Act, 1938 (IV of 1938) এ সংজ্ঞায়িত কোন বীমা কোম্পানী;

(ঘ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত কোন কোম্পানী বা অন্য কোন আইনের অধীন স্থাপিত বা গঠিত কোন সংবিধিবদ্ধ বা বিধিবদ্ধ সংস্থা;

(ঙ) কমিশন কর্তৃক অনুমোদিত কোন ক্লিয়ারিং কর্পোরেশন, ষ্টক এক্সচেঞ্জের ক্লিয়ারিং হাউজ ;

(চ) কমিশন হইতে সনদ প্রাপ্ত কোন কর্পোরেট ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার, সম্পদ ব্যবস্থাপক, কাষ্টডিয়ান বা অন্য কোন পুঁজিবাজার মধ্যস্থতাকারী ঃ

তবে শর্ত থাকে যে, ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকারের ক্ষেত্রে উহার নগদে পরিশোধিত মূলধন ন্যূনতম পঁচিশ লক্ষ টাকা হইতে হইবে যাহার মধ্যে অন্ততঃ ৭৫% সার্বক্ষণিক নীট সম্পদ (net worth) হিসাবে থাকিতে হইবেঃ

আরও শর্ত থাকে যে, ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার ট্রেডিং অংশগ্রহণকারী হইতে চাহিলে সেই ক্ষেত্রে উপরোক্ত শর্ত প্রযোজ্য হইবে নাঃ

অধিকন্তু শর্ত থাকে যে, ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার এর ক্ষেত্রে প্রবিধান ২৮, উপ-প্রবিধান (১) এর দফা (চ) এ উল্লিখিত কর্পোরেট সংক্রান্ত যোগ্যতা উহার জন্য বলবৎ কমিশনের সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এ উল্লিখিত সংশ্লিষ্ট বিধি প্রযোজ্য হইবে;

(ছ) কমিশন কর্তৃক সময় সময় এতদুদ্দেশে নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান; এবং

(২) আবেদনকারীর ডিপজিটরির উপ-আইন দ্বারা নির্ধারিত অবকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা এবং উপযুক্ত লোকবল থাকে।

২৯। **ডিপজিটরি অংশগ্রহণকারীর শ্রেণীবিভাগ**।- কোন ডিপজিটরি, উপ-আইনের শর্ত সাপেক্ষে, অংশগ্রহণকারীকে নিম্নলিখিত শ্রেণীতে ভাগ করিতে পারিবে, যথাঃ-

(ক) **ট্রেডিং (trading) অংশগ্রহণকারী**।- কেবলমাত্র ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার এই শ্রেনীর অংশগ্রহণকারী হইতে পারিবে এবং নিজস্ব হিসাব পরিচালনা সহ ষ্টক এক্সচেঞ্জের লেনদেন নিষ্পত্তির জন্য ক্লিয়ারিং হিসাব পরিচালনা করিতে পারিবে।

(খ) **পূর্ণ সেবার (full service) অংশগ্রহণকারী**।- এই শ্রেণীর অংশগ্রহণকারী নিজস্ব হিসাব, ক্লিয়ারিং হিসাব এবং বিনিয়োগকারীর হিসাব পরিচালনা করিতে পারিবে।

(গ) **কাষ্টডি (custody) অংশগ্রহণকারী**।- এই শ্রেণীর অংশগ্রহণকারী নিজস্ব হিসাব সহ তাহার গ্রাহকদের কাষ্টডি হিসাব এবং ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের ক্লিয়ারিং হিসাব পরিচালনা করিতে পারিবে।

(ঘ) **সেটেলমেন্ট এজেন্ট (settlement agent) অংশগ্রহণকারী**।- এই শ্রেণীর অংশগ্রহণকারী কমিশন কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং শুধুমাত্র কমিশনের সনদ প্রাপ্ত ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার এর পক্ষে ষ্টক এক্সচেঞ্জে সম্পাদিত লেনদেন নিষ্পত্তির জন্য সেবা প্রদান সংক্রান্ত হিসাব পরিচালনা করিতে পারিবে।

৩০। **ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধীকরণ**।- (১) ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধীকরণের জন্য কোন আবেদন প্রাপ্তির পর কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনটি এই প্রবিধানমালার অধীন মঞ্জুর করার যোগ্য তাহা হইলে, আবেদন প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে, কমিশন উহা মঞ্জুর করিবে এবং আবেদনকারীর অনুকূলে তফসীল-'২' এ প্রদত্ত ছকে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

(২) নিবন্ধীকরণের নিমিত্ত কোন আবেদন বিবেচনার জন্য আরও অধিক তথ্য প্রয়োজন হইলে কমিশন, আবেদন প্রাপ্তির সাত দিনের মধ্যে, উক্ত তথ্য তলব করিতে পারিবে; এবং কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উক্ত তথ্য প্রাপ্তির পর আবেদনটি গ্রহনযোগ্য হইলে কমিশন উহা মঞ্জুর করিবে এবং অতিরিক্ত তথ্য প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে আবেদনকারীর অনুকূলে নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৩) নিবন্ধীকরণের জন্য কোন আবেদন পরীক্ষার পর কমিশন যদি এই মর্মে সিদ্ধান্তে উপনীত হয় যে, আবেদনটি এই প্রবিধানমালার অধীন মঞ্জুর করার যোগ্য নহে, বা উহা মঞ্জুর করা পুঁজি বাজার বা জনস্বার্থের সহায়ক হইবে না, তাহা হইলে লিখিতভাবে কারণ উল্লেখ করিয়া উহা প্রাপ্তির পনের কার্যদিবসের মধ্যে, বা উপ-প্রবিধান (২) এর অধীন অধিক তথ্য প্রাপ্তির দশ কার্যদিবসের মধ্যে, কমিশন উহা নামঞ্জুর করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কারণ দূরীভূত করিয়া আবেদনকারী পুনরায় ডিপজিটরির মাধ্যমে কমিশনে আবেদন করিতে পারিবে।

(৪) কমিশন কর্তৃক প্রদত্ত কোন নিবন্ধন সনদ উহাতে উল্লিখিত শর্তাধীনে কার্যকর হইবে যাহা প্রদানের তারিখ হইতে এক বছর পর্যন্ত কার্যকর থাকিবে।

(৫) ডিপজিটরির অংশগ্রহণকারী কর্তৃক সরবরাহকৃত কোন তথ্য পরবর্তীকালে পরিবর্তিত হইলে উহা ডিপজিটরি এবং কমিশনকে তাৎক্ষণিকভাবে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৬) প্রতি বছরের জন্য কমিশনের বরাবরে প্রদেয় নবায়ন ফি বাবদ নিম্মোক্ত অংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সহ ডিপজিটরির মাধ্যমে তফসীল-৩' এ প্রদত্ত ছকে একটি আবেদন কমিশনে দাখিল করতঃ কোন নিবন্ধন সনদ পরবর্তী এক বছরের জন্য নবায়ন করা যাইবেঃ

ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ২,০০০

অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ৪,০০০

(৭) উপ-প্রবিধান (৬) এ উল্লিখিত নিবন্ধন সনদ নবায়নের আবেদন নিবন্ধন সনদে উল্লিখিত মেয়াদ অতিক্রান্ত হওয়ার এক মাস পূর্বেই কমিশনে দাখিল করিতে হইবে; ব্যর্থতায় প্রতি বিলম্বিত দিনের জন্য টাকা ৫০০ হারে জরিমানা কমিশনে জমা করিতে হইবে।

৩১। **গ্রাহকের সহিত চুক্তি**।- (১) অংশগ্রহণকারী কর্তৃক গ্রাহকের হিসাব এবং মিলিত হিসাব সংরক্ষণ করার ক্ষেত্রে প্রত্যেক গ্রাহকের সহিত লিখিত চুক্তি থাকিতে হইবে।

(২) উক্ত চুক্তিপত্রের ধরন ডিপজিটরির উপ-আইন দ্বারা নির্ধারিত হইবে।

৩২। **ডিপজিটরি অংশগ্রহণকারী কর্তৃক হিসাবের উপর নিয়ন্ত্রণ**।- (১) ক্লিয়ারিং হিসাবে রক্ষিত সিকিউরিটি ব্যতিত গ্রাহকের সিকিউরিটি হইতে অংশগ্রহণকারীর সিকিউরিটি পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে।

(২) ট্রেডিং অংশগ্রহণকারী, কাষ্টডি অংশগ্রহণকারী, সেটেলমেন্ট এজেন্ট অংশগ্রহণকারী এবং পূর্ণ সেবার অংশগ্রহণকারী লেনদেন নিস্পত্তির জন্য উপ-আইন মোতাবেক ক্লিয়ারিং হিসাব খুলিতে পারিবে।

(৩) পূর্ণ সেবার অংশগ্রহণকারী এবং কাষ্টডি অংশগ্রহণকারী বিনিয়োগকারীর নামে হিসাব এবং, পারস্পরিক চুক্তি সাপেক্ষে, মিলিত হিসাব খুলিতে পারিবে।

(৪) সেটেলমেন্ট এজেন্ট অংশগ্রহণকারী তাহার গ্রাহক অর্থাৎ ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলারের জন্য ক্লিয়ারিং হিসাব খুলিতে পারিবে।

(৫) ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার কর্তৃক তাহাদের গ্রাহকের নিকট হইতে কেবলমাত্র বিক্রয় আদেশ পাওয়ার পরই গ্রাহকের হিসাব হইতে ক্লিয়ারিং হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে হইবে। বিক্রয় আদেশ কার্যকর করা হইলে দিনের কার্যদিবস শেষ হইবার আগেই তাহা ক্লিয়ারিং হিসাবে স্থানান্তর করা হইবে। বিক্রয় আদেশ বাতিল করা হইলে দিনের কার্যদিবস শেষ হইবার আগেই তাহা ক্লিয়ারিং হিসাব হইতে গ্রাহকের হিসাবে পুনরায় স্থানান্তর করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন হইতে নিবন্ধন সনদ প্রাপ্ত কাষ্টডিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাহাদের জন্য এতদসংক্রান্ত বিদ্যমান বিধান প্রযোজ্য হইবে।

(৬) ষ্টক এক্সচেঞ্জের মাধ্যমে কৃত লেনদেন সংশ্লিষ্ট সেটেলমেন্ট নিয়ম অনুযায়ী নিস্পত্তি হইবে।

(৭) অংশগ্রহণকারী সকল সময়ে ক্লিয়ারিং এবং মিলিত হিসাবের প্রকৃত মালিকানা সংক্রান্ত বিবরণী সংরক্ষণ করিবে এবং ডিপজিটরি অথবা কমিশন এর চাহিদা মোতাবেক উহা সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

৩৩। **ডিপজিটরি অংশগ্রহণকারী কর্তৃক কার্যকর ইলেকট্রনিক সংযোগ সংরক্ষণ ইত্যাদি**।- ডিপজিটরি অংশগ্রহণকারী, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত পদ্ধতিতে, উহা যে ডিপোজিটরির অংশগ্রহণকারী তাহার সহিত, কার্যকর ইলেকট্রনিক সংযোগ সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করিবে।

৩৪। **ডিপজিটরি অংশগ্রহণকারীর তথ্য, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ**।- (১) উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ডিপজিটরি অংশগ্রহণকারী কর্তৃক যথাযথ তথ্য, রেকর্ড ইত্যাদি সংরক্ষণ নিশ্চিতির নিমিত্তে উহার অভ্যন্তরীণ মূল্যায়ন ও নিরীক্ষার পর্যাপ্ত ব্যবস্থা থাকিতে হইবে।

(২) ডিপজিটরি অংশগ্রহণকারী কর্তৃক ডিপজিটরির সহিত উহার রেকর্ড প্রত্যেক কর্মদিবসে মিলাইয়া দেখিতে হইবে।

(৩) ডিপজিটরি অংশগ্রহনকারী কর্তৃক, ডিপজিটরির উপ-আইনে বর্ণিত পদ্ধতিতে, নির্দিষ্ট সময় সমাপ্তিতে ডিপজিটরির নিকট নির্দিষ্ট ছকে রিটার্ন (return) জমা দিতে হইবে।

(৪) কমিশন কর্তৃক চাহিবামাত্র চাহিদাপত্রে উল্লিখিত তথ্য প্রত্যেক ডিপজিটরি অংশগ্রহণকারী কমিশনকে সরবরাহ করিবে।

(৫) ডিপজিটরি অংশগ্রহণকারী, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত তথ্য কমিশন, ডিপজিটরি বা কমিশন কর্তৃক নির্দেশিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দ্বারা পরিদর্শন ও পরীক্ষার জন্য সর্বদা সংরক্ষণ করিবে ও প্রস্তুত রাখিবে, যথাঃ-

(ক) ডিপজিটরি এবং হিসাব ধারক এর প্রত্যেকটি লেনদেন সংক্রান্ত তথ্য;

(খ) ডিপজিটরি অংশগ্রহণকারীর মাধ্যমে সম্পাদিত অজড় (dematerialized) এবং পুনঃজড়কৃত (rematerialized) সিকিউরিটি সম্পর্কিত সকল রেকর্ড;

(গ) প্রত্যেক হিসাব ধারকের নিকট হইতে প্রাপ্ত সকল নির্দেশ এবং তাহাদের নিকট প্রেরিত হিসাবের ষ্টেটমেন্টের কপি; এবং

(ঘ) প্লেজ সংক্রান্ত সকল তথ্য।

(৬) ডিপজিটরি অংশগ্রহণকারী উহার তথ্য, রেকর্ড ইত্যাদি কোন স্থানে সংরক্ষণ করিতেছে তাহা কমিশন ও ডিপজিটরিকে পূর্বেই লিখিতভাবে জানাইয়া দিবে এবং উহার কোন পরিবর্তনও তাৎক্ষণিকভাবে কমিশন ও ডিপজিটরিকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৭) প্রযোজ্য অন্য কোন আইনের বিধান পালন সাপেক্ষে, ডিপজিটরি অংশগ্রহনকারী উহার তথ্য, রেকর্ড এবং ডকুমেন্ট ন্যূনতম সাত বৎসর সংরক্ষণ করিবে।

৩৫। **একাধিক ডিপজিটরির অংশগ্রহণকারীর ক্ষেত্রে পৃথক তথ্য সংরক্ষণ**।- কেহ একাধিক ডিপজিটরির অংশগ্রহণকারী হইলে প্রবিধান ৩৪ এ উল্লিখিত তথ্য, রেকর্ড ইত্যাদি প্রত্যেক ডিপজিটরির জন্য পৃথক ভাবে সংরক্ষণ করিবে।

৩৬। **ডিপজিটরি অংশগ্রহণকারীর কার্যাবলী পরিদর্শন**।- ডিপজিটরি অংশগ্রহণকারী যে কোন সময় কমিশন বা ডিপজিটরি কর্তৃক নিযুক্ত কোন অনুমোদিত ব্যক্তিকে উহার কার্যালয়ে প্রবেশ এবং উহার কার্যাবলী, রেকর্ড, ইত্যাদি পরিদর্শন করিতে দিতে বাধ্য থাকিবে।

৩৭। **ডিপজিটরি অংশগ্রহণকারীর কার্যাবলী অর্পনে (delegation) নিষেধাজ্ঞা**।- কোন ডিপজিটরি অংশগ্রহণকারী উহার ডিপজিটরি অংশগ্রহণকারীর কার্য, ডিপজিটরির পূর্বানুমতি ব্যতিত, অন্যের নিকট অর্পন করিতে পারিবে না।

পঞ্চম অধ্যায়

সিকিউরিটি অজড় বা পুনঃজড়করণ

৩৮। **সিকিউরিটি অজড় করার জন্য জমা দেওয়া ইত্যাদি**।- (১) ডিপজিটরি কোন সিকিউরিটি অজড় করার যোগ্য ঘোষণা করিলে উক্ত সিকিউরিটির মালিক ডিপজিটরিতে অথবা ডিপজিটরি অংশগ্রহণকারীর সাথে হিসাব খুলিয়া নিজস্ব নামের সিকিউরিটি, অথবা কাষ্টডিয়ান হইলে তাহার গ্রাহকের নামের সিকিউরিটি, অজড় করার জন্য ইস্যুয়ারের নিকট জমা দিতে পারিবে।

৩৯। **অজড়কৃত সিকিউরিটি পুনঃজড় অবস্থায় পরিবর্তন**।- উপ-আইনের বিধান সাপেক্ষে, কেহ ইচ্ছা করিলে তাহার হিসাবে জমাকৃত অজড় সিকিউরিটিকে পুনরায় জড় অবস্থায় পরিবর্তন করিতে পারিবে।

৪০। সিকিউরিটি অজড় এবং পুনঃজড় করার প্রক্রিয়া (procedure) উপ-আইন দ্বারা নির্ধারিত হইবে।

ষষ্ঠ অধ্যায়

সিকিউরিটির মালিকানায় পরিবর্তন

৪১। **সিকিউরিটির মালিকানায় পরিবর্তনের ক্ষেত্রে মূল্য পরিশোধের নিশ্চয়তা**।- ডিপজিটরি এই মর্মে নিশ্চিত করিবে যে, উহার এমন ব্যবস্থা রহিয়াছে যাহার মাধ্যমে ষ্টক এক্সচেঞ্জে সিকিউরিটি লেনদেনের বেলায়, প্রযোজ্য ক্ষেত্রে, মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রাপ্তির পরই কেবল সিকিউরিটির মালিকানা হস্তান্তরিত হইবে।

৪২। **ষ্টক এক্সচেঞ্জে লেনদেন ব্যতিত সিকিউরিটির মালিকানা এক হিসাব হইতে অন্য হিসাবে স্থানান্তর ইত্যাদি**।- (১) ডিপজিটরি অংশগ্রহণকারী উহার হিসাব ধারকের লিখিত অনুমতি ব্যতিত কোন সিকিউরিটি স্থানান্তর করিতে পারিবে না।

(২) কোন হিসাব ধারক বা প্রত্যক্ষ হিসাব ধারক তাহার হিসাব হইতে অন্য হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া, প্রযোজ্য ক্ষেত্রে ষ্টক এক্সচেঞ্জ বা কমিশনের অনুমতিপত্র সহ, ডিপজিটরি অংশগ্রহণকারীর বা ডিপজিটরির নিকট জমা দিবে। ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি তাৎক্ষণিক ভাবে উক্ত ফরমে প্রদত্ত তথ্যাদির যথার্থতা পরীক্ষা করিয়া সঠিক পাইলে তবে তাহা উহার সিস্টেমে লিপিবদ্ধ করিবে।

(৩) কোন হিসাব ধারক বা প্রত্যক্ষ হিসাব ধারক তাহার হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরির নিকট হস্তান্তর করিবে এবং ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরি তাহা উহার সিস্টেমে লিপিবদ্ধ করিবে।

(৪) কেহ ইচ্ছা করিলে ডিপজিটরি অংশগ্রহণকারীকে সুনির্দিষ্ট সময় বা সকল সময়ের জন্য বলবৎ সিকিউরিটি হস্তান্তর সংক্রান্ত নির্দেশ দিতে পারিবে এবং সেই ক্ষেত্রে তাহাকে প্রতিবার উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিতে হইবে না।

(৫) যখন সিকিউরিটি হস্তান্তর এবং স্থানান্তর আদেশ মিলিয়া যাইবে তখন স্বয়ংক্রিয় পদ্ধতিতে সিকিউরিটি এক হিসাব হইতে অন্য হিসাবে অবিলম্বে স্থানান্তর ও হস্তান্তর হইতে হইবে।

(৬) ভুল লিপিবদ্ধতার কারণে ডিপজিটরি যদি কোন সিকিউরিটির স্থানান্তর বা হস্তান্তর করিতে না পারে তবে সেই ক্ষেত্রে অবিলম্বে এই ব্যাপারে পরীক্ষা বা অনুসন্ধান শেষ না হওয়া পর্যন্ত ডিপজিটরি উহা একটি সাময়িক হিসাব খাতে জমা করিবে।

(৭) কোন হিসাব ধারক বা প্রত্যক্ষ হিসাব ধারকের মৃত্যু হইলে তাহার বৈধ ওয়ারিস উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ট্রান্সমিশন (transmission) এর জন্য যে ডিপজিটরি অংশগ্রহণকারী বা ডিপজিটরির নিকট সিকিউরিটি গচ্ছিত আছে উহার নিকট আবেদন করিবে। হিসাব ধারকের ক্ষেত্রে অংশগ্রহণকারী এবং প্রত্যক্ষ হিসাব ধারকের ক্ষেত্রে ডিপজিটরি প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষা পূর্বক ট্রান্সমিশন কার্যকর করিবে।

৪৩। **ডিপজিটরি রেজিষ্টারে লিপিবদ্ধ মালিকানাধারী ব্যক্তি সম্পর্কে ইস্যুয়ারকে তথ্য সরবরাহ।**- (১) প্রত্যেক ডিপজিটরি নিয়মিতভাবে ইস্যুয়ারকে অর্ধ-বার্ষিক প্রতিবেদন প্রেরণ, বার্ষিক প্রতিবেদন প্রেরণ, ক্যাশ অথবা ষ্টক ডিভিডেন্ড প্রেরণ, রেজিষ্টারের নিকট রিটার্ন দাখিল ইত্যাদির জন্য ঐ ইস্যুয়ারের ডিপজিটরি রেজিষ্টারে লিপিবদ্ধ সিকিউরিটির মালিকানার তথ্য (নাম, ঠিকানা, সিকিউরিটির সংখ্যা, ইত্যাদি) সিস্টেমের মাধ্যমে সরবরাহ করিবে এবং ইস্যুয়ার উক্ত তথ্য অনুযায়ী কাজ করিবে।

(২) তথ্য আদান-প্রদান সংক্রান্ত যাবতীয় পদ্ধতি (procedure) উপ-আইন দ্বারা নির্ধারিত হইবে।

সপ্তম অধ্যায়

অন্যান্য সুবিধা প্রদান

৪৪। **প্লেজ সুবিধা।**- (১) ডিপজিটরি অথবা ডিপজিটরির অংশগ্রহণকারী উহার গ্রাহককে প্লেজ সুবিধা দিতে পারিবে।

(২) প্লেজ এর জন্য ডিপজিটরির উপ-আইনে প্রদত্ত প্লেজ এর অনুরোধ ফরম (pledge request form) প্লেজ দাতা এবং প্লেজ গ্রহিতার স্বাক্ষরসহ জমা দিলে ডিপজিটরি অথবা ডিপজিটরির অংশগ্রহণকারী প্লেজ কার্যকর করিবে।

(৩) প্লেজ থাকা অবস্থায় ডিপজিটরির হিসাবে উহা প্লেজদাতার নামে লিপিবদ্ধ থাকিবে।

(৪) যেই সিকিউরিটি প্লেজ রাখা হইয়াছে উহা প্লেজ থাকাকালীন, প্লেজ গ্রহিতার নির্দেশে, উপ-আইন দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, হস্তান্তর করা যাইবে।

৪৫। **সিকিউরিটি ধার দেওয়া ও নেওয়া সংক্রান্ত সুবিধা।**- কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে, ডিপজিটরি, কমিশন কর্তৃক জারিকৃত সিকিউরিটি ধার দেওয়া-নেওয়া সংক্রান্ত বিধিমালার বিধান সাপেক্ষে, সিকিউরিটি ধার দেওয়া ও নেওয়া সংক্রান্ত সুবিধা প্রদান করিতে পারিবে।

৫২। **ডিপজিটরি ও অন্যান্যের অধিকার ও দায়-দায়িত্ব**।- ডিপজিটরি, ডিপজিটরি অংশগ্রহণকারী, ইস্যুয়ার এবং ইস্যুয়ারের এজেন্টের অধিকার ও দায়-দায়িত্ব ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালাসহ এই প্রবিধানমালা, ডিপজিটরির উপ-আইন এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে সম্পাদিত আইনানুগ চুক্তির মাধ্যমে নির্ধারিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে কখনো কোন সমস্যা উদ্ভূত হইলে তখন এই ব্যাপারে প্রদত্ত কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৩। **শাস্তি**।- এই প্রবিধানমালার কোন প্রবিধান বা উহার অধীন প্রদত্ত নির্দেশ লংঘনকারীর তথা কমিশনের তদন্তে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে কমিশন, আইন দ্বারা প্রযোজ্য শাস্তির অতিরিক্ত শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে, সংশ্লিষ্ট নিবন্ধন সনদ বা সনদের কার্যকারিতা স্থগিত বা বাতিল করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তিকে কারণ দর্শানো সহ শুনানীর সুযোগ প্রদান ব্যতিরেকে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, সংক্ষুব্ধ ব্যক্তি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ এর অধীনে কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনে আপীল করিতে পারিবে যাহা উক্ত প্রবিধানমালা অনুযায়ী নিষ্পত্তি করা হইবে।

৫৪। **ইংরেজী অনুবাদ পাঠ প্রকাশ**।- এই প্রবিধানমালা প্রবর্তনের পর কমিশন বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজী অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে যাহা এই প্রবিধানমালার অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই প্রবিধানমালা প্রাধান্য পাইবে।

তফসীল-১

[প্রবিধান ২৭, উপ-প্রবিধান (২)]

ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধনের আবেদন

[সংবিধিবদ্ধ সংস্থা, ব্যাংক বা বীমা কোম্পানী, ষ্টক ডিলার বা ষ্টক ব্রোকার হইলে কেবলমাত্র ১ হইতে ৭ নং ক্রমিকে উল্লিখিত তথ্যাবলী প্রদান করিলে চলিবে।]

১। আবেদনকারীর নাম ঃ

২। আবেদনকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডিপজিটরি ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে]

৩। আবেদনকারী যে ডিপটিজরির অংশগ্রহণকারী হইতে ইচ্ছুক উহার-

(ক) নাম ও ঠিকানা ঃ

(খ) কোড নং ঃ

(গ) কোড প্রদানের তারিখ ঃ

৪। আবেদনকারী কোন শ্রেণীর সেবা প্রদান এর জন্য সনদ প্রার্থী ঃ .....অংশগ্রহণকারী

৫। আবেদনকারীর আইনগত মর্যাদা (অপ্রযোজ্যটি কাটিয়া দিন। সংবিধিবদ্ধ সংস্থা, ব্যাংক বা বীমা কোম্পানী হইলে সংশ্লিষ্ট আইন/রেজিষ্ট্রেশন সনদের সত্যায়িত ছায়ালিপি এবং সর্বশেষ নিরীক্ষিত বার্ষিক বিবরণী সংযুক্ত করিতে হইবে)। ঃ কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা

৬। আবেদনকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম (ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)। ঃ

৭। আবেদনকারীর (ক) অফিসের ফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর- ঃ

(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন, ফ্যাক্স, ই-মেইল নম্বর-

৮। আবেদনকারী কোন কোম্পানী হইলে কোম্পানীর পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ। ঃ

৯। আবেদনকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

১০। আবেদনকারীর নীট মূলধন স্থিতি (.....তারিখে) [নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]। ঃ

১১। আবেদনকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কিনা? ঃ

১২। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু ঃ

কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে?

১৩। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়? ঃ

১৪। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা? ঃ

১৫। আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) এর - ঃ

(ক) নাম

(খ) পিতার নাম

(গ) স্থায়ী ঠিকানা

(ঘ) বর্তমান ঠিকানা

(ঙ) অফিসের ঠিকানা

(চ) শিক্ষাগত যোগ্যতা

১৬। আবেদনকারীর কর্মচারীর সংখ্যা ঃ

১৭। অন্যান্য তথ্যাদি ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

.....এর পক্ষে

তারিখ: .....

.....
আবেদনকারীর স্বাক্ষর ও সীল

ডিপজিটরির সুপারিশ/মন্তব্য

তারিখ: .....

.....
প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

তফসীল-২

[প্রবিধান ৩০, উপ-প্রবিধান (১)]

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ

নিবন্ধন সনদ নং..... সনদ প্রদানের তারিখ.....

ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৩০ মোতাবেক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা..... (নাম লিখুন)..... ঠিকানা .....কে (ডিপজিটরির নাম) এর নিবন্ধিত..... অংশগ্রহণকারী হিসাবে কাজ করার জন্যে এই নিবন্ধন সনদ প্রদান করিল।

এই নিবন্ধন সনদ.....তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদের পশ্চাতে প্রদত্ত নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে-

(সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর)

নাম:.....

পদবী:.....

সীল

সনদ নবায়ন

নিবন্ধন সনদ নং..... তারিখ: .....

যে তারিখ পর্যন্ত নবায়িত	পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি (প্রযোজ্য হইলে)	নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

তফসীল-৩

[প্রবিধান ৩০, উপ-প্রবিধান (৬)]

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়ন

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদের নবায়নের আবেদন

১। অংশগ্রহণকারীর নাম ও শ্রেণী ঃ

২। নিবন্ধন সনদ নং ঃ

৩। সনদ প্রদান, সর্বশেষ নবায়ন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ

৪। পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) ঃ

(ক) স্থায়ী

(খ) বর্তমান

(গ) অফিস

(ঘ) টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল নম্বর

৫। অংশগ্রহণকারীর প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের ব্যাপারে কোন কাঠামোগত বা আইনগত পরিবর্তন হইলে উহার সংক্ষিপ্ত বর্ণনা ঃ

(কোন পরিবর্তন হইয়া থাকিলে উহা পরিবর্তনের অনুলিপিসহ তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডিপজিটরি ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

.....এর পক্ষে

তারিখ: .....

.....
আবেদনকারীর স্বাক্ষর ও সীল

ডিপজিটরির সুপারিশঃ

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে..... (নাম লিখুন)
ঠিকানা .....এই ডিপজিটরির.....অংশগ্রহণকারী।
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক তাহার নিবন্ধন সনদ.....তারিখ পর্যন্ত নবায়নের জন্য সুপারিশ করা হইল।

তারিখঃ.....

.....
(প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও সীল)

তফসীল-৪

[প্রবিধান ৪৮]

ডিপজিটরি প্রদত্ত সেবার ফি

ক্রমিক নং	ফি এর খাত	ফি হার	ন্যূনতম ফি (টাকায়)	ফি নির্ধারনের ভিত্তি	পরিশোধকারী	কখন প্রদেয়
১।	অজড় (demat) ফি	টাকা ০.০০০২৫	৫	সিকিউরিটির বাজার মূল্য	অংশগ্রহণকারী	মাস শেষে
২।	লেনদেন (transaction) ফি	টাকা ০.০০০২৫	৫	ঐ	অংশগ্রহণকারী/ হিসাবধারক	ঐ
৩।	কাষ্টডি (custody) ফি	বাৎসরিক ০.০৫০%	৫	ঐ	ঐ	ঐ (দৈনিক হিসাবের ভিত্তিতে)
৪।	ডিপটিজরির সংযোগ ফি	মাসিক টাকা ৫০০	---	প্রথম সংযোগের জন্যে মাসিক নির্দিষ্ট ফি	অংশগ্রহণকারী/ ইস্যুয়ার	মাসিক অগ্রীম
৫।	ডিপজিটরির অতিরিক্ত সংযোগ ফি	মাসিক টাকা ৫,০০০	---	প্রতিটি অতিরিক্ত সংযোগের জন্যে মাসিক নির্দিষ্ট ফি	ঐ	ঐ
৬।	ইস্যুকৃত যোগ্য সিকিউরিটির অভিহিত মূল্যের (face value) উপর বার্ষিক ফিঃ -পাঁচ কোটি টাকা পর্যন্ত -পাঁচ কোটি টাকার উর্ধে তবে বিশ কোটি টাকা পর্যন্ত -বিশ কোটি টাকার উর্ধে	টাকা ২৫,০০০ টাকা ৫০,০০০ টাকা ১,০০,০০০	--- --- ---	প্রতিটি যোগ্য সিকিউরিটির জন্যে বার্ষিক নির্দিষ্ট ফি	ইস্যুয়ার	বার্ষিক অগ্রীম
৭।	নতুন ইস্যু/আইপিও (IPO) ফি	টাকা ০.০০০২৫	---	ইস্যুর মূল্য	ইস্যুয়ার/ অংশগ্রহণকারী	আবেদনের সাথে/ মাস শেষে
৮।	পুনঃজড় (remat) ফি	টাকা ০.১০	১০০	প্রতিটি সিকিউরিটি	অংশগ্রহণকারী/ সরাসরি হিসাব ধারক	মাস শেষে
৯।	দালিলিক (documentation) ফি	টাকা ২,৫০০	---	এককালীন, নির্দিষ্ট	অংশগ্রহণকারী/ ইস্যুয়ার/সরাসরি হিসাব ধারক	হিসাব খোলার সময়
১০।	ষ্টেটমেন্টের (statement) জন্যে আবেদন ফি/ ষ্টেটমেন্ট পরীক্ষণ (verification) ফি	টাকা ১০	---	প্রতি পৃষ্ঠা	হিসাব ধারক	আবেদনের সাথে

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
এর পক্ষে

মনির উদ্দিন আহমেদ
চেয়ারম্যান